NARSINGHA
ই-পেপার: www.ekdin-epaper.com
# একদিন
EKDIN
এগিয়ে চলার সঙ্গী






৪ নই 'সবার', কেন 'যে-যার'
সাইবার প্রতারণা, গ্রেপ্তার ৭ ৭

কলকাতা ১৫ নভেম্বর ২০২৪ ২৯ কার্তিক ১৪৩১ শুক্রবার অষ্টাদশ বর্ষ ১৫৪ সংখ্যা ৮ পাতা ৩.০০ টাকা ■ Kolkata 15.11.2024, Vol.18, Issue No. 154 8 Pages, Price 3.00

## রণক্ষেত্র রাজস্থান, ধৃত ৬০

**জয়পুর, ১৪ নভেম্বর:** মহকুমাশাসক অমিত চৌধরিকে নির্দল প্রার্থী নরেশ মীনার চড় মারার ঘটনাকে কেন্দ্র করে বুধবার থেকেই উত্তাল রাজস্থানের টঙ্ক জেলা। বৃহস্পতিবার সেই উত্তাপ আরও ছড়াল নরেশকে গ্রেপ্তার করতে গিয়েই। বিশাল পুলিশবাহিনী পুরো প্রস্তুতি নিয়ে নরেশকে গ্রেপ্তার করতে যেতেই তাঁর সমর্থকরা পুলিশকে ঘিরে ধরেন। পুলিশ জানিয়েছে, নরেশের ৬০ সমর্থককে গ্রেপ্তার করা হয়েছে। দফায় দফায় দু'পক্ষের মধ্যে সংঘর্ষ হয়। বেশ কিছুক্ষণ ধরে নাটকীয় ঘটনার পর অবশেষে গ্রেপ্তার করা হয় নরেশকে। আর তিনি গ্রেপ্তার হতেই ধুন্ধুমার কাণ্ড বাধান তাঁর সমর্থকেরা। রাস্তা অবরোধ করেন। বেশ কয়েকটি গাড়ি জ্বালিয়ে দেন। পুলিশের উপর হামলার চেষ্টা করেন তাঁরা। পরিস্থিতি সামাল দিতে পুলিশ পাল্টা লাঠিচার্জ করে। কাঁদানে গ্যাস ছোড়ে।

### বিজেপির হাত ছাড়ল

**চেন্নাই, ১৪ নভেম্বর:** আর বিজেপির হাত ধরার প্রশ্ন নেই। আরও একবার স্পষ্ট করে দিল তামিলনাড়ুর প্রধান বিরোধী দল এআইএডিএমকে। ফলে যা পরিস্থিতি তাতে আসন্ন তামিলনাড়ু বিধানসভা নির্বাচনে কার্যত একাই ছোট সঙ্গীদের সঙ্গে নিয়ে লড়তে হবে বিজেপিকে।

### ঋতুচক্রে একদিন ছুটি

**ইটানগর, ১৪ নভেম্বর:** মহিলাকর্মীদের জন্য বিশেষ ব্যবস্থা করল অরুণাচল প্রদেশের ইটানগর ক্যাপিটাল রিজিয়ন পুলিশ। তাদের ঘোষণা, এ বার থেকে মহিলা পুলিশকর্মীরা প্রতি মাসে এক দিন করে ঋতুকালীন ছুটি পাবেন। বুধবার একটি সরকারি বিজ্ঞপ্তি প্রকাশ করেছেন এসপি (ক্যাপিটাল) রোহিত রাজবীর সিং। তাতে জানানো হয়েছে, ঋতুচক্রের প্রথম বা দ্বিতীয় দিনে ছুটি নিতে পারবেন মহিলা পুলিশ কর্মীরা। নতুন নীতি মেনে সেই ছুটি সবেতন হবে।

### কমছে না রক্তক্ষরণ

**নয়াদিল্লি, ১৪ নভেম্বর:** শেয়ারবাজারে পতন থামার নামগন্ধ নেই। টানা ষষ্ঠ সেশনেও নিম্নমুখী সূচক। ফলে লদীবারেও লগ্নিকারীদের হল না লদীলাভ। বৃহস্পতিবার, ১৪ নভেম্বর ১০০ পয়েন্ট পড়েছে সেনসেক্স। অন্যদিকে নিফটিতে পতন দেখা গিয়েছে ২০ পয়েন্ট। শেষ ছয় সেশনে কয়েক লক্ষ কোটি হারিয়েছেন বিনিয়োগকারীরা।

### ফের বোমাতঙ্ক

**মুম্বই, ১৪ নভেম্বর:** বিমানে ও বিমানবন্দরে বোমাতঙ্ক অব্যাহত। বুধবার সন্ধ্যায় মুম্বইয়ের ছত্রপতি শিবাজি মহারাজ বিমানবন্দর উড়িয়ে দেওয়ার হুমকি ফোন আসে সিআইএসএফের কন্ট্রোল রুমে। যার পর হুলস্থুল পড়ে গিয়েছিল। অন্যদিকে বোমাতঙ্কের জেরে নাগপুর থেকে কলকাতাগামী উড়ান জরুরি অবতরণ করল ছত্তিশগড়ের রায়পুর বিমানবন্দরে।

# পাহাড়ে নিজের জমি শক্ত করতে অনীতের ক্ষমতা বাড়ালেন মমতা

**নিজস্ব প্রতিবেদন:** পাহাড়ের নেতা বিনয় তামাং তৃণমূলে যোগ দিয়েছিলেন। তার পর তিনি তৃণমূল ছেড়েও দিয়েছেন। পাহাড় থেকেই শান্তা ছেত্রীকে রাজ্যসভায় পাঠিয়েছিল বাংলার শাসকদল। কিন্তু তিনিও রাজনীতির মূলস্রোত থেকে কার্যত হারিয়েই গিয়েছেন। এমন নানা পরীক্ষা-নিরীক্ষা করেও পাহাড়ের তিন বিধানসভায় রাজনৈতিক জমি এখনও শক্ত করতে পারেনি তৃণমূল। কিন্তু পাহাড়ের প্রশাসনকে গতিশীল রাখতে চান মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। যে কারণে একদা বিমল গুরুংয়ের আধিপত্য ভাঙতে যে ১৬টি উন্নয়ন বোর্ড তৈরি করেছিল রাজ্য সরকার, মঙ্গলবার সেগুলি ভেঙে দিয়ে নতুন করে গড়ার কথা জানিয়েছেন মুখ্যমন্ত্রী, যার মাথায় থাকবেন বর্তমান জিটিএ প্রধান অনীত থাপা। পাহাড়ের রাজনীতিতে যা অনীতের 'ক্ষমতাবৃদ্ধি'র সূচক হিসাবেই ধরে নেওয়া হচ্ছে।



একটা সময়ে গুরুংয়ের গোর্খা জনমুক্তি মোর্চাতেই ছিলেন অনীত। কিন্তু ক্ষমতার বলে গুরুং যখন পাহাড়ে একচ্ছত্র আধিপত্য কায়েম করেন, তখন তাঁর সঙ্গে সংঘাতে জড়িয়ে পড়েন অনীত এবং বিনয়। পরে অনীত-বিনয় পুরনো দল ছেড়ে বেরিয়ে তৈরি করেন ভারতীয় গোর্খা প্রজাতান্ত্রিক মোর্চা। সেই দল থেকে আবার বিনয় বেরিয়ে যোগ দেন তৃণমূলে। সেই থেকে দলের সর্বেসর্বা অনীতই। তাঁর ক্ষমতা আরও বাড়িয়ে দিলেন মমতা। লেপচা, ভুটিয়া-সহ পাহাড়ের জনজাতি অংশের জন্য আলাদা আলাদা করে ১৬টি উন্নয়ন বোর্ড গড়েছিল রাজ্য সরকার। ওই বোর্ডগুলি স্বাধীনভাবে তাদের কাজ করত। সেই বাবদে বিভিন্ন দপ্তর থেকে অর্থ পেত। সেই অর্থ খরচ করত বোর্ডগুলিই। কিন্তু এ বার থেকে তা আর হবে না। মুখ্যমন্ত্রী জানিয়ে দিয়েছেন, ওই বোর্ডগুলির কাজ পরিচালনা করবে একটি তদারকি কমিটি। সেই কমিটিরও মাথায় থাকবেন অনীত। ওই কমিটিগুলি যে অর্থ পাবে বা খরচ করবে, তা তাদের অডিট করাতে হবে। সে দিক থেকে অনীতের হাতে আর্থিক বিষয়ও দেখভালের সুযোগ রইল। এই ভাঙাগড়ার প্রক্রিয়া নিজেই করেছেন মমতা। প্রশাসনিক সূত্রে খবর, এ ব্যাপারে আর কাউকে তিনি মধ্যস্থতা করতে দেননি। হতে পারে সে কারণেই উত্তরবঙ্গ উন্নয়নমন্ত্রী উদয়ন গুহ বলেছেন, 'ভবিষ্যতের কথা চিন্তা করেই মুখ্যমন্ত্রী যা সিদ্ধান্ত নেওয়ার নিয়েছেন। এ প্রসঙ্গে মন্তব্য করার জায়গায় আমি নেই।' মমতা রাজনৈতিক ভাবেও ঘোষণা করে দিয়েছেন যে, অনীতের দলের পাশে তৃণমূল থাকবে।

এক প্রশাসনিক আধিকারিকের কথায়, 'প্রশাসনের মূল উদ্দেশ্য পাহাড়কে স্বাভাবিক রাখা। সেখানে যাতে বিচ্ছিন্নতাবাদ মাথা না তোলে সে দিকে লক্ষ্য রাখা। তার জন্য প্রশাসনিক গতিশীলতা জরুরি। মুখ্যমন্ত্রী সেই দৃষ্টিভঙ্গি থেকেই যা করার করেছেন।' তবে অনীতের ক্ষমতা যে ভাবে বৃদ্ধি পেল, তাতে পাহাড়ের মাটিতে নতুন করে কোনও আধিপত্যবাদী মানসিকতার বীজ রোপণ হল কি না, সেই আলোচনাও রয়েছে উত্তরবঙ্গের রাজনীতিতে। কারণ, সকলেই মানছেন, রাজ্যের নিরিখে ক্ষমতার বিকেন্দ্রীকরণ হলেও পাহাড়ে রাজনৈতিক এবং প্রশাসনিক ক্ষমতা কেন্দ্রীভূত হল অনীতের হাতেই।

# পড়ুয়াদের ট্যাবের টাকা গায়েব সিট গঠন করে তদন্ত শুরু কলকাতা পুলিশের

**নিজস্ব প্রতিবেদন:** পড়ুয়াদের ট্যাবের টাকা ব্যাঙ্ক অ্যাকাউন্টে না ঢোকার ভূরিভূরি অভিযোগ প্রকাশ্যে আসছে বিভিন্ন জেলা থেকে। শুধু জেলা নয়, কলকাতার বিভিন্ন স্কুলের পড়ুয়ারাও একই সমস্যায় পড়েছে। এখনও পর্যন্ত কলকাতা থেকেই ১০০ জনের বেশি পড়ুয়ার ট্যাবের টাকা গায়েব হওয়ার অভিযোগ জমা পড়েছে কলকাতা পুলিশের কাছে। সেই সব অভিযোগের তদন্তের জন্য এ বার বিশেষ তদন্তকারী দল (সিট) গঠন করল লালবাজার। ওই দলে ১০ জন সদস্য রয়েছে।



পড়াশোনার সুবিধার্থে রাজ্য সরকার একাদশ এবং দ্বাদশ শ্রেণির পড়ুয়াদের এককালীন ১০ হাজার টাকা দেয়। সরকারের 'তরুণের স্বপ্ন' প্রকল্পের অধীনেই এই টাকা দেওয়া হয়। পুজোর আগে সংশ্লিষ্ট পোর্টালে ছাত্রছাত্রীরা ট্যাব কেনার টাকার জন্য আবেদন করেছিল। পুজোর পর থেকেই পড়ুয়াদের অ্যাকাউন্টে সরাসরি সেই টাকা ঢুকতে শুরু করে। অভিযোগ, অনেক পড়ুয়ার ব্যাঙ্ক অ্যাকাউন্টেই টাকা ঢোকেনি। শুরুটা হয়েছিল পূর্ব বর্ধমান জেলায়। সেখানে বেশ কয়েক জন পড়ুয়ার ট্যাবের টাকা অন্য ব্যাঙ্ক অ্যাকাউন্টে চলে গিয়েছে বলে অভিযোগ করেন স্কুল কর্তৃপক্ষ। তার পর বিভিন্ন জেলা থেকেই পড়ুয়াদের টাকা গায়েবের অভিযোগ প্রকাশ্যে আসে।

শুধু জেলায় এই অভিযোগ সীমাবদ্ধ থাকেনি। কলকাতার বিভিন্ন স্কুলের পড়ুয়ারা টাকা না পাওয়ার অভিযোগ করছে। ইতিমধ্যেই এই মর্মে অভিযোগ দায়ের হয়েছে যাদবপুর, কসবা, বেনিয়াপুকুর, মানিকতলা, ওয়াটগঞ্জ, সরশুনা, জোড়াসাঁকো, গল্ফগ্রিন এবং ভবানীপুর থানায়। জানা গিয়েছে, যাদবপুরের এক স্কুলের ১২ জন পড়ুয়া এবং ঠাকুরপুকুরের এক স্কুলের ৩১ জন পড়ুয়ার অ্যাকাউন্টে ট্যাবের টাকা ঢোকেনি। এ ছাড়াও, কসবায় ১০, জোড়াসাঁকোয় ৪০, বেনিয়াপুকুরে পাঁচ জনের টাকা গায়েবের অভিযোগ জমা পড়েছে। বেশির ভাগ ক্ষেত্রেই অভিযোগ এক জনের টাকা অন্যের অ্যাকাউন্টে ঢুকেছে।

ঘটনার তদন্তে বিভিন্ন জেলার পুলিশ সিট গঠন করে তদন্ত শুরু করেছে। গ্রেপ্তার করা হয়েছে বেশ কয়েক জনকে। বুধবারই সরশুনার স্কুলের পড়ুয়াদের টাকা গায়েবের অভিযোগে উত্তর দিনাজপুরের চোপড়া থেকে দু'জনকে গ্রেপ্তার করা হয়েছে। ধৃতদের নাম কৃষ্ণপদ বর্মণ এবং সরিফুল ইসলাম। তাঁদের মধ্যে এক জন কৃষক, অন্য জন চা-শ্রমিক। কলকাতা পুলিশের গোয়েন্দা বিভাগের থেকে খবর পেয়ে অভিযুক্তদের গ্রেপ্তার করে ইসলামপুর থানার পুলিশ। সূত্রের খবর, দুই অভিযুক্তের সঙ্গেই যোগ রয়েছে সাইবার ক্যাফের। এই আবহেই এ বার কলকাতা পুলিশও সিট গঠন করে তদন্ত শুরু করল। কলকাতার স্কুলগুলির পড়ুয়াদের টাকা কোথায় যাচ্ছে, কারা কারা এই চক্রের সঙ্গে জড়িত, তা খতিয়ে দেখবে তারা।

# বিহারে ফের অস্ত্র কারখানার হদিশ পেল কলকাতা পুলিশের এসটিএফ

## মাটির নীচের গোপন কুঠুরি থেকে উদ্ধার বন্দুক-পিস্তলের নানা যন্ত্রাংশ

**নিজস্ব প্রতিবেদন:** খাবারের থালা বানানোর কারখানার আড়ালে রমরমিয়ে তৈরি হচ্ছিল অস্ত্র। ভিনরাজ্যে মাটির তলার চেম্বারে এমনই এক অস্ত্র কারখানার হদিশ পেল কলকাতা পুলিশের স্পেশ্যাল টাস্ক ফোর্স (এসটিএফ)। বুধবার রাতে বিহারের তারাপুরে ওই কারখানার সন্ধান মিলেছে।

গোপন সূত্রে খবর পেয়ে বুধবার রাতে বিহারের তারাপুরে হানা দেয় কলকাতা পুলিশের স্পেশ্যাল টাস্ক ফোর্স (এসটিএফ)। সঙ্গে ছিল স্থানীয় পুলিশ এবং বিহার পুলিশের এসটিএফ-এর যৌথ দল। তল্লাশি অভিযান চালিয়ে একটি খাবারের থালা বানানোর কারখানার নীচে মাটির তলায় গোপন কুঠুরির সন্ধান পেয়েছে পুলিশ। পুলিশ সূত্রে জানা গিয়েছে, ওই ঘরেই দীর্ঘ দিন ধরে গোপনে আগ্নেয়াস্ত্র তৈরি হত। সেখান থেকে বন্দুক-পিস্তলের নানা যন্ত্রাংশও উদ্ধার করা হয়েছে।





ঘটনায় দুই ব্যক্তিকে গ্রেপ্তার করেছে পুলিশ। ধৃত ব্যক্তিরা হলেন ওই কারখানার মালিক মহম্মদ মোনাজির হুসেন এবং তাঁর শ্যালক মহম্মদ নাসিম। ওই বেআইনি অস্ত্র কারখানার সঙ্গে আরও কেউ জড়িত কি না জানতে ধৃতদের জেরা করা হচ্ছে। ঘটনাস্থল থেকে উদ্ধার হয়েছে ৬টি ৭ এমএম পিস্তলের যন্ত্রাংশ, ৬টি পিস্তলের বাট এবং ১টি লেদ মেশিন। এ ছাড়াও ড্রিলিং মেশিন-সহ অস্ত্র তৈরিতে কাজে লাগে এমন নানা যন্ত্রাংশ এবং কাঁচামালও বাজেয়াপ্ত করেছে পুলিশ।

এই নিয়ে তিন বছরে ১৪টি অস্ত্র কারখানার হদিস পেল কলকাতা পুলিশের বিশেষ দল। মাসখানেক আগেই বিহারের ভাগলপুরে আর এক বেআইনি বন্দুক তৈরির কারখানার সন্ধান পাওয়া গিয়েছিল। সেই অভিযানেও বহু আগ্নেয়াস্ত্র ও কাঁচামাল বাজেয়াপ্ত করেছিল পুলিশ। অভিযোগ, দীর্ঘ দিন ধরেই বিহার ও ঝাড়খণ্ডে বেআইনি ভাবে তৈরি হওয়া সেই সব বন্দুক সীমানা পেরিয়ে এ রাজ্যে প্রবেশ করে। এর জেরে রাজ্যেও উত্তরোত্তর বাড়ছে নানা অপরাধমূলক কাজ। এর পরেই গোপন সূত্রে পাওয়া খবরের ভিত্তিতে বিহারে পাড়ি দেয় কলকাতা পুলিশের এসটিএফ।

# গুরুতর অসুস্থ হয়ে কয়েক দিন হাসপাতালে ভর্তি জ্যোতিপ্রিয়

**নিজস্ব প্রতিবেদন:** রেশন দুর্নীতির মামলায় অভিযুক্ত রাজ্যের প্রাক্তন খাদ্যমন্ত্রী জ্যোতিপ্রিয় মল্লিককে ভর্তি করানো হয়েছে হাসপাতালে। ফুলবাগানের একটি হাসপাতালে ভর্তি করানো হয়েছে তাঁকে। শ্বাসযন্ত্রের সমস্যা নিয়ে গত কয়েক দিন ধরেই ওই হাসপাতালে চিকিৎসাধীন রয়েছেন রাজ্যের প্রাক্তন খাদ্যমন্ত্রী। বৃহস্পতিবার ব্যাঙ্কশাল আদালতে রেশন দুর্নীতি মামলার শুনানি ছিল। শুনানির সময়েই প্রেসিডেন্সি কেন্দ্রীয় সংশোধনাগার কর্তৃপক্ষের তরফে জ্যোতিপ্রিয়কে হাসপাতালে ভর্তি করানোর বিষয়টি জানানো হয়। রেশন দুর্নীতির মামলায় তাঁকে গ্রেপ্তার করেছিল ইডি। তিনি হাসপাতালে ভর্তি থাকার বিষয়টি ইডিকে আগে থেকে না জানানোয় কিছুটা অসন্তোষ প্রকাশ করে তদন্তকারী সংস্থা।



আদালতে ইডি জানায়, যে হেতু তারাই গ্রেপ্তার করেছিল জ্যোতিপ্রিয়কে, তাই সৌজন্যমূলক ভাবে হলেও বিষয়টি তাদের জানানো উচিত ছিল। ধৃত প্রাক্তন খাদ্যমন্ত্রীর জামিনের জন্য বৃহস্পতিবার আদালতে সওয়াল করেন তাঁর আইনজীবী। তবে তাতে আপত্তি জানায় ইডি। একটি লিখিত জবাবও দিয়েছে তদন্তকারী সংস্থা। ইডির ওই জবাব পড়ার জন্য আদালতের কাছে কিছুটা সময় চেয়েছেন জ্যোতিপ্রিয়ের আইনজীবী। আগামী ২০ নভেম্বর এই মামলার পরবর্তী শুনানি রয়েছে।

গত বছরের অক্টোবর মাসে রেশন দুর্নীতি মামলায় জ্যোতিপ্রিয়কে গ্রেপ্তার করেছিল ইডি। গ্রেপ্তারির পর থেকেই তাঁর একাধিক শারীরিক সমস্যার কথা উঠে এসেছে। গ্রেপ্তারি পরবর্তী সময়ে বেশ কয়েক বার তাঁকে নিয়ে যাওয়া হয়েছিল হাসপাতালে। কখনও রক্তচাপের সমস্যা, কখনও বুকে ব্যথা অনুভব করার কারণে তাঁকে নিয়ে যেতে হয়েছিল হাসপাতালে। কখনও এসএসকেএম হাসপাতালে, কখনও আবার জ্যোতিপ্রিয়ের পছন্দের বেসরকারি হাসপাতালে তাঁর চিকিৎসা হয়েছে।

কেন্দ্রীয় তদন্তকারী সংস্থা আগেই জানিয়েছিল, এসএসকেএম হাসপাতালে ভর্তি থাকাকালীন মেয়ের হাতে একটি চিঠি দেওয়ারও চেষ্টা করেছিলেন জ্যোতিপ্রিয়। পরে সেই চিঠি তাঁর কেবিনের বাইরে মোতায়েন থাকা কেন্দ্রীয় বাহিনীর জওয়ান মারফত তদন্তকারী আধিকারিকদের হাতে পৌঁছয়। তা নিয়েও কম জলঘোলা হয়নি। অতীতে বিভিন্ন সময়ে তাঁর শারীরিক অসুস্থতার কারণ দেখিয়ে জামিনের আবেদন জানিয়েছিলেন তাঁর আইনজীবী। কিন্তু তা মঞ্জুর হয়নি।

# অশান্ত মণিপুরের ৬টি থানা এলাকায় নতুন করে বলবৎ করা হল আফস্পা

**ইম্ফল, ১৪ নভেম্বর:**. গত কয়েক দিনে আবারও উত্তপ্ত হয়ে উঠেছে মণিপুর। জিরিবাম, পশ্চিম ইম্ফল, বিষ্ণুপুর-সহ একাধিক জেলায় সংঘর্ষের পরিস্থিতি তৈরি হয়েছে। এ বার পরিস্থিতি নিয়ন্ত্রণে আনতে বৃহস্পতিবার থেকে রাজ্য জুড়ে ছ'টি থানা এলাকায় নতুন করে চালু করা হল 'সশস্ত্র বাহিনীর বিশেষ ক্ষমতা আইন' ('আর্মড ফোর্সেস স্পেশ্যাল পাওয়ার অ্যাক্ট' বা আফস্পা)। বৃহস্পতিবার স্বরাষ্ট্র মন্ত্রকের জারি করা একটি বিজ্ঞপ্তিতে বলা হয়েছে, পশ্চিম ইম্ফলের সেকমাই ও লামসাং, পূর্ব ইম্ফলের লামলাই, বিষ্ণুপুরের মইরাং, কাংপোকপির লেইমাখং এবং জিরিবাম থানা এলাকায় নতুন করে আফস্পা চালু করা হয়েছে। উল্লেখ্য, গত মাসের শুরুতেই মণিপুরে ছ'মাসের জন্য বর্ধিত হয়েছিল আফস্পা-র মেয়াদ। ইম্ফল, বিষ্ণুপুর, জিরিবাম-সহ ১৯টি থানা এলাকা বাদ দিয়ে গোটা রাজ্যেই এই আইনের মেয়াদ বৃদ্ধি করা হয়েছিল। এ বার আরও ছ'টি থানায় বলবৎ হল সশস্ত্র বাহিনীর বিশেষ ক্ষমতা আইন। ওই ছ'টি এলাকাকে 'অশান্ত অঞ্চল' বলে অভিহিত করেছে স্বরাষ্ট্র মন্ত্রক। বিজ্ঞপ্তিতে বলা হয়েছে, ছ'টি থানা এলাকায় নিরাপত্তার পরিস্থিতি বজায় রাখতে এবং বিদ্রোহী গোষ্ঠীগুলির কার্যকলাপ নিয়ন্ত্রণ করতেই এই পদক্ষেপ। গত ৭ নভেম্বর গভীর রাতে জিরিবাম জেলার জাইরন গ্রামে হামলা চালায় এক দল দুষ্কৃতী। সারা রাত ধরে চলে লুটপাট, অত্যাচার এবং দুষ্কৃতীদের তাণ্ডব। গ্রামের অন্তত ১৭টি বাড়িতে আগুন ধরিয়ে দেওয়া হয়। স্বামীর সামনেই ধর্ষণ করে জ্বালিয়ে দেওয়া হয় তিন সন্তানের মা এক মহিলাকে। অভিযোগ, হামলা চালিয়েছিল মেইতেই সশস্ত্র গোষ্ঠী আরাম্বাই টেঙ্গল এবং ইউএনএলএফের যৌথ দল। সেই ঘটনার পর থেকেই উত্তপ্ত জিরিবাম জেলার বিস্তীর্ণ এলাকা। দোষীদের শাস্তির দাবিতে বিক্ষোভ শুরু করেন গ্রামবাসীরা। ঘটনার প্রতিবাদে সরব হন কুকি, জোমি, মার গোষ্ঠীর নেতারা। মেইতেই গ্রামগুলিতেও হামলা শুরু হয়। জ্বালিয়ে দেওয়া হয় ঘরবাড়ি। পরিস্থিতি সামাল দিতে সোমবার রাত থেকে কার্ফু জারি হয় জিরিবাম জেলায়। উত্তপ্ত হয়ে ওঠে পূর্ব ইম্ফল জেলার থামনাপোকপি, সাবুংখোক এবং সানসাবি-সহ বিভিন্ন এলাকাও। উল্লেখ্য, গত সেপ্টেম্বর মাস থেকেই মণিপুরে মেইতেই ও কুকি জনগোষ্ঠীর মধ্যে সংঘর্ষের পরিস্থিতি নতুন করে উত্তপ্ত হয়ে উঠেছে।



# বেতন বাড়ল অস্থায়ী কর্মবন্ধুদের

**নিজস্ব প্রতিবেদন:** রাজ্যে অস্থায়ী কর্মবন্ধুদের বেতন বৃদ্ধি হল। বৃহস্পতিবার এক বিজ্ঞপ্তি জারি করে এ কথা ঘোষণা করেছে রাজ্যের অর্থ দপ্তর। ওই বিজ্ঞপ্তিতে জানানো হয়েছে, মাসে ৩,০০০ টাকা করে বেতন বৃদ্ধি করা হয়েছে অস্থায়ী কর্মবন্ধুদের। এখন থেকে তাঁরা মাসে ৫,০০০ টাকা করে বেতন পাবেন। গত ১ সেপ্টেম্বর থেকেই এই নির্দেশ কার্যকরের কথা জানানো হয়েছে বিজ্ঞপ্তিতে। এই বেতন বৃদ্ধির পর রাজ্য সরকারকে ধন্যবাদ জানিয়েছে শাসকদলের কর্মচারী সংগঠন। মূলত ভূমি ও ভূমি রাজস্ব এবং কৃষি দপ্তরে কাজ করেন কর্মবন্ধুরা। দীর্ঘ দিন ধরে তাঁরা বেতন বৃদ্ধির দাবি করছিলেন। বৃহস্পতিবার রাজ্যের অর্থ দপ্তর বিজ্ঞপ্তি জারি করে তাঁদের বেতন বৃদ্ধির কথা ঘোষণা করেছে। আগে তাঁদের বেতন ছিল মাসে ২, ০০০ টাকা। এখন থেকে মাসে ৫, ০০০ টাকা পাবেন তাঁরা। তবে অন্য কোনও ভাতা পাবেন না। ১ সেপ্টেম্বর থেকে নতুন বেতনের নীতি কার্যকর করা হয়েছে। সেই হিসাব করে বেতনের অতিরিক্ত টাকা দেওয়া হবে তাঁদের। তৃণমূল কর্মচারী ফেডারেশনের আহ্বায়ক প্রতাপ নায়েক বলেন, 'আমরা দীর্ঘ দিন ধরে বেতন বৃদ্ধির দাবি করছিলাম। এত দিনে রাজ্য সরকার এই দাবি মেনে নেওয়ায় তাঁদের ধন্যবাদ জানাই।'



# শ্রেণিবদ্ধ বিজ্ঞাপন

## নাম-পদবী

গত ১৪/১১/২০২৪ নোটারী পাবলিক, চুঁচুড়া, হুগলী কোর্টে ১৪৭৩ নং এফিডেভিট বলে আমি Puspita Bairagi D/o. Prabhat Bairagi নাম ও ধর্ম পরিবর্তন করিয়া সর্বত্র Puspita Yeasmin নামে পরিচিত হইয়াছি। আমি হিন্দু ধর্ম হইতে ইসলাম ধর্ম গ্রহণ করিয়াছি।

## নাম-পদবী

গত ১২/১১/২৪ S.D.E.M., সদর, হুগলী কোর্টে ১৯১ নং এফিডেভিট বলে আমি Sk. Mahammad Ali ঘোষণা করিয়াছি যে, আমার পিতা Sekh Abdul Boksh, Sk. A. Box ও Abdul Boksh Sekh সর্বত্র একই ব্যক্তি বলিয়া পরিচিত হইয়াছেন।

## নাম-পদবী

গত ১৪/১১/২৪ S.D.E.M., সদর, হুগলী কোর্টে ০৫ নং এফিডেভিট বলে Debasis Bag S/o. Manoranjan Bag ও Debashish Bag S/o. M. Bag সর্বত্র একই ব্যক্তি বলিয়া পরিচিত হইয়াছি।

## নাম-পদবী

গত ১১/১১/২৪ S.D.E.M., সদর, হুগলী কোর্টে ১১ নং এফিডেভিট বলে Bakul Bapari S/o. Amrit Bapari ও Bakul Bepari S/o. Amrit Bepari, Arit Bapari সর্বত্র একই ব্যক্তি বলিয়া পরিচিত হইয়াছি।

## নাম-পদবী

আমি প্রিয়া দাস, পিতা- নবকুমার দাস ০৬/১১/২৪ জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট আলিপুর কোর্টে এফিডেভিট বলে প্রিয়া দাস থেকে আয়েসা সুলতানা হলাম। আমি সিদ্ধান্ত নিয়েছি ধর্ম পরিবর্তন করিব। আমি হিন্দু ধর্ম থেকে মুসলিম ধর্ম গ্রহণ করিলাম।

## নাম-পদবী

গত ১১/১১/২৪ S.D.E.M., সদর, হুগলী কোর্টে ১৬ নং এফিডেভিট বলে Sekh Ansar S/o. Sekh Asgar Ali ও Sk Ansar S/o. Sk Asgar সর্বত্র একই ব্যক্তি বলিয়া পরিচিত হইয়াছি।

## নাম-পদবী

গত ২৪/০৫/২৪ S.D.E.M., শ্রীরামপুর, হুগলী কোর্টে ৬৫৬০ নং এফিডেভিট বলে Swapan Adhikary S/o. Gupiballabh Adhikary ও Swapan Adhikari S/o. G. B. Adhikari সাং ত্রিবেণী, মগরা, হুগলী সর্বত্র একই ব্যক্তি বলিয়া পরিচিত হইয়াছি।

## নাম-পদবী

আমি, সাহিদ হাসান, পিতা- তোজাম্মেল, গ্রাম- পাকদহ, শাসন, জেলা-উত্তর ২৪ পরগনা, পিন- ৭৪৩৪২৩ বিগত ইংরাজী ১১-১১-২০২৪ তারিখে বারাসাত এ.সি.জে.এম কোর্ট -এ এফিডেভিট নং ৩৭৭৫ বলে নাম পরিবর্তন করাইয়া মোঃ সাহিদ হাসান নামে পরিচিত হলাম। সাহিদ হাসান ও মোঃ সাহিদ হাসান আইনের দৃষ্টিতে এক ও অভিন্ন ব্যক্তি।

## E-TENDER

E- tenders are invited by the Prodhan, Kanainagar Gram Panchayat (Under Tehatta- I Panchayat samity), Kanainagar, Nadia. **NIET No. 9e/KNGP/2024-25/15th FC/AAP, 10e/KNGP/2024-25/15th FC,** Last date of submission **21.11.2024 up to 11a.m.** For details please contact to the office or visit **www.wbtenders.gov.in**

**Sd/- Prodhan,
Kanainagar Gram
Panchayat.**




## আজকের দিনটি কেমন যাবে ?

**আজ ১৫ ই নভেম্বর। ২৯ শে কার্তিক। শুক্র বার । শ্রী শ্রী গুরু পুর্নিমা তিথি, জন্মে মেষ রাশি, অষ্টোত্তরী শুক্র ও বিংশোত্তরীও শুক্র র মহাদশা কাল।। মৃতে দোষ নেই।**

**মেষ রাশি:** নতুন তথ্য পাবেন, যা প্রচারের ফলে সামাজিক সম্মানবৃদ্ধি হবে। দিদি বা শালী সম্পর্কের স্বজন দ্বারা আনন্দবৃদ্ধি। পরিবারে বিবাহ বিষয়ে যে কথা আটকে ছিল, আজ তা পূর্ণতা পাবে। প্রতিবেশীর আচরনে সমস্যা মুক্তি। বিদ্যায় সফলতা। মন্ত্রঃ দেবী দূর্গা চন্ডি পাঠ।

**বৃষ রাশি:** যে কথাটা বোঝাতে পারেন নি, সেই কথাটা পুনরায় বোঝাতে গিয়েই সমস্যাটা তৈরী হবে। সতর্ক থাকা ভাল। প্রেমিক কিছুতেই আজ প্রেমিকার কথা মানবে না। এ বিষয়ে তার পরিবারের সদস্যদের কথাকেই গুরুত্ব দেবে। বিদ্যার্থীদের শুভ নয়। বাণিজ্যে দুঃশ্চিন্তা বৃদ্ধি। মন্ত্রঃ শিবমন্ত্র।

**মিথুন রাশি:** দিনটি শুভ হবে। দুই নারীর বুদ্ধির বলে, আপনার কৌশলে আজ সমস্যা মুক্তি। ধৈর্য্য ধরার ফল মিঠা হলো। প্রেমিকের বাড়ির স্বজনরা কথা পাকা করতে পারে। কোন বস্তু বা কৃষি জমি থেকে আয় বৃদ্ধি। মন্ত্রঃ আদ্যাশক্তি দূর্গা মন্ত্র।

**কর্কট রাশি:** অর্থ বৃদ্ধি হবে। দোকান ব্যাবসায়ীদের জন্যে নতুন পথের সন্ধান উচ্চবিদ্যাযোগে সফলতা। বিদ্যাযোগে শুভ। দেশের বাইরে কাজ করতে থাকা সন্তান বা স্বজনদের থেকে লাভ প্রাপ্তি। লেখক সাংবাদিকদের তথ্য সংগ্রহে প্রভাবশালী ব্যক্তির সহযোগিতা প্রাপ্ত মন্ত্রঃ দেবী কাত্যায়নী মন্ত্র।

**সিংহ রাশি:** মানুষের সেবা করা, সামাজিক অনুষ্ঠানে অংশ নেওয়া স্বজন পরিজন-বান্ধবদের নিয়ে শুভ চিন্তাকরার ফল আজ সম্মানপ্রাপ্তি শ্বশুর বাড়ির তিন সদস্য আপনার প্রসংশায় পঞ্চমুখ কোন বাস্তু বা কৃষিজমি ক্রয় বিক্রয়ে লাভ প্রাপ্তি। মন্ত্রঃ গণেশমন্ত্র।

**কন্যা রাশি:** সামাজিক বাতাবরনে আপনার সহযোগিতায় কোন শুভ কাজ সু-সম্পন্ন হবে। বিদ্যালয় নিয়ে সন্তানকে কেন্দ্র করে যে মানষিক দুঃশ্চিন্তা ছিল-তা আজ মিটে যাবে। প্রতিবেশী আচরনে যে মানষিক আঘাত পেয়েছিলেন-আজ আনন্দযুক্ত দিন। মন্ত্রঃ অদ্যাস্ত্রোত্র পাঠ।

**তুলা রাশি:** সততা শুভত্ব। আনন্দ। বিদ্যাভাগ্য শুভ। অর্থ প্রাপ্তি। বিশেষত যারা পরামর্শদাতা তাদের ধনপ্রাপ্তি। যে ব্যবসায়িক চুক্তি হলে আপনি নিশ্চিন্ত হবেন আজ তার দিন। তবে ঐ বিরুদ্ধ মতের মহিলা থেকে সতর্ক থাকুন। মন্ত্রঃ কালীমন্ত্র।

**বৃশ্চিক রাশি:** ঘরদোর সাজানো হবে। পরিবারে নতুন গৃহসরঞ্জাম আসবে। ইলেকট্রিক্যাল দ্রব্য দ্বারা দাম্পত্যে খুশীর বাতাবরণ। যিনি পরিবারের বয়জ্যেষ্ঠ তাকে সম্মান প্রদর্শন করলে ঈশ্বর প্রীতি হবেন, তাই আজ আপনার অতীব শশুভ দিন।

**ধনু রাশি:** বাণিজ্যে অর্থ লাভ। কোন পোষ্য থাকে এতোদিন নিজের সন্তানের মতো ভালবেসে এসেছেন, আজ তার জন্যে সামাজিক সম্মান বৃদ্ধি। বিদ্যার্থীদের জন্যে সুখবর, যারা কর্ম উদ্দেশ্যে প্রতিযোগিতা মূলক পরীক্ষা দিয়েছিলেন-কোন সুখবর প্রাপ্তির দিন আজ মন্ত্রঃ দেবী দূর্গা মন্ত্র।

**মকর রাশি:** ধৈর্য্য ধরতে হবে-আজ দিনটি মিশ্রনিদ, শুভাশুভ মিত্র। বাড়ি-জমি-বাস্তু কৃষিজমি বিষয়ে কিছু ভাবছেন-তা থেকে ক্ষতির সম্ভাবনা। দাম্পত্যে অশান্তির কারন-তৃতীয় ব্যক্তি। বিদ্যায় অশুভ। মন্ত্রঃ দুর্গামন্ত্র।

**কুম্ভ রাশি:** প্রতিযোগীতা মূলক পরীক্ষাতে সাফল্য ।কর্মের অনুসন্ধানে নতুন রাস্তা। গৃহশান্তি। বাণিজ্যে লাভ। দাম্পত্যে সুখ। মন্ত্রঃ কালীমন্ত্র। অবিবাহিত র বৈবাহিক সম্পর্কের উন্নতি।

**মীন রাশি:** প্রতাবিত হওয়ার সম্ভাবনা। ইলেকট্রিক্যাল বা মেকানিক্যাল বিষয়ে যারা এক্সপার্ট তাদের যে কাজের গতি এসেছিল আজ তা সমস্যা যুক্ত। যারা মাছের ব্যবসা করেন-তাদের দুঃশ্চিন্তা। মন্ত্রঃ দেবী দূর্গা মন্ত্র।

**(আজ গুরু পুর্নিমা তিথি। শ্রী তুলশী দেবীর আবির্ভাব।
শ্রী গৌরাঙ্গ মহাপ্রভুর রাসযাত্রা। শ্রী কৃষ্ণ রাস।
শ্রী দুর্গা প্রসন্ন ব্রহ্মচারী শুভ ভুমিষ্ঠ দিবস।
শ্রী গুরু নানকের শুভ ভুমিষ্ঠ দিবস।)**

## Change of Name

I, Shiba Pada Adhikari S/O Lalit Mohan Adhikary r/o Sewli Para, Post- Sewli Telini Para, Titagarh, Teleni Para (ct), North 24 Parganas, West Bengal, 700121, have come to be known as Shiba Pada Adhikari S/O Lalit Mohan Adhikary and Shiba Pada Adhikary S/O LT L M Adhikary as one and the same person by the affidavit of Barrackpore (Subdivision) Notary Public dated 12/11/2024.

## ।। বিজ্ঞপ্তি ।।

**In the Court of the District Delegate, Kharagpur, Paschim Medinipur**
**Succession Case No.3/2024**
**রঞ্জনা রায়... দরখাস্তকারিনী**

এতদ্বারা সর্বসাধারনকে জানানো যাইতেছে যে, **মায়া রানী হালদার**, স্বামী মৃত নিরঞ্জন কুমার হালদার প্রঃ নিরঞ্জন কুমার, সাং- উত্তর ভবানীপুর, ওয়ার্ড নং ৫, পোঃ- খড়গপুর, থানা- খড়্গপুর (টাউন), জেলা- পশ্চিম মেদিনীপুর, গত ইংরাজী ২৩.১২.২০২১ তারিখে খড়্গপুর মহকুমা হাসপাতালে পরলোকগমন করায় তাহার ত্যক্ত খড়্গপুর শাখার ইণ্ডিয়ান ব্যাঙ্কে মোট ২২,১০,১৪৩.০৪ টাকা যাহা (ক) ও (খ) তপশীলে বর্ণিত হইয়াছে তাহা পাওনের জন্য দরখাস্তকারিনী আদালতে দরখাস্ত দাখিল করিয়াছেন।
উক্ত বিষয়ে কাহারও কোন আপত্তি থাকিলে বিজ্ঞপ্তি প্রকাশের ৩০ দিনের মধ্যে হাজির হইয়া আপত্তি দাখিল করিবেন। অন্যথায় আইন আমলে আসিবে।

**(ক) তপশীল**

**Account No. 20891144288** with **Indian Bank**, Kharagpur Branch, Code - 5720, IFSC Code **IDIB000K685**, Amount **Rs. 19,94,092.04** in the name of **Niranjan Kumar /Maya Rani Halder.**

**(খ) তপশীল**

**Account No. 50082665832** with **Indian Bank**, Kharagpur Branch, Code - 5720, IFSC Code **IDIB 000K685**, Amount **Rs.2,16,051.00** in the name of **Niranjan Kumar**

অনুমত্যানুসারে
**মদন মিশ্র (সেরেস্তাদার)**
ডিস্ট্রিক্ট ডেলিগেট আদালত, খড়গপুর

### বিজ্ঞপ্তি

আমি পলাশ ঘোষ, পিতা মৃত বাদল ঘোষ, সাং কানাই নগর পূর্ব পাড়ার বাসিন্দা । থানা নবদ্বীপ এলাকাধীন ২৫ নং পানশিলা মৌজার এল আর ২৫২৬৪ নং খতিয়ান ভুক্ত এল আর ১১৪৪ নং দাগের ৩.৩০ শতক জমি স্বত্বের পক্ষে বিগত ইং ০১/১২/২০২২ তারিখে ডি এস আর নদীয়া অফিসে রেজিষ্ট্রীকৃত ১৪৩৪৪ নং আমমোক্তারনামা দলিল বলে সাং সি.এন.ঘোষ লেন, জেলা নদীয়া নিবাসী চম্পা ঘোষ স্বামী সব্যসাচী ঘোষ এর পক্ষে আমমোক্তার নিযুক্ত হই।অতঃপর উক্ত আমমোক্তার দলিল বলে বিগত ইং ০৬/০৪/২০২৩ তারিখে ডি এস আর নদীয়া অফিসে রেজিষ্ট্রীকৃত ৪৩৯৮ নং দলিল দ্বারা সাং হাটপাড়া, জেলা নদীয়া নিবাসী পম্পা পাল, স্বামী বিকাশ পাল-কে বিক্রয় করি।আগামী দিনে উক্ত দলিল গ্রহীতা জমিটির নাম পত্তন করিবেন। ইহাতে কাহারো কোন অভিযোগ থাকিলে নবদ্বীপ বি.এল অ্যান্ড এল.আর.ও অফিসে যোগাযোগ করুন।

### বিজ্ঞপ্তি

আমি পলাশ ঘোষ, পিতা মৃত বাদল ঘোষ, সাং কানাই নগর পূর্ব পাড়ার বাসিন্দা । থানা নবদ্বীপ এলাকাধীন ২৫ নং পানশিলা মৌজার এল আর ২৫২৬৪ নং খতিয়ান ভুক্ত এল আর ১১৪৪ নং দাগের ৫.৫০ শতক জমি স্বত্বের পক্ষে বিগত ইং ০১/১২/২০২২ তারিখে ডি এস আর নদীয়া অফিসে রেজিষ্ট্রীকৃত ১৪৩৪৪ নং আমমোক্তারনামা দলিল বলে সাং সি.এন.ঘোষ লেন, জেলা নদীয়া নিবাসী চম্পা ঘোষ স্বামী সব্যসাচী ঘোষ এর পক্ষে আমমোক্তার নিযুক্ত হই।অতঃপর উক্ত আমমোক্তার দলিল বলে বিগত ইং ০৬/০৪/২০২৩ তারিখে ডি এস আর নদীয়া অফিসে রেজিষ্ট্রীকৃত ৪৩৯৭ নং দলিল দ্বারা সাং উসিদপুর, জেলা নদীয়ার নিবাসী নিতাই পাল, পিতা শ্রীচরন পাল কে বিক্রয় করি আগামী দিনে উক্ত দলিল গ্রহীতা জমিটির নাম পত্তন করিবেন। ইহাতে কাহারো কোন অভিযোগ থাকিলে নবদ্বীপ বি.এল অ্যান্ড এল.আর.ও অফিসে যোগাযোগ করুন।

### বিজ্ঞপ্তি

আমি সাবিয়া বিবি, স্বামী সেখ ফজলে রব্বি সাং বামুন পুকুর বাসিন্দা। থানা নবদ্বীপ এলাকাধীন ৭ নং টোটা মৌজার এল আর ৩৬০৩ নং খতিয়ানভুক্ত এল আর এল আর ৩৬৫ নং দাগের ২.৪৭৫ শতক জমি স্বত্বের পক্ষে বিগত ইং ০২/১২/২০২২ তারিখে নবদ্বীপ এ ডি এস আর অফিসে রেকিষ্ট্রীকৃত I-৩৯৫৫ নং আমমোক্তার দলিল বলে সাং বামুন পুকুর, জেলা নদীয়া নিবাসী সেখ ফজলে রব্বি, পিতা মৃত সেখ রহমততুল্লা এর পক্ষে আমমোক্তার নিযুক্ত হই। অতঃপর উক্ত আমমোক্তার দলিল বলে বিগত ইং ৩১/০৩/২০২৩ তারিখে এ ডি এস আর নবদ্বীপ অফিসে রেজিষ্ট্রীকৃত ১০৭৩ নং দলিল দ্বারা সাং সারদাপল্লী, জেলা উওর ২৪ পরগনা নিবাসী গৌর কিশোর দাস, পিতা অতুল কৃষ্ণ দাস কে বিক্রয় করি। আগামী দিনে উক্ত দলিল গ্রহীতা জমিটির নাম পত্তন করিবেন। ইহাতে কাহারো কোন অভিযোগ থাকিলে নবদ্বীপ বি.এল অ্যান্ড এল.আর. ও অফিসে যোগাযোগ করুন।

আমার মক্কেল মিনতী দত্ত, স্বামী ভগবৎ দত্ত মহাশয়া গত ইং ১৭.০২.২০০৩ তারিখে হাওড়া এ্যাডিঃ ডিঃ সাব রেজিষ্ট্রী অফিসে বুক নং ৪, বাহির ২নং ভল্যুম পাতা নং ২৭৬ হইতে ২৭৯, বিয়িং নং ১৫৫ নং আমমোক্তার নামা দলিল বলে ১। জয়দেব দাস, ২। মনোরমা দাস, ১নং পিতা ও ২নং স্বামী হারান চন্দ্র দাস মহাশয়/ মহাশয়ার নিকট হইতে কোনা মৌজায় হাল ১৬৯১ নং খতিয়ানে সাবেক ৬৫১ নং হাল ৬৭৭ নং দাগে ১ কাঠা ৮ ছটাক জমি বিক্রয় করিবার জন্য ক্ষমতা প্রাপ্ত হইয়াছেন, উক্ত বিষয়ে কারোর কোনও আপত্তি থাকিলে তিনি বালী জগাছা বি.এল. অ্যান্ড এল.আর.ও. অফিসে যোগাযোগ করিবেন।

**শ্রেণীবদ্ধ বিজ্ঞাপনের জন্য যোগাযোগ করুন-মোঃ ৯৮৩১৯১৯৭৯১**

### বিজ্ঞপ্তি

গত ০৭.০৮.২৪ তারিখে ২৪২ নং নোটারি পাবলিক এফিডেভিট বলে আমি জয়দেব সাধুখাঁ, পিতা সন্তোষ সাধুখাঁ, সাকিম-মগরাবাজার, হুগলী ঘোষনা করিতেছি যে ঁদ্বারিকা সাধুখাঁর পুত্র আশুতোষ সাধুখাঁ অবিবাহিত থাকাকালীন ১৯৬০ সালে ৭৫ বছর বয়সে পরলোক গমন করিলে তাঁহার পিতা ঁদ্বারিকা সাধুখাঁর অপর ৩ পুত্রগন যথা সন্তোষ সাধুখাঁ, কৃষ্ণচন্দ্র সাধুখাঁ এবং বলাই সাধুখাঁ প্রত্যেকে ঁআশুতোষ সাধুখাঁর সম্পত্তির ১/৩ অংশ করিয়া মালিক হন। অতঃপর বলাই সাধুখাঁ পরলোক গমন করিলে, তাঁহার উত্তরাধিকারীগন হইল গোপাল সাধুখাঁ এবং পাঁচকড়ি সাধুখাঁ।

অনুরূপভাবে, সন্তোষ সাধুখাঁ পরলোক গমন করিলে, তাঁহার উত্তরাধিকারীগন হইল দুর্গারানী শেঠ, জয়দেব সাধুখাঁ, বুদ্ধদেব সাধুখাঁ, নিরুপমা সাধুখাঁ, নমিতা সাধুখাঁ, প্রতিমা সাধুখাঁ এবং সবিতা সাধুখাঁ। অতঃপর দূর্গারানী শেঠ পরলোক গমন করিলে তাঁহার উত্তরাধিকারীগন হইল শ্যামল শেঠ, মলয় শেঠ, সুলেখা সাধুখাঁ এবং পুতুল সাধুখাঁ। প্রতিমা সাধুখাঁ পরলোক গমন করিলে তাঁহার উত্তরাধিকারীগন হইল সন্দীপ সাধুখাঁ ও সুমন্ত সাধুখাঁ।

অনুরূপভাবে, কৃষ্ণচন্দ্র সাধুখাঁ পরলোক গমন করিলে, তাঁহার উত্তরাধিকারীগন হইল বৈদ্যনাথ সাধুখাঁ, গোপাল সাধুখাঁ, কাশীনাথ সাধুখাঁ এবং রামচন্দ্র সাধুখাঁ। অতঃপর বৈদ্যনাথ সাধুখাঁ পরলোক গমন করিলে তাঁহার উত্তরাধিকারীগন হইল গৌরী সাধুখাঁ, সুশীল সাধুখাঁ, বুদ্ধদেব সাধুখাঁ, সনাতন সাধুখাঁ, দিলীপ সাধুখাঁ, বাসুদেব সাধুখাঁ, মন্টু সাধুখাঁ, চাঁপা সাধুখাঁ এবং কনক সাধুখাঁ। গোপাল সাধুখাঁ পরলোক গমন করিলে তাঁহার উত্তরাধিকারীগন হইল দুর্গা সাধুখাঁ, তপন সাধুখাঁ, নবকুমার সাধুখাঁ, স্বপন সাধুখাঁ, সুকুমার সাধুখাঁ এবং অন্নপূর্না সাধুখাঁ। কাশীনাথ সাধুখাঁ পরলোক গমন করিলে তাঁহার উত্তরাধিকারীগন হইল তরুন সাধুখাঁ, চন্দনা সাধুখাঁ, মালা সাধুখাঁ এবং মাধুরী সাধুখাঁ। রামচন্দ্র সাধুখাঁ পরলোক গমন করিলে তাঁহার উত্তরাধিকারীগন হইল শেফালী সাধুখাঁ, লতিকা সাধুখাঁ, লক্ষ্মীনারায়ন সাধুখাঁ, রাখহরি সাধুখাঁ, মৌসুমি গড়াই, শ্যামা সাধুখাঁ এবং মহামায়া সাধুখাঁ।

বর্তমানে স্বর্গীয় আশুতোষ সাধুখাঁ-র আর কোন ওয়ারিশান নাই।

## আধুনিক ব্যাঙ্কিং পরিষেবা দিতে প্রস্তুত ইন্ডিয়ান ব্যাঙ্ক

**নিজস্ব প্রতিবেদন:** কলকাতা-ইন্ডিয়ান ব্যাঙ্ক সম্প্রতি ডিজিটাল মোবিলাইজেশন এবং আধুনিক ব্যাঙ্কিং-এ আমানত সংগ্রহের গুরুত্বের দিক বিবেচনা করে প্রচারাভিযান শুরু করেছে। সাধারণত সঞ্চয়, স্থায়ী আমানত অ্যাকাউন্ট, চলতি অ্যাকাউন্ট এবং বিশেষ আর্থিক প্রকল্পের মাধ্যমে আর্থিক প্রতিষ্ঠানগুলো জনগণের কাছ থেকে অর্থ সংগ্রহ করে। এই প্রচারাভিযানটি উদ্বোধন করেন ইন্ডিয়ান ব্যাঙ্কের নির্বাহী পরিচালক মহেশ কুমার বাজাজ। তিনি বলেন, 'ভারতের সপ্তম বৃহত্তম পাবলিক সেক্টর ব্যাঙ্ক হিসাবে ইন্ডিয়ান ব্যাঙ্ক ডিজিটাল পরিষেবা এবং গ্রাহকদের কাছে পৌঁছাতে অগ্রসর হচ্ছে। আমরা সিএএসএ আমানত বাড়াতে এবং হারানো গ্রাহকদের সঙ্গে পুনরায় সংযোগ স্থাপনের জন্য দুটি প্রচারাভিযান চালাচ্ছি। একটা হচ্ছে রান টু রিচ। আরেকটি হল কনেক্ট এন্ড কনকার। সাম্প্রতিক প্রচেষ্টায়, আমরা ৫,৬৬১টি সঞ্চয় অ্যাকাউন্ট খুলেছি, যার মোট পরিমাণ ১৫০ কোটি। বেশ কিছু নতুন চলতি এবং মাসিক সঞ্চয় অ্যাকাউন্ট নথিভুক্ত করা হয়েছে। ঋণের ক্ষেত্রে, আমরা ১৭১ কোটির বেশি ঋণ বিতরণ করহা হয়েছে। আমরা ডিসেম্বরের মধ্যে একটি কর্পোরেট মোবাইল ব্যাঙ্কিং অ্যাপ চালু করছি, যা সরাসরি গ্রাহকদের কাছে পরিষেবা সরবরাহের সুযোগ দেবে।'

## শিক্ষক নয়, পড়াশোনাতেও সাহায্য কৃত্রিম বুদ্ধিমত্তার



**নিজস্ব প্রতিবেদন:** শিক্ষক শিক্ষিকা নয়, বরং এবার পড়াশোনার ক্ষেত্রেও সাহায্যের হাত বাড়াতে চলেছে কৃত্রিম বুদ্ধিমত্তা। আইইএমএ রিসার্চ অ্যান্ড ডেভেলপমেন্ট প্রাইভেট লিমিটেড-এর উদ্যোগে পথ চলা শুরু করল আধুনিক প্রযুক্তির এআই টিউটর, যা ব্যক্তিগত শিক্ষা পদ্ধতিতে আমূল পরিবর্তন আনতে বিশেষ ভাবে তৈরি। এই যুগান্তকারী আবিষ্কারের উদ্বোধন করেন প্রতিষ্ঠানের ডিরেক্টর প্রফেসর ড. সত্যজিৎ চক্রবর্তী। আইইএমএ-এর একাধিক বিজ্ঞানী সৌভিক চট্টোপাধ্যায়, অয়ন কুমার পাঁজা, অমর্ত্য মুখোপাধ্যায় এবং স্নেহান বিশ্বাসের নেতৃত্বে তৈরি এই এআই টিউটর, কৃত্রিম বুদ্ধিমত্তা ব্যবহার করে প্রত্যেক ব্যবহারকারীর প্রয়োজন অনুযায়ী শিক্ষার ব্যবস্থা করবে। এই নতুন পদ্ধতি খুব সহজেই শিক্ষার্থীর শেখার ধরণ ও গতির সঙ্গে খাপ খাইয়ে নিতে পারে, ফলে সেই শিক্ষাকে অনেক সহজেই তারা গ্রহণ করতে এবং মনে রাখতে পারবে। আইইএমএ বরাবরই কৃত্রিম বুদ্ধিমত্তা, মেশিন লার্নিং এবং ডেটা সায়েন্সের ওপর বিশেষভাবে জোর দেয়, যাতে তাদের তৈরি আধুনিক প্রযুক্তির মাধ্যমে সমাজে তারা বদল আনতে সক্ষম হয়।

## ট্যাব, গায়েব টাকা দিল রাজ্য

**নিজস্ব প্রতিবেদন:** তরুণের স্বপ্ন প্রকল্পে যে সমস্ত পড়ুয়ার ট্যাবের টাকা গায়েব হয়ে গেছে এপর্যন্ত তাদের মধ্যে ৩০০জন পড়ুয়ার অ্যাকাউন্টে টাকা পাঠিয়ে দেওয়া হয়েছে। প্রায় ৫০০রও বেশি পড়ুয়ার অ্যাকাউন্ট থেকে ওই টাকা গায়েব হয়ে গেছে। বাকিদেরও দু'য়েক দিনের মধ্যে টাকা দিয়ে দেওয়া হবে। বিদ্যালয় শিক্ষা দফতরের তরফে রাজ্য সরকারকে এই মর্মে রিপোর্ট দেওয়া হয়েছে। প্রসঙ্গত, অ্যাকাউন্ট নম্বর ভুল থাকার জন্য কলকাতা-সহ ৮০টির বেশি স্কুলের পড়ুয়াদের টাকা আটকে যায় বলে জানা গেছে।

# J.G.Chemicals Limited

JG CHEMICALS

Adventz Infinity@5, Unit No. 1511, Street No. 18, BN Block, Sector – V, Salt Lake City, Kolkata – 700 091, India,
Email: corporate@jgchem.com | Web: www.jgchem.com
CIN: L24100WB2001PLC093380

**Statement of Unaudited Consolidated Financial Results for the Quarter and Half Year ended 30th September 2024**

(₹ in Crores except EPS data)

| Particulars | Quarter ended | | | Half year ended | | Year ended |
|---|---|---|---|---|---|---|
| | 30-09-2024 (Unaudited) | 30-06-2024 (Unaudited) | 30-09-2023 (Unaudited) | 30-09-2024 (Unaudited) | 30-09-2023 (Unaudited) | 31-03-2024 (Audited) |
| Revenue from operations | 212.08 | 202.53 | 152.66 | 414.61 | 325.00 | 667.69 |
| Net Profit / (Loss) for the period (before tax and exceptional items) | 23.15 | 21.24 | 6.95 | 44.39 | 12.08 | 44.90 |
| Net Profit / (Loss) for the period before tax (after exceptional items) | 23.15 | 21.24 | 5.15 | 44.39 | 10.28 | 43.10 |
| Net Profit / (Loss) for the period after tax | 17.14 | 15.90 | 4.01 | 33.05 | 7.88 | 32.11 |
| Total comprehensive income for the period | 23.30 | 15.90 | 4.01 | 39.20 | 7.88 | 36.83 |
| Paid up Equity Share Capital [Face value Rs.10 per share] | 39.19 | 39.19 | 31.72 | 39.19 | 31.72 | 39.19 |
| Total Reserves | - | - | - | - | - | 366.32 |
| Earnings per Equity Share (of ₹ 10 each) -Basic and Diluted (Not Annualised *) | *4.21 | *3.88 | *1.18 | *8.09 | *2.38 | 9.60 |

**Notes :**
**1.Additional information on Unaudited Standalone Financial Results is as follows:** (₹ in Crores)

| Particulars | Quarter ended | | | Half year ended | | Year ended |
|---|---|---|---|---|---|---|
| | 30-09-2024 (Unaudited) | 30-06-2024 (Unaudited) | 30-09-2023 (Unaudited) | 30-09-2024 (Unaudited) | 30-09-2023 (Unaudited) | 31-03-2024 (Audited) |
| Revenue from operations | 70.94 | 65 | 53.41 | 135.95 | 123.74 | 244.65 |
| Profit before exceptional item and tax | 8.52 | 5.11 | 0.68 | 13.63 | 4.35 | 16.21 |
| Profit before tax | 8.52 | 5.11 | (1.12) | 13.63 | 2.55 | 14.40 |
| Profit after tax | 6.29 | 3.83 | (0.67) | 10.12 | 2.11 | 10.79 |

2. The Unaudited Consolidated Financial Results and Unaudited Standalone Financial Results have been reviewed by the Audit Committee and approved by the Board of Directors at its meeting held on 14th November, 2024. The Statutory Auditors have given Limited Review Report on these results.
3. The above is an extract of the detailed format of Financial Results filed with Stock Exchanges under Regulation 33 of SEBI (LODR) Regulations, 2015. The full format of the standalone and consolidated Financial Results for the quarter and half year ended September 30, 2024 are available on the BSE Limited website (URL: **www.bseindia.com**), the National Stock Exchange of India Limited website (URL: **www.nseindia.com**) and on the Company's website (URL: **www.jgchem.com**).
4. These results have been prepared in accordance with the Indian Accounting Standards (referred to as "Ind AS") Financial Reporting prescribed under Section 133 of the Companies Act, 2013 read with Companies (Indian Accounting Standards) Rules as amended from time to time.

**By order of the Board
For J.G.Chemicals Limited
Sd/-
Anirudh Jhunjhunwala
Managing Director and CEO**

**Date: 14.11.2024
Place: Kolkata**

# নিক্কো পার্কস অ্যান্ড রিসর্টস লিমিটেড

NICCO PARKS / NICCO PARK

CIN: L92419WB1989PLC046487
**রেজিস্টার্ড অফিস :** "ঝিল মিল" সেক্টর-৪, সল্টলেক সিটি, কলকাতা- ৭০০ ১০৬
ই-মেল : niccopark@niccoparks.com, ওয়েবসাইট : www.niccoparks.com

**৩০ সেপ্টেম্বর, ২০২৪ তারিখে সমাপ্ত ত্রৈমাসিক এবং অর্ধবর্ষের অনিরীক্ষিত আর্থিক ফলাফলের বিবরণ**

(লক্ষ টাকায়)

| | বিবরণ | স্ট্যান্ডঅ্যালোন | | | কনসোলিডেটেড | | |
|---|---|---|---|---|---|---|---|
| | | তিন মাস সমাপ্ত ৩০ সেপ্টে.,২০২৪ | অর্ধ বর্ষ সমাপ্ত ৩০ সেপ্টে.,২০২৪ | তিন মাস সমাপ্ত ৩০ সেপ্টে.,২০২৩ | তিন মাস সমাপ্ত ৩০ সেপ্টে.,২০২৪ | অর্ধ বর্ষ সমাপ্ত ৩০ সেপ্টে.,২০২৪ | তিন মাস সমাপ্ত ৩০ সেপ্টে.,২০২৩ |
| | (উল্লেখ্য নীচের দ্রষ্টব্য) | (অনিরীক্ষিত) | (অনিরীক্ষিত) | (অনিরীক্ষিত) | (অনিরীক্ষিত) | (অনিরীক্ষিত) | (অনিরীক্ষিত) |
| ১. | কার্যাদি থেকে মোট আয় (নিট) | ১,৩৭৭.৩৭ | ৩,৮৫১.৭১ | ১,৬৬৮.৫৮ | ১,৩৭৭.৩৭ | ৩,৮৫১.৭১ | ১,৬৬৮.৫৮ |
| ২. | নিট লাভ(+)/ক্ষতি(-) সময়কালের জন্য (কর, ব্যতিক্রমী এবং/বা অতিরিক্ত দফা পূর্ব) | ৩৬৮.২৯ | ১,৩৯৭.৫৯ | ৫১৭.৭২ | ৪৬৯.১৩ | ১,৬৬৫.৩৫ | ৬৩৫.৪২ |
| ৩. | নিট লাভ(+)/ক্ষতি(-) কর পূর্ব সময়কালের জন্য (ব্যতিক্রমী এবং/বা অতিরিক্ত দফা পরবর্তী) | ৩৬৮.২৯ | ১,৩৯৭.৫৯ | ৫১৭.৭২ | ৪৬৯.১৩ | ১,৬৬৫.৩৫ | ৬৩৫.৪২ |
| ৪. | নিট লাভ(+)/ক্ষতি(-) কর পরবর্তী সময়কালের জন্য (ব্যতিক্রমী এবং/বা অতিরিক্ত দফা পরবর্তী) | ২৯৯.৫৮ | ১,০৪৯.৩৫ | ৩৮৫.৩১ | ৫৪৩.৫০ | ১,৪২২.০০ | ৪৭৬.০৮ |
| ৫. | মোট ব্যাপক আয় সময়কালের জন্য [এই সময়ের লাভ/(ক্ষতি) (কর পরবর্তী) এবং অন্যান্য মোট আয় (কর পরবর্তী)] | ২৯৭.৪০ | ১,০১২.৬৭ | ৩২৯.৫২ | ৫৩৯.৪৮ | ১,৪০০.৮৫ | ৪৭৬.২৩ |
| ৬. | ইক্যুইটি শেয়ার মূলধন (ফেসভ্যালু ১/- টাকা প্রতি শেয়ার) | ৪৬৮.০০ | ৪৬৮.০০ | ৪৬৮.০০ | ৪৬৮.০০ | ৪৬৮.০০ | ৪৬৮.০০ |
| ৭. | অন্যান্য ইক্যুইটি (পুনর্মূল্যায়ন সংরক্ষণ ব্যতীত) বিগত গণনা বর্ষের উদ্বর্তপত্রে দর্শিত পুনর্মূল্যায়ণ ব্যতীত মজুত | ৬,৮৩৭.৫৫ ৩১.০৩.২০২৪ তারিখে | ৬,৮৩৭.৫৫ ৩১.০৩.২০২৪ তারিখে | ৫,৫৭৮.৭৩ ৩১.০৩.২০২৩ তারিখে | ৮,৮৮৮.১৬ ৩১.০৩.২০২৪ তারিখে | ৮,৮৮৮.১৬ ৩১.০৩.২০২৪ তারিখে | ৭,০৪৫.৩২ ৩১.০৩.২০২৩ তারিখে |
| ৮. | শেয়ার প্রতি আয় সময়কালের জন্য (ফেস ভ্যালু ১/- টাকা প্রতিটি) - মূল এবং মিশ্রিত (বার্ষিকীকৃত নয়) | ০.৬৪ | ২.২৪ | ০.৮২ | ১.১৬ | ৩.০৪ | ১.০২ |

**দ্রষ্টব্য :**
১. উপরোক্তটি সেবি (লিস্টিং অবলিগেশনস অ্যান্ড ডিসক্লোজার রিকোয়ারমেন্টস) রেগুলেশনস, ২০১৫ -এর রেগুলেশন ৩৩ অধীনে স্টক এক্সচেঞ্জে দাখিল করা ত্রৈমাসিক আর্থিক ফলাফলের বিস্তারিত ফরম্যাটের নির্যাস। ৩০ সেপ্টেম্বর, ২০২৪ তারিখে সমাপ্ত ত্রৈমাসিক এবং অর্ধবর্ষের অনিরীক্ষিত আর্থিক ফলাফলের সম্পূর্ণ ফরম্যাট পাওয়া যাবে স্টক এক্সচেঞ্জেস ওয়েবসাইট সমূহ (www.bseindia.com এবং www.cse-india.com) এবং কোম্পানির ওয়েবসাইট (www.niccoparks.com) -তে।
২. ৩০ সেপ্টেম্বর, ২০২৪ তারিখে সমাপ্ত ত্রৈমাসিক এবং অর্ধবর্ষের জন্য উপরোক্ত অনিরীক্ষিত আর্থিক ফলাফল অডিট কমিটি কর্তৃক পর্যালোচিত হয়েছে এবং তারপর পরিচালন পর্ষদ কর্তৃক অনুমোদিত হয়েছে এবং ১৪ নভেম্বর, ২০২৪ তারিখে অনুষ্ঠিত তাদের সভায় নথিভুক্ত হয়েছে। বিধিবদ্ধ নিরীক্ষকেরা ৩০ সেপ্টেম্বর, ২০২৪ তারিখে সমাপ্ত ত্রৈমাসিক এবং অর্ধবর্ষের জন্য উপরোক্ত আর্থিক ফলাফলের একটি সীমিত পর্যালোচনাও করেছেন।
৩. ক) পার্কের এফ অ্যান্ড বি এবং অন্যান্য আমোদ প্রমোদজনক কার্যাবলী বদলি মরশুমের উপর নির্ভরশীল
খ) রাইডসের মন্ত্রণা, চুক্তি ও অংশাদি বিক্রি ও পরিবর্তন সাপেক্ষ যা চুক্তি সংখ্যার উপর নির্ভরশীল।
৪. অর্থবছর ২০২৪-২০২৫ এর জন্য একটি অন্তর্বর্তীকালীন লভ্যাংশ @ ২০% (ভেস ভ্যালু ১ টাকার উপর ত্রিশ পয়সা) পরিচালন পর্ষদ তার পূর্বোক্ত সভায় অনুমোদন করেছে। এটি ইতিমধ্যে অতিরিক্ত অন্তর্বর্তী লভ্যাংশের ০৯ অগস্ট, ২০২৪ তারিখে অনুমোদিত @ ৩৫% এবং তারপরে এর পরে ২০২৪-২০২৫ এর সাথে সম্পর্কিত অর্থ প্রদান করা হয়েছে।
৫. ২৩.০২.১৯৯০ তারিখের জয়েন্ট সেক্টর এগ্রিমেন্ট ("জেএসএ") অনুসারে দ্য ন্যাশনাল ইনসুলেটেড কেবল কোম্পানি অফ ইন্ডিয়া লিমিটেড (বর্তমানে নিক্কো কর্পোরেশন লিমিটেড নামে পরিচিত - এনসিএল লিকুইডেশনের অধীনে), ওয়েস্ট বেঙ্গল ট্যুরিজম ডেভেলপমেন্ট কর্পোরেশন লিমিটেড (ডব্লিউবিটিডিসি) এবং ওয়েস্ট বেঙ্গল ইন্ডাস্ট্রিয়াল ডেভেলপমেন্ট কর্পোরেশন লিমিটেড (ডব্লিউবিআইডিসি) এর মধ্যে সম্পাদিত হয়েছিল, কোম্পানির জমি যেটিতে অ্যামিউজমেন্ট পার্ক এবং এফএন্ডবি এবং অন্যান্য বিনোদনমূলক কার্যক্রম পরিচালনা করা হচ্ছে কোম্পানিকে ৩৩ বছরের জন্য উপলব্ধ করা হয়েছে আরও দুটি মেয়াদের জন্য পুনর্নবীকরণ ধারা শর্ত সহ। এনসিএল-এর বিরুদ্ধে লিকুইডেশন প্রক্রিয়ার ভিত্তিতে, তাদের হাতে থাকা কোম্পানির শেয়ার হস্তান্তর করা হয়েছে এবং এর ফলে, এতে উল্লেখিত জেএসএ অকার্যকর এবং নিষ্ক্রিয় হয়ে পড়েছে। অধিকন্তু, পশ্চিমবঙ্গ রাজ্যের গভর্নর এবং কোম্পানির মধ্যে ৫ জুলাই, ১৯৯১ তারিখের চুক্তির মাধ্যমে ৩৩ বছরের ইজারার প্রথম মেয়াদ ২৮ ফেব্রুয়ারি, ২০২৩ -এ শেষ হয়েছে যা সেই তারিখ থেকে পুনর্নবীকরণের জন্য রয়েছে। তদনুসারে, যথাসময়ে এর ধারাবাহিকতা নিশ্চিত করার জন্য উপরোক্ত চুক্তিগুলিকে আনুষ্ঠানিক করার পদক্ষেপ নেওয়া হয়েছে। ইজারা চুক্তি পুনর্নবীকরণের জন্য প্রয়োজনীয় আবেদন পশ্চিমবঙ্গ সরকারের পর্যটন বিভাগের সাথে ১১ অক্টোবর, ২০২২ তারিখের চিঠির মাধ্যমে করা হয়েছে, যা এই তারিখ পর্যন্ত কার্যকর করার জন্য মুলতুবি রয়েছে। ব্যবস্থাপনার দ্বারা বলা হয়েছে, এটি সক্রিয় বিবেচনাধীন রয়েছে এবং এর মেয়াদ বাড়ানো হবে বলে আশা করা হচ্ছে। উপরে গৃহীত পদক্ষেপগুলির মুলতুবি ফলাফল, অপারেশন এবং সম্পর্কিত ব্যবস্থাগুলিকে চলমান হিসাবে বিবেচনা করা হয়েছে এবং উদ্বেগের ভিত্তিতে স্বতন্ত্র আর্থিক বিবৃতি তৈরি করা অব্যাহত রয়েছে।
৬. চলতি সময়কালের উপস্থাপনাকে নিশ্চিত করতে যেখানে প্রয়োজন সেখানে বিগত বর্ষের/সময়কালের রাশিসমূহকে পুনর্শ্রেণিফুক্ত/পুনর্দলভুক্ত/পুনর্সজ্জিত করা হয়েছে।

**বোর্ড অফ ডিরেক্টরসের পক্ষে
রাজেশ রায়সিংহানি
ম্যানেজিং ডিরেক্টর এবং সিইও
(DIN : 07137479)**

স্থান: কলকাতা
তারিখ: ১৪ নভেম্বর ২০২৪

**শ্রেণীবদ্ধ বিজ্ঞাপনের জন্য যোগাযোগ করুন-মোবাইল
৯৩৩১০৫৯০৬০/ ৯০০৭২৯৯৩৫৩/৯৮৭৪০ ৯২২২০**

# কেমিক্যাল স্প্রে করে শুভেন্দু ও আমাকে মেরে ফেলার চক্রান্ত চলছে: অর্জুন সিং



**নিজস্ব প্রতিবেদন:** অবশেষে ভবানী ভবনে হাজিরা দিলেন ব্যারাকপুরের প্রাক্তন সাংসদ তথা বিজেপি নেতা অর্জুন সিং। কলকাতা হাই কোর্টের নির্দেশ মেনেই চার বছর আগের একটি মামলায় সিআইডি-র মুখোমুখি হলেন তিনি। টানা চার ঘণ্টা জেরা শেষে বাইরে বেরিয়ে সাংবাদিকদের মুখোমুখি হয়ে ব্যারাকপুরের প্রাক্তন সাংসদ অর্জুন সিং বলেন, ‘রাজনৈতিক কারণে আমাকে হেনস্থা করা হচ্ছে। পশ্চিমবঙ্গে প্রথম ই-টেন্ডার চালু হয়েছিল ভাটপাড়া পুরসভায়। যখন আমি পুরপ্রধান ছিলাম। কে টেন্ডার পাবে, সেই ক্ষমতা আমার হাতে ছিল না। ই-টেন্ডারে যেকোনও কোম্পানি কাজ পেতে পারে।’ তাঁর সংযোজন, তৃণমূলে যখন তিনি ছিলেন, তখন তিনি ভালো ছিলেন। এখন তিনি খারাপ হয়ে গেছেন। এদিন অর্জুন সিং আরও বলেন, তিনি মেডিক্যাল পরীক্ষা করাবেন। বসে থাকার চেয়ারের ছবি তুলে দেয়নি তদন্তকারীরা। এদিকে, এদিন সকালে জগদ্দলের মজদুর ভবন থেকে বেরোনোর সময় সাংবাদিকদের মুখোমুখি হয়ে অর্জুন সিং বলেন, মিথ্যা একটা মামলায় ২০২০ সাল থেকে তাঁকে হেনস্থা করা হচ্ছে। তাঁর দাবি, যারা তৃণমূলের বিরোধিতা করবে। যারা অভিষেক কিংবা মমতার বিরুদ্ধে কথা বলবে। তাঁদেরকে টার্গেট করে মিথ্যা মামলায় ফাঁসানো হচ্ছে। গেরুয়া শিবিরের লড়াকু নেতার জোরালো দাবি, তাঁকে এবং শুভেন্দুকে কোনওভাবেই তৃণমূল সরকার আটকাতে পারছে না। তাই তাঁদের মেরে ফেলার চক্রান্ত চলছে। অর্জুনের অভিযোগ, ‘রাশিয়া থেকে কেমিক্যাল আনা হয়েছে। তদন্তের নামে ডেকে সেই কেমিক্যাল স্প্রে করা হবে। সেই কেমিক্যাল শরীরের কোথাও স্পর্শ হলে তিন থেকে ছয় মাসের মধ্যে একাধিক অঙ্গ-প্রত্যঙ্গ বিকল হওয়ার সম্ভাবনা প্রবল।’ তাঁর আরও অভিযোগ, বিশ্বস্ত সূত্রে পাওয়া খবর অনুযায়ী, তাঁকে-শুভেন্দুকে এবং প্রথম সারির আরও চার-পাঁচজন নেতাকে মেরে ফেলার চক্রান্ত চলছে। অর্জুনের চাঞ্চল্যকর দাবি, রাশিয়া থেকে আনা এই কেমিক্যাল এক ধরনের বিষ। এই কেমিক্যাল শরীরের কোনও জায়গায় লাগলে ছয় মাসের মধ্যে অঙ্গ-প্রত্যঙ্গ বিকল হয়ে মৃত্যু পর্যন্ত হতে পারে। এই ধরনের একটা বড় চক্রান্ত চলছে। যাতে ২০২৬ সালের বিধানসভা নির্বাচনে ফের তৃণমূল ক্ষমতায় আসতে পারে। বিজেপি নেতা অর্জুন সিং জানান, তিনি কলকাতা হাইকোর্টের দ্বারস্থ হয়েছিলেন। আদালত নির্দেশ দিয়েছে, তাঁকে চার ঘণ্টার বেশি জেরা করতে পারবে না তদন্তকারীরা। অর্জুনের সাফ বক্তব্য, ছয় মাসের মধ্যে তাঁর কিছু হলে, দায়ী থাকবে রাজ্য সরকার ও প্রশাসন। সেটা তিনি আগাম জানিয়েও দিলেন। অর্জুন সিংয়ের আরও অভিযোগ, ‘রাজ্যের তৃণমূল নেতারা রাশিয়ান একাউন্ট ভাড়া নিয়ে ওই একাউন্টে টাকা গচ্ছিত রাখছেন।’ অর্জুন সিং-কে সিআইডি-র তলব নিয়ে বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারীর সাফ জবাব, ‘বাংলায় ষড়যন্ত্রের রাজনীতি চলছে। তাঁর বিরুদ্ধেও অনেক মামলা করা হয়েছে।’

# নৈহাটির তৃণমূল প্রার্থীর পুত্রকে মারধোরে ধৃত ২

**নিজস্ব প্রতিবেদন:** ভোট মিটতেই তৃণমূলের গোষ্ঠী কোন্দল প্রকাশ্যে এসে পড়লো নৈহাটিতে। বুধবার রাতে নৈহাটিতে শাসকদলের দুই গোষ্ঠীর মধ্যে মারপিটের ঘটনা ঘটলো। নৈহাটি বিধানসভা কেন্দ্রের উপনির্বাচনের তৃণমূল প্রার্থী সনৎ দে-র পুত্র শুভম দে-কে মারধরের অভিযোগে উঠল বিরোধী গোষ্ঠীর বিরুদ্ধে। যদিও মুখে কুলুপ এঁটেছেন স্থানীয় তৃণমূল নেতৃত্ব। নৈহাটির লিচু বাগান মক্কেশ্বর ঘাট এলাকার ঘটনা। স্থানীয় সূত্রে খবর, বুধবার রাতে নৈহাটির লিচুবাগান মক্কেশ্বর ঘাট এলাকায় বন্ধুদের সঙ্গে আড্ডা দিচ্ছিল তৃণমূল প্রার্থী সনৎ দে-র পুত্র শুভম দে। সেইসময় জোরে বাইক চালিয়ে দুই যুবক সেখান থেকে যাচ্ছিল। জোরে বাইক চালানোর প্রতিবাদ ঘিরে দু’পক্ষের মধ্যে তুমুল বচসাও বেধে গিয়েছিল। এরপর বাইক আরোহী দুই যুবক ঘটনাস্থল থেকে চলে যায়।

# নরওয়ে সফর বাতিল করলেন অভিষেক

**নিজস্ব প্রতিবেদন:** নরওয়ে সফরে যাচ্ছেন না তৃণমূলের সর্বভারতীয় সাধারণ সম্পাদক অভিষেক বন্দ্যোপাধ্যায়। এদিকে কদিন আগে নয়াদিল্লিতে নরওয়ের দূতাবাস থেকে জানানো হয়েছিল, নভেম্বরে নরওয়ের রাজধানী অসলো সফরে আমন্ত্রণ জানানো হয়েছে তৃণমূল সাংসদকে। সূত্রে খবর, লিঙ্গ সাম্য ও মহিলাদের ক্ষমতায়নের জন্য নরওয়ে সরকার সেখানে যে নীতি বাস্তবায়িত করেছে, সে ব্যাপারে আলোচনার জন্য আমন্ত্রণ জানানো হয়েছে তৃণমূল সাংসদকে। ১৭ থেকে ২২ নভেম্বর পাঁচ দিনের সফরে আমন্ত্রণ জানানো হয়েছিল অভিষেককে।

এই প্রসঙ্গে বিশেষজ্ঞদের ধারনা, বাংলায় তৃণমূল সরকারের মেয়াদে মহিলাদের আর্থসামাজিক ক্ষমতায়ণের জন্য ‘কন্যাশ্রী’, ‘লদীর ভাণ্ডার’-এর মতো প্রকল্পের রূপায়ণ করেছে। সম্ভবত এই সব কারণেই বাংলার শাসক দলের প্রতিনিধিকে ডাকা হয়েছিল অসলো কনভেনশনে। তবে অভিষেক বন্দ্যোপাধ্যায় জানিয়েছেন, তিনি আপাতত নরওয়ে সফরে যাচ্ছেন না। এ ব্যাপারে নরওয়ে দূতাবাসকে তাঁর অপারগতার কথা জানিয়ে দিয়েছেন। ঘটনা হল, নরওয়ে সফর বাতিল করার ব্যাপারে অভিষেকের এই সিদ্ধান্ত আবার দলের মধ্যে একটা আলোড়ন তৈরি করেছে। বিষয়টি সর্বস্তরের নেতারা এখনও জানেন না বলেই সূত্রে খবর। তবে কালীঘাট ঘনিষ্ঠ শীর্ষসারির কয়েকজন নেতার গোচরে তা রয়েছে। এবং তাঁরা মনে করছেন, তৃণমূলের সাংগঠনিক রদবদল এবার যে কোনওদিন ঘটে যেতে পারে।

কালীঘাটের ঘনিষ্ঠ সূত্রে এও খবর, প্রস্তাবিত ও সম্ভাব্য রদবদলের কয়েকটা স্তর রয়েছে। সাংগঠনিক রদবদলের ক্ষেত্রে প্রথমে জেলা ও ব্লক স্তরে বদল ঘটানো হবে। সেই সঙ্গে অভিষেক আগেই ইঙ্গিত দিয়েছেন যে পুরসভা ভোটে যেখানে যেখানে খারাপ ফলাফল হয়েছে সেখানে পুরসভার চেয়ারম্যান ও ভাইস চেয়ারম্যান দুজনকেই সরানো হবে। পরিবর্তে নতুন মুখ আনা হবে।

জেলা সংগঠনের পাশাপাশি তৃণমূলের যুব ও ছাত্র সংগঠনে রদবদলও একপ্রকার অনিবার্য। শেষ মুহূর্তে কৌশলের কোনও বদল না ঘটলে যুব সভানেত্রীর পদ থেকে সরানো হতে পারে সায়নী ঘোষকে। সায়নীর থেকে জেলা স্তরে যুব সংগঠনে রদবদলের জন্য সুপারিশ অনেক আগেই নিয়ে রেখেছেন রাজ্য সভাপতি সুব্রত বক্সী। ২১ জুলাইয়ের আগে সেই পর্ব সম্পন্ন হয়েছে। একই ভাবে রদবদলের সম্ভাবনা রয়েছে তৃণমূল ছাত্র পরিষদেও। দলের রাজ্য নেতাদের অনেকের মতে, ছাত্র ও যুব সংগঠন ঢেলে সাজানো জরুরি। দলের এই দুই ফ্রন্টাল অর্গানাইজেশন যে ভোঁতা, অকেজো এবং একেবারেই কার্যকরী নয়, তা সম্প্রতি আরজি কর পর্বেও স্পষ্ট হয়ে গিয়েছে। জেলা সংগঠনে রদবদলের পর দলের রাজ্য সংগঠনেও কিছু বদল হতে পারে। তবে তা নিয়ে এখনও যে আলোচনা খুব এগিয়েছে তা নয়। মূলত জেলা ও পুরসভা স্তরে বদল নিয়েই সবিস্তার সমীক্ষা করেছে আইপ্যাক। তাদের সুপারিশ মোতাবেক একটা খসড়া চূড়ান্ত করা হয়েছে। কালীঘাট ঘনিষ্ঠ নেতাদের মতে, সংগঠনে এই সব রদবদল হয়ে যাওয়ার পর রাজ্য মন্ত্রিসভাতেও কিছু বদল অনিবার্য ভাবে হতে পারে। ছাব্বিশের বিধানসভা ভোটের আগে সেটা হবে মন্ত্রিসভার শেষ রদবদল।

# খড়দায় ধৃত আট বাংলাদেশী

**নিজস্ব প্রতিবেদন:** অবৈধভাবে অনুপ্রবেশের অভিযোগে খড়দা থানার পুলিশের হাতে ধৃত আট বাংলাদেশী। অভিযোগ, বৈধ নথি ছাড়াই খড়দা থানা এলাকার তিনটি জায়গায় বাড়ি ভাড়া নিয়ে বসবাস করছিল ধৃত ওই আট বাংলাদেশী। খড়দা থানার পুলিশ বুধবার রাতে টিটাগড় নতুনপল্লী, পাঁচ নম্বর পানি ট্যাঙ্কি ও আগরপাড়ার শালপাতা বাগান এলাকায় হানা দিয়ে ওই আটজনকে গ্রেফতার করেছে। পুলিশ জানিয়েছে, ধৃতদের অধিকাংশের বাড়ি বাংলাদেশের গোপালগঞ্জ জেলায়।


## ফ্রন্টলাইন কর্পোরেশন লিমিটেড

CIN NO : L63090WB1989PLC099645

রেজিস্টার্ড অফিস: ৪, বি.বি.ডি. বাগ (পূর্ব), স্টিফেন হাউজ, কক্ষ নং ৫, ২য় তল, কলকাতা-৭০০০০১

কর্পোরেট অফিস: ৫ম তল শালিন বিল্ডিং, নেহরু ব্রিজ কর্নারের নিকটে, আশ্রম রোড, আমেদাবাদ - ৩৮০০০৯

**৩০/০৯/২০২৪ তারিখে সমাপ্ত ত্রৈমাসিক এবং অর্ধবর্ষের স্ট্যান্ডঅ্যালোন অনিরীক্ষিত আর্থিক ফলাফলের বিবরণের সারাংশ**

(টাকার অঙ্ক লাখে)

| ক্রম নং | বিবরণ | ত্রৈমাসিক সমাপ্ত ৩০ সেপ্টে. ২০২৪ (অনিরীক্ষিত) | ত্রৈমাসিক সমাপ্ত ৩০ জুন ২০২৪ (অনিরীক্ষিত) | ত্রৈমাসিক সমাপ্ত ৩০ সেপ্টে. ২০২৩ (অনিরীক্ষিত) | ছয় মাস সমাপ্ত ৩০ সেপ্টে. ২০২৪ (অনিরীক্ষিত) | ছয় মাস সমাপ্ত ৩০ সেপ্টে. ২০২৩ (অনিরীক্ষিত) | বর্ষ সমাপ্ত ৩১ মার্চ ২০২৪ (নিরীক্ষিত) |
|---|---|---|---|---|---|---|---|
| ১ | কার্যাদি থেকে মোট আয় | ২,৫২৫.৫৭ | ২,৪৮৫.৬৫ | ২,১২৭.০৬ | ৫,০১১.২২ | ৪,৪১১.২৭ | ৮,৭৮৪.৯৪ |
| ২ | সময়কালের জন্য নিট লাভ/(ক্ষতি) (কর এবং ব্যতিক্রমী দফার পূর্বে) | ১০৫.৪৩ | ৫২.৮১ | ৬৮.৭৭ | ১৫৮.২৪ | ১০০.৫৩ | ১৫৬.৫৭ |
| ৩ | সময়কালের জন্য নিট লাভ/(ক্ষতি) করপূর্ব (অতিরিক্ত দফার পরে) | ১০৫.৪৩ | ৫২.৮১ | ৬৮.৭৭ | ১৫৮.২৪ | ১০০.৫৩ | ১৫৬.৫৭ |
| ৪ | সময়কালের জন্য নিট লাভ/(ক্ষতি) কর পরবর্তী (অতিরিক্ত দফার পরে) | ৯১.১১ | ৩৮.৫৩ | ৪২.২২ | ১২৯.৬৪ | ৫৫.৮৫ | ১২১.৫৭ |
| ৫ | সময়কালের জন্য মোট আনুপুঙ্খিক আয় [সময়কালের জন্য লাভ/(ক্ষতি) সমন্বিত (কর পরবর্তী) এবং অন্যান্য আনুপুঙ্খিক আয় (করের পরে)] | ৮৫.৬৪ | ৪১.০২ | ৪৩.১১ | ১২৬.৬৬ | ৫৭.৬৩ | ১১৬.১৬ |
| ৬ | পরিশোধিত ইক্যুইটি শেয়ার মূলধন (ফেস ভ্যালু ১০/- টাকা প্রতি শেয়ার) | ৪৯৭.৭৫ | ৪৯৭.৭৫ | ৪৯৭.৭৫ | ৪৯৭.৭৫ | ৪৯৭.৭৫ | ৪৯৭.৭৫ |
| ৭ | রিজার্ভ (পুনর্মূল্যায়ন রিজার্ভ বাদে) পূর্ববর্তী বছরের নিরীক্ষিত উদ্বর্তপত্রে যেমন প্রদর্শিত | | | | | | ৭৫১.৯০ |
| ৮ | শেয়ার প্রতি আয় - মৌলিক ও মিশ্রিত | ১.৮৩ | ০.৭৭ | ০.৮৫ | ২.৬০ | ১.১২ | ২.৪৪ |

দ্রষ্টব্য :

১. উপরের স্ট্যান্ডঅ্যালোন আর্থিক ফলাফলটি অডিট কমিটি কর্তৃক পর্যালোচিত এবং ১৪.১১.২০২৪ তারিখে অনুষ্ঠিত কোম্পানির ডিরেক্টর বোর্ডের সভায় অনুমোদিত হয়েছে।

২. উপরের ফর্ম্যাটটি স্টক এক্সচেঞ্জে জমাকৃত বিস্তারিত ত্রৈমাসিক/বার্ষিক আর্থিক ফলাফলের সারাংশ যা সেবি (লিস্টিং অ্যান্ড আদার ডিসক্লোজার রিকোয়ারমেন্টস) রেগুলেশন, ২০১৫ -এর রেগুলেশন ৩৩ অধীনে স্টক এক্সচেঞ্জে ফাইল করা হয়েছে। আর্থিক ফলাফলের বিশদ ফর্ম্যাট স্টক এক্সচেঞ্জের বিএসই ওয়েবসাইট www.bseindia.com এবং কোম্পানির ওয়েবসাইট www.frontlinecorporation.org -এ পাওয়া যাবে।

ফ্রন্টলাইন কর্পোরেশন লিমিটেড-এর পক্ষে
স্বা/-
পবন কুমার আগরওয়াল
ম্যানেজিং ডিরেক্টর
(DIN NO: 00060418)

স্থান: আমেদাবাদ
তারিখ: ১৪.১১.২০২৪

## এমকে কনসালট্যান্টস লিমিটেড

CIN NO: L74140WB1990PLC050229

রেজিস্টার্ড অফিস: আলিপুর হাইট, ৫বি, জাজেস কোর্ট রোড, কলকাতা-৭০০০২৭

ফোন নং : ০৩৩-২৪৪৮৬০৬০ ইমেল আইডি : support@emkayconsultants.com

**৩০ সেপ্টেম্বর, ২০২৪ তারিখে সমাপ্ত ত্রৈমাসিক এবং অর্ধবর্ষের অনিরীক্ষিত আর্থিক ফলাফলের বিবরণ**

(টাকায়)

| বিবরণ | ত্রৈমাসিক সমাপ্ত ৩০.০৯.২০২৪ (অনিরীক্ষিত) | ত্রৈমাসিক সমাপ্ত ৩০.০৬.২০২৪ (অনিরীক্ষিত) | ত্রৈমাসিক সমাপ্ত ৩০.০৯.২০২৩ (অনিরীক্ষিত) | অর্ধ বর্ষ সমাপ্ত ৩০.০৯.২০২৪ (অনিরীক্ষিত) | অর্ধ বর্ষ সমাপ্ত ৩০.০৯.২০২৩ (অনিরীক্ষিত) | বর্ষ সমাপ্ত ৩১.০৩.২০২৪ (নিরীক্ষিত) |
|---|---|---|---|---|---|---|
| চলতি কার্যাদি থেকে মোট আয় | ৪,৫০৩,৭২৪.৯২ | ৩,৪৮২,৭২৩.০০ | ৭৭৩,৪৯৮.০০ | ৭,৯৮১,৯১৫.২৫ | ১,৪২১,২০০.০০ | ৫,১৭৯,১৯৭.০০ |
| ব্যতিক্রমী দফা এবং কর পূর্ব কার্যাদি থেকে লাভ [+] /ক্ষতি [-] | (৯৪৬,৯৬৮.৪৭) | (২৫২,২৩৯.০০) | (৯২৮,৯৯২.০০) | (১,২১০,২৯০.৭৯) | (১,২৩৭,৭৩৭.০০) | (২,০০৫,৯১১.০০) |
| চলতি কার্যাদি থেকে কর পূর্ব কার্যাদি থেকে লাভ [+] /ক্ষতি [-] | (৯,২৫১,৮৬৫.৬৮) | (২৫২,২৩৯.০০) | (৯২৮,৯৯২.০০) | (১,২১০,২৯০.৭৯) | (১,২৩৭,৭৩৭.০০) | (১,৯৬৫,৩৭০.০০) |
| চলতি কার্যাদি থেকে সময়কালের জন্য লাভ [+] /ক্ষতি [-] | (৯,৩৯৬,২১৭.৮৭) | (২৫২,২৩৯.০০) | (৯২৮,৯৯২.০০) | (১,২১০,২৯০.৭৯) | (১,২৩৭,৭৩৭.০০) | (১,৯৬৫,৩৭০.০০) |
| মোট আনুপুঙ্খিক আয় | (৯,৩৯৬,২১৭.৮৭) | (২৫২,২৩৯.০০) | (৯২৮,৯৯২.০০) | (১,২১০,২৯০.৭৯) | (১,২৩৭,৭৩৭.০০) | (১,৯৬৫,৩৭০.০০) |
| পরিশোধিত ইক্যুইটি শেয়ার মূলধন (ফেস ভ্যালু ১০ টাকার) | ৩০,০০৪,০০০.০০ | ৩০,০০৪,০০০.০০ | ৩০,০০৪,০০০.০০ | ৩০,০০৪,০০০.০০ | ৩০,০০৪,০০০.০০ | ৩০,০০৪,০০০.০০ |
| অন্যান্য ইক্যুইটি | - | - | - | - | - | |
| শেয়ার প্রতি আয় ১০ টাকা প্রতিটি (বার্ষিকীকৃত নয়) | (১.১৩২) | (০.০৮৪) | (০.৩১০) | (০.৪০৩) | (০.৪১৩) | (০.৬৫৫) |
| চলতি এবং অচলতি কার্যাদি থেকে মূল (টা.) | (১.১৩২) | (০.০৮৪) | (০.৩১০) | (০.৪০৩) | (০.৪১৩) | (০.৬৫৫) |
| মিশ্রিত (টা.) | (১.১৩২) | (০.০৮৪) | (০.৩১০) | (০.৪০৩) | (০.৪১৩) | (০.৬৫৫) |

দ্রষ্টব্য :

১. উপরোক্ত নিরীক্ষিত আর্থিক ফলাফল অডিট কমিটি কর্তৃক পর্যালোচনার পর ১৪ নভেম্বর, ২০২৪ তারিখে অনুষ্ঠিত পরিচালন পর্ষদের সভায় অনুমোদিত হয়েছে।

২. উপরোক্তটি সেবি (লিস্টিং অবলিগেশনস অ্যান্ড ডিসক্লোজার রিকোয়ারমেন্টস) রেগুলেশনস, ২০১৫-এর রেগুলেশন ৩৩ এর অধীনে স্টক এক্সচেঞ্জে দাখিল করা অ-নিরীক্ষিত আর্থিক ফলাফলের বিস্তারিত বিন্যাসের একটি নির্যাস। ফলাফলের সম্পূর্ণ ফর্ম্যাটটি কোম্পানির ওয়েবসাইটেও উপলব্ধ।

৩. কোম্পানি (ইন্ডিয়ান অ্যাকাউন্টিং স্ট্যান্ডার্ড) রুলস, ২০১৫ এবং এর অধীনে জারি করা প্রাসঙ্গিক সংশোধনী বিধিগুলির অধীনে নির্ধারিত ভারতীয় অ্যাকাউন্টিং স্ট্যান্ডার্ড (ইন্ড এএস) অনুসারে ফলাফলগুলি প্রস্তুত করা হয়েছে।

৪. পূর্ববর্তী সময়ের পরিসংখ্যানগুলি পুনরায় গোষ্ঠীভুক্ত / পুনরায় শ্রেণিবদ্ধ করা হয়েছে, যেখানে বর্তমান সময়ের শ্রেণিবিন্যাস নিশ্চিত করার জন্য প্রয়োজন।

ডিরেক্টর বোর্ডের আদেশক্রমে
স্বা/-
দীপক কুমার সিং
(চেয়ারম্যান)
DIN: 00506236

স্থান : কলকাতা
তারিখ : ১৪ নভেম্বর, ২০২৪

## শ্রেণীবদ্ধ বিজ্ঞাপনের জন্য যোগাযোগ করুন-মোঃ ৯৮৩১৯১৯৭৯১

## IIEST SHIBPUR AND GARDEN Co-OPERATIVE CREDIT SOCIETY LTD.

Regd. No. 07, Dt. 19/08/1924

বিজ্ঞপ্তি

এতদ্বারা সমিতির সকল সদস্য/ সদস্যাদের জানানো যাইতেছে যে, সমিতির আগামী পরিচালক মন্ডলী নির্বাচনের জন্য ড্রাফ্‌ট ভোটার লিস্ট সমিতির কার্যালয়ে নোটিশ বোর্ডে রাখা হইয়াছে। উক্ত ব্যাপারে যদি কাহারও কোন আপত্তি থাকে তাহা ১৮.১১.২০২৪ হইতে ১৪.১২.২০২৪ এর মধ্যে লিখিত আকারে কর্ম দিবসগুলিতে সমিতির অফিসে জমা করিতে হইবে এবং ১৭.১২.২০২৪ তারিখ দুপুর ১২টার সময় এর শুনানির সময় উপস্থিত থাকতে অনুরোধ করা যাইতেছে। চূড়ান্ত ভোটার লিস্ট ১৮.১২.২০২৪ তারিখে চূড়ান্ত শুনানির পর টাঙানো হইবে।

স্বা/–
শ্রী জয়দীপ মৈত্র
(অ্যাসিস্ট্যান্ট রিটার্নিং অফিসার)

## SBI এসবিআই আরএসিপিসি বেহালা (১৭৮৯৯)

২৩এ/৪৪এক্স, ৪র্থ তল, জীবন তারা বিল্ডিং, ডি. এইচ. রোড, কোল - ৭০০০৫৩ ইমেল - sbi.17899@sbi.co.in

পরিশিষ্ট IV (রুল-৮(১)) দখল বিজ্ঞপ্তি (স্থাবর সম্পত্তির জন্য)

যেহেতু
**স্টেট ব্যাঙ্ক অফ ইন্ডিয়া,** অনুমোদিত অফিসার হিসেবে নিম্নস্বাক্ষরকারী ২০০২ সালের সিকিউরিটাইজেশন অ্যান্ড রিকনস্ট্রাকশন অফ ফিনান্সিয়াল অ্যাসেটস অ্যান্ড এনফোর্সমেন্ট অফ সিকিউরিটি ইন্টারেস্ট আইনের ১৩(১২) ধারা এবং তৎসহ পঠিতব্য ২০০২ সালের সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলসের রুল ৩ সংস্থান অধীনে ০৬.০৬.২০২৪ তারিখে ঋণগ্রহীতা **শ্রী উজ্জ্বল কুমার দত্ত এবং শ্রীমতি শ্রাবনী দত্ত নতুন ঠিকানা অ্যাপার্টমেন্ট, হোল্ডিং নং এ২-১১০, ফ্ল্যাট নং এফ১/বি, নিউ ওয়েস্ট জগতলা রোড, নিউ আদর্শ ক্লাবের নিকট, থানা - মহেশতলা, কলকাতা - ৭০০১৪০** কে নোটিশে উল্লিখিত পরিমাণ **১০,১৬,৫৯৩ টাকা (দশ লাখ যোলো হাজার পাঁচশ তিরানব্বই টাকা) এবং ০৭.০৬.২০২৪ থেকে পরবর্তী সুদ সহ** নোটিশ পাওয়ার তারিখ থেকে ৬০ দিনের মধ্যে আদায়দানের জন্য এক দাবি নোটিশ ইস্যু করেছেন।
ঋণগ্রহীতাগণ উক্ত বকেয়া পরিমাণ আদায়দানে ব্যর্থ হওয়ায় ঋণগ্রহীতা এবং সাধারণের প্রতি অবগত করা হচ্ছে নিম্নস্বাক্ষরকারী উক্ত আইনের ১৩(৪) ধারা এবং উক্ত ২০০২ সালের সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলসের রুল ৮ সংস্থান অধীনে প্রদত্ত ক্ষমতাবলে **১৩ নভেম্বর ২০২৪ তারিখে** নিম্নোক্ত জামিনদত্ত সম্পত্তির স্বত্ব দখল করেছেন।
ঋণগ্রহীতাকে বিশেষভাবে এবং সাধারণের প্রতি সাধারণভাবে সতর্কিত করা হচ্ছে কোনওভাবেই সংশ্লিষ্ট সম্পত্তির লেনদেন না করতে এবং কোনওরূপ লেনদেন **স্টেট ব্যাঙ্ক অফ ইন্ডিয়া,** নিকট বকেয়া **১০,১৬,৫৯৩ টাকা (দশ লাখ যোলো হাজার পাঁচশ তিরানব্বই টাকা) এবং ০৭.০৬.২০২৪ থেকে পরবর্তী সুদ,** ব্যয় ইত্যাদি সহ।
ঋণগ্রহীতার অবগতির জন্য জানানো হচ্ছে উক্ত আইনের ১৩ ধারার উপধারা (৮) সংস্থান অধীনে নির্ধারিত সময়ের মধ্যে বকেয়া আদায় দিয়ে জামিনদত্ত সম্পত্তি উদ্ধার করতে পারেন।

**স্থাবর সম্পত্তির বিবরণ**

**নথিবদ্ধ বুক নং ১, সিডি ভল্যুম নং ১৬০২-২০১৬, পৃষ্ঠা১৮২৭৩৫ থেকে ১৮২৭৭৩, দলিল নং ১৬০২০৬৩১৮ -২০১৬ সালের, জেলা সাব রেজিস্ট্রার অফিস, এডিএসআর-২, দক্ষিণ ২৪ পরগনা, পশ্চিমবঙ্গ**
**স্বত্বাধিকারী : শ্রী উজ্জ্বল কুমার দত্ত এবং শ্রীমতি শ্রাবণী দত্ত।**
সংশ্লিষ্ট সকল অংশ বসবাসের ফ্ল্যাট নং এফ১/বি,দোতলায়, দক্ষিণ দিকে, সুপার বিল্ট আপ এরিয়া ৭৮০ বর্গফুট কমবেশি, মার্বেল মেঝে সমন্বিত,সকলের ব্যবহারের পরিষেবা এরিয়া (২ বেড রুম, ১ কিচেন তথা ডাইনিং, ১ টয়লেট এবং এক ব্যালকনি) নবনির্মিত ভবনে এবং অবিভক্ত সম্পত্তির যথযথ ভাগ অংশ নবনির্মিত ভবন **“নতুন ঠিকানা”** নামে পরিচিত বাস্তু জমি পরিমাণ আনুমানিক ৪ কাঠা ৬ ছটাক ২৫ বর্গফুট হোল্ডিং নং এ২-১১০/নিউ জগতলা রোড, ওয়ার্ড নং ২৮, মহেশতলা পুরসভা অধীন, অবস্থিত মৌজা : জগতলা জেলা কালেক্টরি , তৌজি নং ৬৬, আরএস নং ৫৮, জেএল নং ১৭,আরএস দাগ নং ৪৪৪, আরএস খতিয়ান নং ৫০৯, ৫১১, ৫১৪ এবং ৫১৬ এবং উক্ত হোল্ডিং /প্রেমিসেস এর চৌহদ্দি : **উত্তরে :** লিলি দে এবং অন্যান্যর জমি এবং ভবন এবং ৪ ফুট ৮ ইঞ্চি চওড়া সাধারণ চলার পথ; **দক্ষিণে :** ৮ ফুট ৩ ইঞ্চি চওড়া পুরসভা সড়ক; **পূর্বে :** ১৩ ফুট চওড়া পুরসভা সড়ক; **পশ্চিমে :** রবীন সেন এবং অন্যান্যর জমি এবং ভবন।

তারিখ - ১৩.১১.২০২৪
স্থান - বেহালা, কলকাতা

অনুমোদিত অফিসার,
স্টেট ব্যাঙ্ক অফ ইন্ডিয়া

## SBI এসবিআই হোম লোন সেন্টার, রাজারহাট (১৬৮২২)

বেঞ্চমার্ক, সিটি সেন্টার - ২-এর নিকট, সন্তোষ চেম্বার, ব্লক-এ, ৩য় তল, রাজারহাট, নিউ টাউন, বাইপাস রোড, নোয়াপাড়া, পো - হাতিয়ারা, কলকাতা - ৭০০১৬১ ইমেল : sbi.16822@sbi.co.in

পরিশিষ্ট - ৪ (রুল ৮(১)) দখল বিজ্ঞপ্তি (স্থাবর সম্পত্তির জন্য)

যেহেতু
**স্টেট ব্যাঙ্ক অফ ইন্ডিয়া,** অনুমোদিত অফিসার হিসেবে নিম্নস্বাক্ষরকারী ২০০২ সালের সিকিউরিটাইজেশন অ্যান্ড রিকনস্ট্রাকশন অফ ফিনান্সিয়াল অ্যাসেটস অ্যান্ড এনফোর্সমেন্ট অফ সিকিউরিটি ইন্টারেস্ট আইনের ১৩(১২) ধারা এবং তৎসহ পঠিতব্য ২০০২ সালের সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলসের রুল ৩ সংস্থান অধীনে ০৫.০৯.২০২৪ তারিখে ঋণগ্রহীতাগণ **শ্রী অয়ন পাত্র পিতা শ্রী শিবু চরণ পাত্র এবং শ্রীমতি ফুলু পাত্র স্বামী শ্রী শিবু চরণ পাত্র এবং আরও শ্রী শিবু চরণ পাত্র পিতা শ্রী জয়দেব পাত্র রিতিকা ভিউ, ব্লক - এ, ফ্ল্যাট - ৪০৩, নতুন পাড়া, থানা - নারায়ণপুর, পো - রাজারহাট, কলকাতা - ৭০০১৩৬ এবং ১৫/৩৫ নারকেল ডাঙা উত্তর রোড, কলকাতা - ৭০০০১১** কে নোটিশে উল্লিখিত পরিমাণ **২৭,৮০,৬২১.৫৬ টাকা (সাতাশ লাখ আশি হাজার ছশো একুশ টাকা এবং ছাপান্ন পয়সা) টাকা ০৫.০৯.২০২৪ অনুযায়ী** পরবর্তী সুদ সহ নোটিশ পাওয়ার তারিখ থেকে ৬০ দিনের মধ্যে আদায়দানের জন্য এক দাবি নোটিস ইস্যু করেছেন।
ঋণগ্রহীতা উক্ত বকেয়া পরিমাণ আদায়দানে ব্যর্থ হওয়ায় ঋণগ্রহীতা এবং সাধারণের প্রতি অবগত করা হচ্ছে নিম্নস্বাক্ষরকারী উক্ত আইনের ১৩(৪) ধারা এবং ২০০২ সালের সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলসের রুল ৮ এবং ৯ সংস্থান অধীনে প্রদত্ত ক্ষমতাবলে **১৩ নভেম্বর ২০২৪ তারিখে** নিম্নোক্ত জামিনদত্ত সম্পত্তির স্বত্ব দখল করেছেন।
ঋণগ্রহীতাকে বিশেষভাবে এবং সাধারণের প্রতি সাধারণভাবে সতর্কিত করা হচ্ছে কোনওভাবেই সংশ্লিষ্ট সম্পত্তির লেনদেন না করতে এবং কোনওরূপ লেনদেন **স্টেট ব্যাঙ্ক অফ ইন্ডিয়া,** নিকট বকেয়া **২৭,৮০,৬২১.৫৬ টাকা (সাতাশ লাখ আশি হাজার ছশো একুশ টাকা এবং ছাপান্ন পয়সা) টাকা ০৫.০৯.২০২৪ অনুযায়ী** অধার্য সুদ সংশ্লিষ্ট তারিখ পর্যন্ত এবং পরবর্তী সুদ, ব্যয় এবং তাৎক্ষণিক ব্যয় সহ।
**ঋণগ্রহীতার অবগতির জন্য জানানো হচ্ছে উক্ত আইনের ১৩ ধারার উপধারা (৮) সংস্থান অধীনে নির্ধারিত সময়ের মধ্যে বকেয়া আদায় দিয়ে জামিনদত্ত সম্পত্তি উদ্ধার করতে পারেন।**

**স্বত্ব দলিল দ্বারা বন্ধকদত্ত সম্পত্তির বিবরণ**

সংশ্লিষ্ট সকল অংশ একটি সম্পূর্ণ স্বতন্ত্র এবং সম্পূর্ণ টাইলস মেঝের বসবাসের ফ্ল্যাট নং ৪০৩, পাঁচতলায়, ব্লক -এ,পরিমাণ ১২১১ বর্গফুট, কমবেশি,সুপার বিল্ট আপ এরিয়া , তিন বেড রুম,এক লিভিং তথা ডাইনিং,এক কিচেন, দুই টয়লেট এবং এক ব্যালকনি। অবস্থিত উক্ত বিল্ডিং কমপ্লেক্স “ঋত্বিকা ভিউ” নামে পরিচিত , নতুন পাড়া (গোপালপুর), পো : আর গোপালপুর, থানা : এয়ারপোর্ট, কলকাতা : ৭০০১৩৬, জেলা : উত্তর ২৪ পরগনা, পশ্চিমবঙ্গ, অবস্থিত উক্ত সংযুক্ত প্লট জমি পরিমাণ ১৪ কাঠা ১৩ ছটাক ৭ বর্গফুট কমবেশি অবস্থিত মৌজা : গোপালপুর, জেএল নং ২, আরএস নং ১৪০, তৌজি নং ২৯৯৮, পরগনা : কলিকাতা। থানা : এয়ারপোর্ট, আরএস/এলআর দাগ নং ২৮৫৭, ২৮৫৮ এবং ২৮৫৯, আরএস খতিয়ান নং ১০৮১ এবং ২৪৩৭, এলআর খতিযান নং ২৯৫৫, এলআর খতিয়ান নং ৫৪৭২, ৫৪৭৩, ১১৫৮/২, ১৪০৮/১, ৫৭১৮, এডিএসআরও বিধাননগর, সল্ট লেক সিটি,স্থানীয় রাজারহাট গোপালপুর পুরসভা অধীন, হোল্ডিং নং আরজিএম-৫/১৮৫, বিএল-ডি, আরজিএম-৩/১৩৩,বিএল-ডি,আরজিএম-৫/১০,ব্লক -ডি,আরজিএম-৩/১৮৬, ব্লক -ডি, আরজিএম-৫/২৮, বিএল-ডি, ওয়ার্ড নং ৫,এবং অবিভক্ত জমি সম্পত্তির যথাযথ ভাগ অংশ এবং সুবিধা এবং পরিষেবা ভোগ দখলের অধিকার সমন্বিত বর্তমানে স্থানীয় বিধাননগর পৌর সংস্থার ওয়ার্ড নং ৪ ((নতুন পাড়া (গোপালপুর), অধীন,পো :আর গোপালপুর, কলকাতা : ৭০০১৩৬) জেলা :উত্তর ২৪ পরগনা, পশ্চিমবঙ্গ।
স্বত্ব দলিল নথিভুক্ত বুক নং ১, ভল্যুম নং ১৫০৪-২০১৮, পৃষ্ঠা ৩২০৪ থেকে ৩২৫৯, দলিল নং ১৫০৪০০০৬৭ -২০১৮ সালের।
**সম্পত্তি শ্রী অয়ন পাত্র পিতা শিবু চরণ পাত্র এবং শ্রী শিবু চরণ পাত্র পিতা শ্রী জয়দেব পাত্র এবং শ্রীমতি ফুলু পাত্র স্বামী শ্রী শিবু চরণ পাত্র এর নামে।** সম্পত্তির চৌহদ্দি : **উত্তরে :** আনুমানিক ১৬ ফুট ৯ ইঞ্চি চওড়া সড়ক (নতুন পাড়া (গোপালপুর); **দক্ষিণে :** সাধন ঘোষের ভবন; **পূর্বে :** আইডিয়াল এনক্লেভ; **পশ্চিমে :** আনুমানিক ১৪ ফুট, ১৪-ফুট ৮.৫ ইঞ্চি চওড়া সড়ক।

তারিখ - ১৩.১১.২০২৪
স্থান - রাজারহাট

অনুমোদিত অফিসার,
স্টেট ব্যাঙ্ক অফ ইন্ডিয়া

## সাধারণ বিজ্ঞপ্তি

এতদ্বারা সাধারণের অবগতির জন্য বিজ্ঞাপিত হচ্ছে যে, জিআইসি হাউসিং ফিনান্স লিমিটেড (CIN: L65922MH1989PLC054583) (“জিআইসিএইচএফএল”) এর পক্ষে সংশ্লিষ্ট ঋণগ্রহীতা শ্রী উরজানা নরেশ এবং শ্রীমতি কে প্রিয়া এর নিম্নোক্ত মূল স্বত্ব নথি/গুলি (ঋণগ্রহীতার লোন ফাইল নং ডব্লুবি০০৭০৬১০০০২৫৮৬) এবং নিম্নোক্ত সম্পত্তি সম্পর্কিত অনবধানতাবশত স্থানান্তর/হারিয়ে গিয়েছে।

| ক্রম নং | নথির ধরন | সংশ্লিষ্ট পক্ষগণ | সম্পত্তির বিস্তারিত |
|---|---|---|---|
| ১ | হস্তান্তর দলিল তারিখ ৩০.০৬.২০১৭, রেজিস্ট্রিকৃত অফিস সাব রেজিস্ট্রার, অ্যাসিওরেন্স, হাওড়া, দলিল নং০৫০১০৫৭৯৮-২০১৭ সালের। | হীরা লাল রাম স্বত্বাধিকারী এবং আস্থা কনস্ট্রাকশন ডেভেলপার এবং উরজানা নরেশ এবং কে প্রিয়া -ক্রেতাদের মধ্যে সম্পাদিত। | “আস্থা এনক্লেভ”, ফ্ল্যাট নং ৩০৪, ৪র্থ তল, প্রেমিসেস নং ৫০৯, স্বদেশ রায় ফোর্থ বাই লেন (পূর্বতন ১ সুলতানপুর),আর এস দাগ নং ২৫২ এলআর দাগ নং ৩০৫, আরএস খতিয়ান নং ২৩৮ এবং এলআর খতিয়ান নং ৬২৯/৩, মৌজা : সুলতানপুর, পো : জগাছা,থানা : সাঁতরাগাছি, জেলা : হাওড়া, এইচএমসি ওয়ার্ড নং ৪৬ অধীন। |

কোনও ব্যক্তি উপরোক্ত নথি/গুলি পেয়ে থাকলে এই বিজ্ঞপ্তি প্রকাশের ৭ দিনের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর নিকট ফেরত দিতে অনুরোধ করা হচ্ছে। সংশ্লিষ্ট নথি প্রাপ্তি এবং কোনও বেআইনি ব্যবহার এবং/বা সংশ্লিষ্ট সম্পত্তি সম্পর্কে কোনও দাবি আইন মোতাবেক কঠোরভাবে ব্যবস্থিত হবে; এবং জিআইসিএইচএফএল সংশ্লিষ্ট বেআইনি ব্যবহার এবং নথি হেফাজতে রাখার বিষয়ে কোনও দায় গ্রহণ করবে না।

(শ্রী দীপক কুমার)
অ্যাডভোকেট
যোগাযোগ : ৯৮৭৫৪৫৪৩৪৫
ইমেল : kumaradvocate21@gmail.com

১৫ নভেম্বর ২০২৪
কলকাতা

## SBI স্টেট ব্যাঙ্ক অফ ইন্ডিয়া, চন্দননগর এসএমই শাখা

কোড নং ৬৩৮০৪, বড়বাজার, চন্দননগর
হুগলি, পিন - ৭১২১৩৬, ই-মেল - sbi63804@sbi.co.in

দখল নোটিশ (স্থাবর সম্পত্তির জন্য) পরিশিষ্ট - ৪ [ রুল -৮(১)]

A/c No. 38971087420(CC), 40423822503(CC Allocated) এবং 39398865893(GECL)

যেহেতু
নিম্নস্বাক্ষরকারী **স্টেট ব্যাঙ্ক অব ইন্ডিয়া** অনুমোদিত অফিসার হিসেবে ২০০২ সালের (২০০২ এর ৫৪) সিকিউরিটাইজেশন অব ফিনান্সিয়াল অ্যাসেটস অ্যান্ড এনফোর্সমেন্ট অব সিকিউরিটি ইন্টারেস্ট আইনের ১৩(১২) ধারা এবং ২০০২ সালের সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলসের রুল ৩ সংস্থান অধীনে **১০.০৯.২০২৪** তারিখে **ঋণগ্রহীতা : মেসার্স আর এস ট্রেডার্স, স্বত্বাধিকারী : গোপাল চন্দ্র রায়** গ্রাম আলিখোজা রেল গেট মগরা, পো. এবং থানা - মগরা, জেলা - হুগলি, পিন - ৭১২১৪৮, **জামিনদাতা - শ্রীমতি রীতা রায়,** স্বামী গোপাল চন্দ্র রায় লিচুতলা কলোনি নং ৩, ওয়ার্ড নং ১৩, পো. এবং থানা - চন্দননগর, জেলা - হুগলি, পিন - ৭১২১৩৬ কে নোটিশে উল্লিখিত পরিমাণ **৬৭,২৭,১০৯.০০ টাকা (সাতষট্টি লাখ সাতাশ হাজার একশ নয় টাকা) ১০.০৯.২০২৪ অনুযায়ী** পরবর্তী সুদ, তাৎক্ষণিক ব্যয়, মূল্য, চার্জ ইত্যাদি সহ নোটিশ পাওয়ার তারিখ থেকে ৬০ দিনের মধ্যে আদায়দানের জন্য দাবি নোটিশ ইস্যু করেছেন।
ঋণগ্রহীতা এবং/বা জামিনদাতা বকেয়া পরিশোধে ব্যর্থ হওয়ায় ঋণগ্রহীতা এবং সাধারণের প্রতি বিজ্ঞাপিত হচ্ছে উক্ত আইনের ১৩ ধারার উপধারা (৪) এবং ২০০২ সালের সিকিউরিটি ইন্টারেস্ট এনফোর্সমেন্ট রুলসের রুল ৮ সংস্থান অধীনে প্রদত্ত ক্ষমতাবলে নিম্নে উল্লিখিত জামিনদত্ত সম্পত্তি নিম্নস্বাক্ষরকারী কর্তৃক **১৩ নভেম্বর** ২০২৪ তারিখে স্বত্ব দখলীকৃত হয়েছে।
ঋণগ্রহীতাকে বিশেষভাবে এবং সাধারণের প্রতি সাধারণভাবে সতর্কিত করা হচ্ছে সংশ্লিষ্ট জামিনদত্ত সম্পত্তির কোনরূপ লেনদেন না করতে এবং কোনওরূপ লেনদেন স্টেট ব্যাঙ্ক অব ইন্ডিয়া, এসএমই চন্দননগর শাখার নিকট বকেয়া **৬৭,২৭,১০৯.০০ টাকা (সাতষট্টি লাখ সাতাশ হাজার একশ নয় টাকা) ১০.০৯.২০২৪ অনুযায়ী** পরবর্তী সুদ সহ আদায়দান সাপেক্ষ।
ঋণগ্রহীতা এবং/বা জামিনদাতার অবগতির জন্য জ্ঞাত করা হচ্ছে উক্ত আইনের ১৩ ধারার উপধারা (৮) সংস্থান অধীনে নির্ধারিত সময়ের মধ্যে বকেয়া পরিমাণ আদায় দিয়ে জামিনদত্ত সম্পত্তি উদ্ধার করতে পারেন।

**স্থাবর সম্পত্তির বিবরণ**

**দলিল নং ১-২৯৮৩**
সংশ্লিষ্ট সকল অংশ জমির এরিয়া পরিমাণ ৯.৫ ডেসিমেল এলআর প্লট নং ৭০৩, এলআর খতিয়ান নং ১০২৭( রীতা রায় এর নামে নথিভুক্ত),অবস্থিত মৌজা : আলিখোজা, জেএল নং ৪৩, মগরা গ্রাম পঞ্চায়েত ২ অধীন,থানা : মগরা, জেলা : হুগলি, পিন : ৭১২১৪৮, পশ্চিমবঙ্গ। **চৌহদ্দি :** উত্তরে : শ্রীগুরু নার্সারি,দক্ষিণে : বলবন্ত সিং এর সম্পত্তি, পূর্বে : জি টি রোড, পশ্চিমে : পুরানো বোন মিল।

**দ্রষ্টব্য** - ঋণগ্রহীতা/জামিনদাতাকে ইতিমধ্যেই স্পিড পোস্টে দখল নোটিশ পাঠানো হয়েছে। ঋণগ্রহীতা/জামিনদাতা কোনও কারণে নোটিশ না পেয়ে থাকলে সংশ্লিষ্ট এই নোটিশকে বিকল্প নোটিশ হিসেবে গণ্য করতে হবে।

তারিখ - ১৩.১১.২০২৪
স্থান - চন্দননগর

অনুমোদিত অফিসার
এসএমই চন্দননগর, স্টেট ব্যাঙ্ক অফ ইন্ডিয়া

## পোঁটবা সমবায় কৃষি উন্নয়ন সমিতি লিমিটেড

রেজিঃ ১০৮ এইজ.জি. তাং - ০৬/০৭/১৯৬৩

গ্রাম - পোঁটবা, পোঃ- ভিটাসিন, থানা- পান্ডুয়া, জেলা- হুগলী

**বিশেষ সাধারণ সভার বিজ্ঞপ্তি**

এতদ্বারা পোঁটবা সমবায় কৃষি উন্নয়ন সমিতি লিমিটেড এর সকল সদস্যবৃন্দকে জানানো যাইতেছে যে, রাজ্য সরকার-এর সমবায় দপ্তরের হুগলী রেঞ্জ কর্তৃক ২৫/০৭/২০২৪ তারিখের ৮৩১ আদেশনামা বলে আগামী ইং ০৫/০১/২০২৫ তারিখে ( বাংলা- ২০শে পৌষ, ১৪৩১ সাল) রবিবার সমিতির কার্যালয়ে একটি বিশেষ সাধারণ সভা অনুষ্ঠিত হইবে। ঐ সভায় পরিচালকমন্ডলীর সর্বমোট ৯ জন সদস্য (৬ জন সদস্য, ২ জন মহিলা ও ১ জন তপঃজাতি / উপজাতি সদস্য) নির্বাচন করা হইবে। বেলা ১১টা হইতে দুপুর ২ টা পর্যন্ত ।
উক্ত সভায় যথা সময়ে যোগদানের জন্য সকল সদস্যবৃন্দকে আহ্বান জানানো যাইতেছে ।

পোঁটবা কৃষি উন্নয়ন সমিতি লিমিটেড -এর পক্ষে
স্বাক্ষর-সন্দীপ নিয়োগী (S.O.)
SPECIAL OFFICER

স্থান- পোঁটবা
তারিখ: ১২/১১/২০২৪

সদস্য / সদস্যার নাম :
পিতা / স্বামীর নাম :
সদস্য ক্রমিক নং :
ঠিকানা :

**প্রাপ্তি স্বীকার**

পোঁটবা সমবায় কৃষি উন্নয়ন সমিতি লিমিটেড-এর আগামী ২৫/০১/২০২৪ তারিখের বিশেষ সাধারণ সভার পত্র প্রাপ্তি স্বীকার করিয়া স্বাক্ষর করিলাম ।

## পোঁটবা সমবায় কৃষি উন্নয়ন সমিতি লিমিটেড

নির্বাচন নির্ঘণ্ট (২য় পর্ব)

| নং | বিবরণ | তারিখ | সময় | স্থান |
|---|---|---|---|---|
| ১. | খসরা ভোটার তালিকা প্রকাশ | ১৬/১১/২০২৪ | সকাল ১০ ঘটিকায় | সমিতির কার্যালয় |
| ২. | খসরা ভোটার তালিকার উপর আপত্তি গ্রহণের শেষ তারিখ | ১৮/১১/২০২৪-২৩/১১/২০২৪ | সকাল ১০ টা থেকে বিকাল ৪ টা পর্যন্ত | সমিতির কার্যালয় |
| ৩. | আপত্তির শুনানী গ্রহণ | ২৭/১১/২০২৪ | বেলা ১ টা | সমিতির কার্যালয় |
| ৪. | চূড়ান্ত ভোটার তালিকা প্রকাশ | ০২/১২/২০২৪ | বেলা ১০ টা | সমিতির কার্যালয় |
| ৫. | নমিনেশন বিতরণ | ০৯/১২/২০২৪-১০/১২/২০২৪ | সকাল ১০ টা থেকে বিকাল ৪ টা পর্যন্ত | সমিতির কার্যালয় |
| ৬. | নমিনেশন গ্রহণের শেষ তারিখ | ০৯/১২/২০২৪-১১/১২/২০২৪ | সকাল ১০ টা থেকে বিকাল ৪ টা পর্যন্ত | সমিতির কার্যালয় |
| ৭. | নমিনেশন পরীক্ষা | ১৩/১২/২০২৪ | বেলা ১ ঘটিকা হইতে | সমিতির কার্যালয় |
| ৮. | বৈধ মনোনয়ন পত্রের তালিকা প্রকাশ | ১৩/১২/২০২৪ | মনোনয়নপত্র পরীক্ষার অব্যবহিত পরে | সমিতির কার্যালয় |
| ৯. | নমিনেশন প্রত্যাহারের শেষ তারিখ | ১৪/১২/২০২৪ | বিকাল ৩ ঘটিকার পূর্বে | সমিতির কার্যালয় |
| ১০. | চূড়ান্ত প্রতিদ্বন্দ্বীদের তালিকা প্রকাশ | ১৪/১২/২০২৪ | বিকাল ৩ ঘটিকার পর | সমিতির কার্যালয় |
| ১১. | ভোটগ্রহণের তারিখ | ০৫/০১/২০২৫ | সকাল ১১ টা থেকে দুপুর ২ টা পর্যন্ত | সমিতির কার্যালয় |
| ১২. | ভোটের ফলাফল প্রকাশ | ০৫/০১/২০২৫ | ভোটপত্র গণনা শেষ হইবার পর | সমিতির কার্যালয় |

ক) বোর্ড সদস্য হবার যোগ্যতা সমবায়আইন ২০০৬ এবং নিয়মাবলী ২০১১ অনুসারে নির্ধারিত হবে।
খ) মনোনয়ন পরীক্ষার সময় প্রার্থীপ্রস্তাবক ও সমর্থক উপস্থিত থাকিতে পারিবেন ।
গ) ভোটদানের সময় সদস্যকে ভারতের নির্বাচন কমিশন দ্বারা স্বীকৃত যে কোণো একটি চিত্র পরিচয়পত্র যেমন ভোটারকার্ড(EPIC), প্যানকার্ড, পাসপোর্ট, ড্রাইভিং লাইসেন্স, ইত্যাদি আনিতে হইবে।
ঘ) নির্বাচনসংক্রান্ত বিশদ বিবরণ সমিতির নোটিশবোর্ডে দেওয়া হইবে ।

তারিখ: ১২/১১/২০২৪

Sd - অমল কুমার দাস,
সমবায় উন্নয়ন আধিকারীক
এ.আর.ও. পোঁটবা সমবায় কৃষি উন্নয়ন সমিতি লিমিটেড

## সম্পাদকীয়

# এই বছরটি উষ্ণতম বছর হিসাবে রেকর্ড গড়তে চলেছে, অতঃপর!

২০১৫ সালের প্যারিস জলবায়ু চুক্তিতে অংশগ্রহণকারী দেশগুলি শিল্পবিপ্লব-পূর্ববর্তী যুগের তুলনায় তাপমাত্রা বৃদ্ধিকে ১.৫ ডিগ্রির নীচে আটকে রাখার ক্ষেত্রে প্রতিশ্রুতিবদ্ধ হয়েছিল। এই চুক্তিতে ১৮৫০-১৯০০ সালকে ভিত্তি হিসাবে ধরা হয়। অথচ গবেষকরা লক্ষ করেছেন, তার আগেও শিল্পায়ন ঘটেছিল। কিন্তু ১৮৫০-১৯০০ সালকে ভিত্তি হিসাবে ধরার মধ্যে সেই বিষয়টি প্রতিফলিত হয়নি। এই প্রথাগত পদ্ধতিতে উষ্ণায়নকে বিচার করার সমস্যা হল, তাপমাত্রা বৃদ্ধির পরিমাণকে খানিক কম মনে হয়। তবে, এই পথেও যে আগামী এক দশকের মধ্যে তাপমাত্রা বৃদ্ধি ১.৫ ডিগ্রির লক্ষ্যমাত্রাকে ছাপিয়ে যাবে, সেই বিষয়ে গবেষকরা নিশ্চিত। বাকু-তে অনুষ্ঠিত সাম্প্রতিক জলবায়ু সম্মেলনের প্রথম দিনে ওয়ার্ল্ড মেটিয়োরোলজিক্যাল অর্গানাইজেশন প্রকাশিত রিপোর্টেও জোর দিয়ে বলা হয়েছে, প্যারিস চুক্তির লক্ষ্যমাত্রা প্রবল বিপদের সম্মুখীন। এটাও জানানো হয়েছে, এই বছরটি উষ্ণতম বছর হিসাবে রেকর্ড গড়তে চলেছে এবং গত এক দশক শেষ হতে চলেছে ইতিহাসে সর্বাধিক উষ্ণ দশক হিসাবে। প্রশ্ন হল, পরিস্থিতি শোধরানোর দায়িত্ব নেবে কে? এবং কবে? বাকু-তে এখন চলছে ২৯তম জলবায়ু সম্মেলন। প্রতি বছরই জলবায়ু সম্মেলন শুরু হয় আশা জাগিয়ে, অথচ শেষ পর্যন্ত অনেক প্রশ্নের উত্তর মেলে না। গত বছরও জীবাশ্ম-জ্বালানির ব্যবহার থেকে সরে আসা-র মতো বিষয়ে অংশগ্রহণকারী দেশগুলি ঐকমত্যে পৌঁছেছিল। সহমত হয়েছিল পুনর্ব্যবহারযোগ্য শক্তি উৎপাদন ক্ষমতাকে তিন গুণ এবং শক্তি কুশলতার হারকে দ্বিগুণ বৃদ্ধি করার কাজ সম্পন্ন করার ক্ষেত্রেও। কিন্তু উন্নয়নশীল দেশগুলোকে অর্থসাহায্যের ক্ষেত্রে কাঙ্ক্ষিত উদ্যোগ দেখা গিয়েছে কি? সর্বোপরি, আমেরিকার মাটিতে এমন এক জন নির্বাচনে জিতে ক্ষমতায় বসেছেন, যিনি উষ্ণায়নের অস্তিত্বকেই আগাগোড়া অস্বীকার করে এসেছেন। বিভিন্ন তথ্যপ্রমাণে স্পষ্ট যে, জলবায়ুর ক্ষেত্রে বিশ্ব এখন চূড়ান্ত পর্যায়ের দিকে দ্রুত ধাবমান। এমন এক পর্যায়, যেখানে এক বার পৌঁছলে ফিরে আসার পথটি প্রায় বন্ধ। সাম্প্রতিক সম্মেলন সেই গতি হ্রাসে কোনও 'কার্যকর' পদক্ষেপ করতে পারে কি না, সেই দিকে চোখ থাকবে বিশ্বের।

## শব্দবাণ-১০২

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| ১ | ■ | ২ | | | | |
| | ■ | | ■ | ■ | ■ | ■ |
| | ■ | ৩ | | ৪ | | ৫ |
| | ■ | | ■ | | ■ | |
| ৬ | | | | | ■ | |
| ■ | ■ | ■ | ■ | | ■ | |
| ৭ | | | | | ■ | |

**শুভজ্যোতি রায়**

**সূত্র—পাশাপাশি:** ২. (আল.) নিতান্ত তুচ্ছ ব্যক্তি ৩. অতি আয়ত ৬. ঢেউয়ের খেলা ৭. বিশৃঙ্খল অবস্থা।

**সূত্র—উপর-নীচ:** ১. অমৃততুল্য মধুর জীবনবৃত্তান্ত ২. পোকামাকড় ৪. (আল.) গুণবতী ও নম্রা নারী ৫. উগ্রমূর্তি।


### সমাধান: শব্দবাণ-১০১

**পাশাপাশি:** ১. নৈবেদ্য ২. খেসারি ৫. আলম্ব ৮. ধুনচি ৯. মোকাম।

**উপর-নীচ:** ১. নৈরাজ্য ৩. রিসালা ৪. ছোলঙ্গ ৬. অসাধু ৭. বিকম।

## জন্মদিন

## আজকের দিন



*বিরসা মুণ্ডা*

১৮৭৫ *বিশিষ্ট আদিবাসী স্বাধীনতা সংগ্রামী বিরসা মুণ্ডার জন্মদিন।*
১৯৪৭ *বিশিষ্ট চলচ্চিত্রাভিনেত্রী বিদ্যা সিনহার জন্মদিন।*
১৯৮৮ *বিশিষ্ট টেনিস খেলোয়াড় সানিয়া মির্জার জন্মদিন।*

## ৫৫তম আইএফএফআই

# সাংস্কৃতিক মেলবন্ধন, কিংবদন্তীদের সম্মাননা এবং আগামীর নির্মাণ

**লেখক: ডিএফএফ-এর প্রাক্তন অতিরিক্ত মহানির্দেশক এবং আইএফএফআই-এর উৎসব অধিকর্তা)**

ভারতের ৫৫তম আন্তর্জাতিক চলচ্চিত্র উৎসব (আইএফএফআই) গোয়ার মনোরম উপকূলে নভেম্বর ২০-২৮, ২০২৪ চলচ্চিত্র উদযাপনের একটি নতুন তরঙ্গ নিয়ে আসতে চায়। এ বছরের উৎসব নিছক চলচ্চিত্রের প্রদর্শন নয়, বিশ্বের বিভিন্ন সাংস্কৃতিক ধারার সম্মিলন, আগামীদিনের কণ্ঠধ্বনির উৎস এবং ভারতের চলচ্চিত্র সংক্রান্ত উত্তরাধিকারের প্রতি সম্মান জ্ঞাপনের অধ্যায় হয়ে ওঠার আশা রাখে। আইএফএফআই, ২০২৪ নিজেকে বিবর্তিত করার প্রশ্নে শুধুমাত্র একটি জোরালো পদক্ষেপ নয়, আন্তর্জাতিক চলচ্চিত্র সমারোহের দৃষ্টিকোণ থেকে এক অনন্য অধ্যায় হয়ে উঠতে চায় যা, ভারতের প্রাণবন্ত সংস্কৃতির উদযাপন এবং বিশ্বের চলচ্চিত্র শিল্প আঙিনার অন্যতম মাইলফলক হয়ে ওঠার প্রতিশ্রুতি ব্যক্ত করে।

এ বছর আইএফএফআই-তে তকান্ট্রি অফ ফোকাসদ হল অস্ট্রেলিয়া। এ বিষয়টি সাংস্কৃতিক এবং বৌদ্ধিক দিক থেকে সম্মিলনের প্রচেষ্টাকেই তুলে ধরে। অস্ট্রেলিয়ার চলচ্চিত্র জগতের সুলুক-সন্ধান খোঁজার সুযোগ পাবেন ভারতীয় দর্শকরা। সেখানে নাট্যধর্মী, অ্যাডভেঞ্চার, কমেডি কিংবা তথ্যচিত্র — সবই থাকছে। অস্ট্রেলিয়ার সিনেমার ভাষা শোনা ও বোঝার অভিজ্ঞতা লাভ করবেন দর্শকরা। আইএফএফআই এদিক থেকে সাংস্কৃতিক বার্তালাপের এক মঞ্চ হয়ে উঠবে। সেজন্যই আইএফএফআই, ২০২৪-এ প্রথাগত চলচ্চিত্র পরিবেশন ছাড়াও, নানান আখ্যান, নানান ধরনের মানুষ এবং বৈচিত্র্যময় সাংস্কৃতিক ধারার মধ্যে মেলবন্ধনের বিশেষ উদ্যোগ নেওয়া হচ্ছে।

আইএফএফআই, ২০২৪-এ নবতম সংযোজন হল 'ভারতীয় কাহিনীচিত্রের সর্বোত্তম নবাগত নির্দেশকদ পুরস্কার। এর মাধ্যমে ভারতীয় চলচ্চিত্র নির্মাতাদের পরবর্তী প্রজন্মকে পাদপ্রদীপের আলোয় নিয়ে আসার চেষ্টা রয়েছে। এই পুরস্কার শুধুমাত্র একটি স্বীকৃতি নয়, নতুন চলচ্চিত্র নির্দেশকের পেশাগত জীবনে গুরুত্বপূর্ণ মাইলফলক। এই উদ্যোগ এ দেশের চলচ্চিত্র আঙিনায় নতুন এক মাত্রা সংযোজন করে। নবীন প্রতিভাকে চিহ্নিত করা এবং প্রতিযোগিতামূলক শিল্পক্ষেত্রে তাকে দৃঢ় ভিত্তির ওপর দাঁড় করানোয় আইএফএফআই দায়বদ্ধ, তা স্পষ্ট হয়ে ওঠে। আন্তর্জাতিক চলচ্চিত্র উৎসবগুলিতে বহু ক্ষেত্রেই পরিচিত ব্যক্তিত্বের ওপর মূলত প্রচারের আলো পড়ে থাকে। কিন্তু আইএফএফআই ভারতীয় চলচ্চিত্র জগতের ভবিষ্যৎকে প্রাধান্য দিয়ে এক সমৃদ্ধ চলচ্চিত্র সংস্কৃতি গড়ে তোলায় আগ্রহী।

দেশের চলচ্চিত্র আঙিনায় কিংবদন্তীদেরও সম্মান জানানো হবে এ বছরের উৎসবে। এঁরা হলেন , রাজ কাপুর, তপন সিনহা, আক্কিনেনি নাগেশ্বর রাও (এএনআর) এবং মহম্মদ রফি। এঁরা ভারতের চলচ্চিত্র ঐতিহ্যকে সমৃদ্ধ করেছেন এবং মুগ্ধ করেছেন একের পর এক প্রজন্মকে। কালোত্তীর্ণ ছবিগুলির পুনরর্পণ এবং নির্বাচিত প্রদর্শনের মাধ্যমে নতুন প্রজন্মের সামনে তাদের শৈল্পিক সম্পদ তুলে ধরছে আইএফএফআই। আন্তর্জাতিক প্রতিনিধিদের সুযোগ করে দিচ্ছে ভারতের সমৃদ্ধ চলচ্চিত্র ইতিহাসের স্বাদ পেতে। এই শ্রদ্ধার্ঘ এ দেশের চলচ্চিত্রের গভীরতা, সাংস্কৃতিক প্রভাব এবং অনপনেয় প্রাসঙ্গিকতার বার্তা দেয়।

আইএফএফআই-এর ফিল্ম বাজারের এবার ১৮ বছর। এই প্রাণবন্ত মঞ্চ চলচ্চিত্র নির্মাতা, লগ্নিকারী, পরিবেশক ও আন্তর্জাতিক কুশীলবদের এক জায়গায় নিয়ে আসে। ভিউইং রুম-এ ২০০-রও বেশি চলচ্চিত্রের সমাহারের মাধ্যমে ফিল্ম বাজারে নানান আখ্যানের সঙ্গে পরিচিত হতে পারেন এঁরা, জন্ম নেয় সহযোগিতার নতুন পরিসর। এই মঞ্চটি অন্য উৎসবের থেকে আইএফএফআই-কে আলাদা করে দেয়। নিছক উৎসবের পরিমণ্ডলের বাইরেও নতুন নতুন প্রকল্পের সূচনা ও রূপায়ণ সম্ভব হয় এভাবে। দেশের এবং বিদেশের চলচ্চিত্র নির্মাতাদের কাছে ফিল্ম বাজার আন্তর্জাতিক আঙিনায় প্রবেশ এবং আগামীদিনের প্রকল্পের রূপায়ণে একটি সহায়ক ব্যবস্থাপনা হয়ে উঠেছে।

আইএফএফআই-এর ভারতীয় প্যানোরামা বিভাগ এক অবিচ্ছেদ্য ও গুরুত্বপূর্ণ অঙ্গ। সেখানে দর্শকরা দেশের সমসাময়িক ও বৈচিত্র্যময় চলচ্চিত্র ধারার সঙ্গে পরিচিত হতে পারেন। চলচ্চিত্র শিল্পের প্রশ্নে উৎকর্ষ মান, বিষয়বস্তুর প্রাসঙ্গিকতা ও গভীরতা এবং সৃজনশীলতার মাপকাঠিতে নির্বাচিত ২৫টি কাহিনীচিত্র এবং ২০টি অ-কাহিনীচিত্র থাকছে এখানে। আখ্যান ও বর্ণনে ভারতের স্বকীয়তা স্পষ্ট হয়ে উঠবে এই সম্ভারের মধ্য দিয়ে। আন্তর্জাতিক প্রতিনিধিরা এর মাধ্যমে ভারতের সমাজ ও সংস্কৃতিগত চালচিত্র সম্পর্কে নির্ভরযোগ্য দিশানির্দেশ পাবেন। আঞ্চলিক আখ্যান এবং পরীক্ষামূলক নানান ছবি এই বিভাগকে সমৃদ্ধ করবে। বস্তুত, আইএফএফআই-এর লক্ষ্য ভারতীয় চলচ্চিত্রের বৈচিত্র্যকে আন্তর্জাতিক আঙিনায় তুলে ধরা এবং তা নিয়ে আলোচনার পরিসর গড়ে তোলা।

আইএফএফআই, ২০২৪-এর এক অনন্য উদ্যোগ হল, 'ক্রিয়েটিভ মাইন্ডস অফ টুমরো (সিমট)'। তথ্য ও সম্প্রচার মন্ত্রক এবং জাতীয় চলচ্চিত্র উন্নয়ন নিগমের এই যৌথ কর্মসূচি নতুন চলচ্চিত্র নির্মাতাদের গড়ে তোলার লক্ষ্যে নিবেদিত। এই মঞ্চে নবীন চলচ্চিত্র নির্মাতারা তাঁদের স্বল্পদৈর্ঘ্যের ছবি, তথ্যচিত্র ও অ্যানিমেশন ফিল্ম দেখানোর পাশাপাশি, পোড়খাওয়া পেশাদারদের সঙ্গে মতবিনিময়ের সুযোগ পাবেন। ফলে, আগামীদিনে সাফল্য অর্জনের প্রশ্নে তাঁদের সুবিধা হবে। এভাবেই শুধুমাত্র একটি সমারোহ নয়, সৃজনশীলতার আঁতুরঘর হিসেবেও নিজেকে তুলে ধরতে চায় আইএফএফআই।

কান ২০২৪-এ আকর্ষণের অন্যতম কেন্দ্র হয়ে উঠেছিল ভারত পর্ব। সেকথা মনে রেখেই এবারেও দেশের বৈচিত্র্যময় সাংস্কৃতিক সম্পদের উদযাপনে প্রয়াসী আইএফএফআই। চলচ্চিত্রায়নের মাধ্যমে ভারতের বহুমাত্রিক পরিচয়কে সবার সামনে তুলে ধরা এখানে লক্ষ্য। শক্তিশালী শিল্প মাধ্যম চলচ্চিত্রের মাধ্যমে ভারতের বৈচিত্র্যময় বার্তার সারমর্ম উপলব্ধি করার সুযোগ পাবেন আন্তর্জাতিক প্রতিনিধিরা।

আইএফএফআই, ২০২৪ এমন একটা সময়ে আয়োজিত হচ্ছে, যখন ভারতীয় চলচ্চিত্রের এক যুগসন্ধিক্ষণ উপস্থিত। শিল্পক্ষেত্রে ভারত নিজেকে দেখতে চায় নেতৃস্থানীয় ভূমিকায়। সেদিক থেকে বিচার করলে এই সমারোহে নতুন প্রতিভার উন্মেষ, সাংস্কৃতিক বিনিময় এবং আন্তর্জাতিক অংশীদারিত্বের যে বিশেষ উদ্যোগ নেওয়া হচ্ছে, তা তাৎপর্যপূর্ণ হয়ে ওঠে।

আন্তর্জাতিক আঙিনায় চলচ্চিত্র নির্মাতাদের কাছে আইএফএফআই, ২০২৪ ভারতের প্রাণবন্ত চলচ্চিত্র জগতের সঙ্গে পরিচিত হওয়ার বড় সুযোগ। প্রবাদপ্রতীম নানান চলচ্চিত্র ব্যক্তিত্বের প্রতি শ্রদ্ধা নিবেদন, তাঁদের কাছে ভারতের সমৃদ্ধ সম্পদকে তুলে ধরবে। আইএফএফআই-এর মাধ্যমে গড়ে তোলা হচ্ছে এমন এক পরিমণ্ডল যা দেশে এবং বিদেশের চলচ্চিত্র শিল্পের বিকাশে বিশেষভাবে সহায়ক।

৫৫তম আইএফএফআই অতীত ও আগামীকে মিলিয়ে দিতে চায়। ভারত পর্ব-এর থেকে নতুন প্রতিভার শনাক্তকরণ , সমস্ত বিষয়টি মানুষে মানুষে সংযোগের প্রশ্নে চলচ্চিত্র শিল্পের প্রাসঙ্গিকতার অনন্য প্রতিফলন। এই উৎসব বিশ্বের সিনেমা জগতে ভারতকে গুরুত্বপূর্ণ এক পক্ষ করে তুলতে চায় এবং দীর্ঘমেয়াদি ভবিষ্যৎ দৃষ্টিকোণ থেকে স্থায়ী প্রভাব রেখে যাওয়ার প্রতিশ্রুতিকে পুনর্ব্যক্ত করে।

# নই 'সবার', কেন 'যে-যার'

**বাবুল চট্টোপাধ্যায়**



বলছি চেনা কথা। আমার আপনার সবার। আমরা বর্তমানে কেউ কারো নেই। কেনো এমন হলো তারই সুলুক সন্ধানে চলুন ঘুরে আসা যাক।

যৌথ পরিবার প্রায় শেষ। এখন প্রায় সবাই নিউক্লিয়ার ফ্যামিলিতে বিলং করছি। মনে করি ওখান থেকেই শুরু হয়ে যায় জীবনের উলোট পূরণ। কারণ কি জানেন একটা যৌথ পরিবার থেকে যা শেখা যায় তা অন্য কোথা থেকেও শেখা যায় না। শেখা যায় আমাদের আচার আচরণ, নীতি, মূল্যবোধ, ব্যবহার, চালচলন আরো কত কি। কেন সেটা হয়? কারণ খুব সিম্পল। বড়ো পরিবার বা যৌথ পরিবারে এক বা একাধিক সিনিয়র বা মোস্ট সিনিয়র থাকে। যারা কিনা বাড়ির অন্যান্য প্রতিনিধিকে খুব সহজে ঠিক, ভুল ধরিয়ে দিতে পারে। আর অধিকাংশই ক্ষেত্রে দেখা গেছে সেই মোস্ট সিনিয়র মানুষটিকে সবাই খুব সম্মান করে। তার কথার উপর কেউ কোনো কথা বলে না। কারণ তার মূল্যবোধ অপেক্ষাকৃত অনেকটাই বেশি। এবং দেখা গেছে তার কথার প্রতিফলনে সাকসেস অনেকটাই বেশি।

আপনার মনে হতেই পারে এখানে আমরা' সবার ' না হয়ে 'যে যার ' হওয়াতে কি সম্পর্ক? সম্পর্ক তো নিশ্চিত আছে। কারণ আপনি যদি যৌথ পরিবারে বড় হন তো নিশ্চিতভাবে আপনার জীবন সুন্দর হবে। আপনার মনে চট করে কখনো নিজের বা আপণ স্বার্থ সিদ্ধির কথা মনে আসবে না। কারন আপনি তো এভাবে বড়ই হন নি। দেখা গেছে আপনি এক টেবিলেই সকলে খাবার খেতে শিখেছেন। সব কথা শেয়ার করতে শিখেছেন। আপনি ভাগ শেখেন নি। আপনি যোগ শিখেছেন। এমন তো দেখা গেছে যে করো খাবার অল্প বা কম পড়লে কেউ না কেউ তার নিজের খাবার থেকে তা দিয়েছেন। তার মানে তো আপনার পরিবার থেকে আপনি যোগ ই শিখলেন। আবার এমন অনেক ক্ষেত্রে দেখা গেছে বাড়ির কোনো মহিলা নিজের খাবার না খেয়ে বাড়ির কর্তাদের খাইয়েছেন। তার মানে তো সেই মহিলাও নিজের থেকে বিয়োগ করেও যোগ করেছেন কাউকে। ত সে আত্মীয় হলেও একই ভাবেই ঘটেছে। সেই গানের কথাটাই এক্ষেত্রে খুব প্রযোজ্য—' আমার ভিতর ও বাহিরে অন্তরে অন্তরে আছো তুমি... হৃদয় জুড়ে।' না শুধু গানের কথা নয়, বাস্তবে দেখাও গেছে তার প্রতিফলন। এটি কম কথা নয়!

যারা ভাবছেন এসব কোনো কাজের কথা নয়, তাদের সঙ্গে আমি একমত হতে পারলাম না। আমি এই কথাটাই বিশ্বাসী যে আমার পরিবেশ যেমন হবে আমি সেই রকম হতে বাধ্য হবো। আমি ভালো হলে আমি আলোই দেখবো। আর আমি যদি খারাপ হই তবে আমার চোখ ভাল থেকে সরবে। অনেক ক্ষেত্রে বংশগত দিক থেকেও পরিবেশ অনেক কিছু বেশি শেখায়। আপনি ভালোর ঘরে নিঃস্বার্থ ভাবে বাঁচবেন নাকি মন্দের রহুগ্রাসে আমি নিজেকে মেলে ধরবেন সেটাই শেখার। আমাদের শিক্ষা, রুচিবোধ আমাদের কি কিছু খারাপ কিছু শেখায়? উত্তরে বলবো না। বরং সব ভালো কিছুই শেখায়। আসলে প্রয়োজন হলো আমাদের ভালোর গতিতে জীবনকে একটু উস্কে দেওয়া। কিন্তু এখন সেটা অত্যন্ত বিরল। কেন বিরল তার উত্তর হলো সেই হারিয়ে হাওয়া যৌথ পরিবার।

যারা বর্তমান যুগের পন্থী তারা আমার কথায় হয়ত একমত হবেন না। কিন্তু তাতে কি এলো গেলো! এটাই নিত্য সত্য যে মিলেমিশে থাকলে সুবিধা বেশি আর তা না থাকলে সুবিধা থেকে অসুবিধা অনেক বেশি। এখন আপনার চয়েজ আপনি কোনটাকে বেছে নেবেন। আপনি বলবেন হাম এক হামারা এক অবস্থায় কাকা জেঠুর মত বড়রা তো রয়েছে বইয়ের পাতায়। তবে! মানলাম সে কথা। কিন্তু স্কুলিং সিস্টেম তো আর উঠে যাইনি। সেখানে তো একসঙ্গে অনেকটা সময় থাকার অভ্যেসটা শিখিয়েছে। কিন্তু আপনি কেনো শেখাচ্ছেন যে- এই যে এই টিফিন টি তোমায় দিলাম এটা কিন্তু তোমারই। করো নয়, চাইলেও দেবে না। ভাবুন একবার — একটা নার্সারির শিশুকে শেখানো হচ্ছে চাইলেও দেবে না। এই শিশু তো আরও বড় হবে তখন এই শিক্ষাকে রপ্ত করে সে কি শিখবে একবারও কি ভেবে দেখেছেন! আমার মনে হয় আর যাই শিখুক 'যোগ 'বা ' সাহায্য' অন্তত শিখবে। তার মানে কি হলো আমরা তাকে বড়ো করলাম নিজের মত করে। সবার সঙ্গে ক্লাসে সে মেলামেশার জীবন পেলো - 'যে যার ' মতো জীবন। আরেকটু বড় হলে। এরপর রয়েছে তার বৃহত্তর জীবন। মানে আগেই স্বার্থ গড়ার পালা। কিন্তু এক ঝড়ে তার সব শেষ কিন্তু তা বোঝে ক'জন! আর এই বোঝে না বলেই খুব তাড়াতাড়ি জীবনও শেষ হয়ে যায়।

করোনা কালে আমরা দেখেছি কে কত কাকে ভালোবাসে। মানে,'যে যার' কথাটা আরো একবার প্রমাণ হয়ে গেলো। মানুষের আসল চেহারাটা বেরিয়ে পড়েছিল। অন্য অনেক প্রফেশনের মত ডাক্তারকেও দেখা গেছে কি ভয়ংকর ভয় পেতে। একমাত্র পুলিশ ও কিছু সেচ্ছাসেবক ছাড়া সমাজে সত্যিকারের হিরো তো আর দেখাই গেলো না। আমাদের মানবিকতা কোথায় গিয়ে যে ঠেকেছিল তা আমরা সকলে টের পেয়েছি। আমরা যে কতটা নিজের নিজের তা করোনা না হলে বুঝতামই না। সে এক এমন সময় ছিল যখন সকলেকে খুব অচেনা ঠেকত। সবাই বাঁচার তালে ছুটছে। সুতরাং তখন এটা বোঝা গিয়েছিল এই সমাজে কেউ কারো নয়। একটা মারণ ব্যাধি আমাদের অনেক কিছু শিখিয়েছে। আজকে আমাদের বড়ো প্রশ্ন এই সমাজে আমাদের কলম ধরতে হচ্ছে কেনো আমরা 'যে যার 'কেনো ' সবার 'নই। এ আমাদের লজ্জা। এ আমাদের মানবিকতার লজ্জা। একটা জাতীয় একটা দেশের লজ্জা। কেনো একটা নিজের শিশুর নামে কিছু করতে গেলে তার মা জ্বলে পুড়ে উঠবেন। কিছু ক্ষেত্রে বাবা ও। কেনো স্বামীকে হসপিটালে ফেলে স্ত্রী তার অহেতুক ঝামেলা এড়াতে বাপের বাড়িতে পালিয়ে যাবেন! আবার কেনো স্ত্রীর অত্যাচারে স্বামী না জানিয়ে অন্য প্রদেশে পালিয়ে যাবেন বা অন্য বিয়ে করে নেবেন! কেনই বা বাপ ছেলেকে দেখে না বা ছেলে বাপকে অবহেলা করে! কেনই বা এত ভিখারী দেখা যায় যাদের কিনা ছেলেমেয়েরা উপযুক্ত বা স্বাস্থ্যকর অবস্থায় থাকলেও! কেনইবা অসুস্থতা কাটিয়ে হাসপাতাল থেকে ছাড়া পেলেও কেউ তাকে নিতে আসবেন না! এমন কত হাই প্রোফাইল জীবন আছে জানেন যেখানে বাপ ছেলে, মা মেয়ের কিম্বা পরম আত্মীয় এর সঙ্গে স্বার্থ ছাড়া কথা হয় না! কত পরিবার আছে জানেন যেখানে একজন ভালো চাকরি পেলে অন্য জন হিংসায় মরে! এরকম হাজার হাজার উধাহরন আছে। আর এই মানুষিকতা কাটিয়ে উঠতে না পারলে আমরা' যে যার ' তো খুব সহজেই হয়ে পড়বো।

আমাদের মানবিক মূল্যবোধ সরে যাচ্ছে। আমরা বর্তমান নিয়ে মেতে আছি। অনেক বেশি পরে মাতছি ক্ষণস্থায়ী সুখ নিয়ে। এমন অনেক ঘরের বউকে আপনি পাবেন যে কিনা আপনার জীবনে বিপুল শান্তি এনে দিয়েছিল। আপনি আনন্দে বেশ কাটাচ্ছিলেন। বেশ কিছুকাল পরে জানলেন যে ওটা তার অভিনয় ছিল! আরও পরে হয়তোবা জানলেন আপনার ঘরের বউ পালিয়েছে। আপনি যা ভাবতেও পারেন নি। সুতরাং আবারও প্রমাণ হলো এডজাস্ট হাওয়া বেশ কঠিন। আপনি বলবেন ঘরের মানুষই আপনাকে দেখছে না তো বাইরের মানুষের কাছে আসা করা তো অনেক দূর। ঠিক কথা। অনেক যন্তনা ও দুঃখে তাই কবি লিখেছেন —

*যাকে তুমি ভালোবাসো সে তো শুধু শরীর, মন মৃত*
*তদন্ত করো না যেন কাছে দূরে সকলে জড়িত।*

সুতরাং ভাবুন একবার! একটা অস্থির সময়ের মধ্যে দিয়ে আমরা চলেছি। কেউ কাউকে আর আন্তরিক ভাবে দেখছে না। একটা বাড়িতে একটা রোজগার করলে আর চলছে না। কারণ এক তো সব কিছুর বাজার মূল্য আকাশছোঁয়া, অন্য দিকে তার মধ্যেও কারো কারো বেড়েছে ফ্যাশন। যা একে অপরকে টেক্কা দিতে বেড়েই চলেছে মাত্রাধিক। আর রোজগার একাধিক মানুষ করাতে সকলের মতবাদও ভিন্ন ভিন্ন হোয়েছে। এ সব কিছুও দায়ীও' যে যার ' মতো হাওয়ার জন্যে।

কিন্তু এভাবে একটা সমাজ,সভ্যতা চলতে পারে না। এটা জাতী, একটা দেশ এই ভাবধারায় বেশিদিন চালানো সম্ভব নয়। আমাদের সময় এসেছে এর থেকে মুক্তি পেতে। আমরা মানুষ হোয়েও মানুষের ছায়ার মত যেন বেঁচে আছি। কোথায় আছি আমরা! আমাদের মূল্যবোধ কোথায় চলে গেছে। আমরা কেউ কাউকে মানছি না। সুতরাং আমাদের মধ্যে পারস্পরিক মূল্যবোধ তৈরি হবে কি করে? তবে আমাদের এর থেকে বের হতে হবেই। নইলে অচিরেই সব শেষ হয়ে যাবে। একটা দেশ অর্থের থেকেও বেশি টেকে পারস্পরিক সহমর্মিতার উপর নির্ভর করে। আমার তো মনে হয় একেবারে ছোট থেকে সব কিছুর মধ্যে একটা ভালো পরিবেশ ও সু শিক্ষা দরকার। তবে চলুন না আর দেরি না করে আমরা জাগ্রত করি একটা ভালো বিবেককে, আর আমার দেশ তার সামগ্রিক পরিস্থিতি ও পরিকাঠামোর দিক আন্তরিকতার সঙ্গে নজর রাখুক। কি এটা কি খুব কঠিন না অসম্ভব কিছু?

***লেখক: বিশিষ্ট সাহিত্যিক ও প্রাবন্ধিক***

# ভুয়ো কোম্পানি খুলে সাইবার প্রতারণার অভিযোগ, গ্রেপ্তার ৭



**নিজস্ব প্রতিবেদন, বনগাঁ:** ভুয়ো কোম্পানি খুলে কোটি কোটি টাকা সাইবার প্রতারণার অভিযোগ, ব্যাংক ম্যানেজার সহ গ্রেপ্তার ৭ প্রতারক। ভুয়ো কোম্পানি বানিয়ে সেই কোম্পানির নামে ব্যাংক অ্যাকাউন্ট খুলে অনলাইন গেমিং ব্যাংক অ্যাকাউন্ট খুলে দেওয়া স্টক মার্কেট সহ একাধিকভাবে সাইবার প্রতারণার অভিযোগ। প্রায় ১০ কোটি টাকা হাতিয়ে নেওয়ার অভিযোগে এক ব্যাংকের ম্যানেজার সহ মোট সাতজন প্রতারককে গ্রেপ্তার করল উত্তর ২৪ পরগনার বাগদা থানার পুলিশ। ২৩টি কোম্পানি খুলে সেই কোম্পানির নামে প্রায় ১০ কোটি টাকা প্রতারণা করেছে বলে প্রাথমিকভাবে পুলিশ জানতে পেরেছে। পুলিশ সূত্রে জানা গিয়েছে, চলতি মাসের ৮ তারিখে বাগদা থানার পুলিশ সিন্দ্রানি এলাকায় হানা দিয়ে সাইবার প্রতারণার অভিযোগে ৬ জনকে গ্রেপ্তার করে। ধৃতদের ৮ দিনের পুলিশি হেপাজত নিয়ে পুলিশ জিজ্ঞাসাবাদ করে অরিন্দম বিশ্বাস নামে বেসরকারি ব্যাংকের এক কমার্শিয়াল রিলেশনশিপ ম্যানেজারকে গ্রেপ্তার করে। বৃহস্পতিবার বনগাঁ পুলিশ জেলার পুলিশ সুপার দীনেশ কুমার সাংবাদিক সম্মেলন করে জানান, ধৃতদের কাছ থেকে একাধিক জমির নথি একাধিক ব্যাংকের পাস বই ১১৬টি এটিএম কার্ড, দামি গাড়ি, ৯০ টা সরকারি বেসরকারি সংস্থার স্ট্যাম্প সহ প্রচুর নথি উদ্ধার হয়েছে। যারা বিভিন্ন জায়গা দেখিয়ে ২৩টি কোম্পানি খুলেছিল ব্যাংক ম্যানেজার অরিন্দমের সহযোগিতা নিয়ে। ওই কোম্পানির নামে ব্যাংক অ্যাকাউন্ট খুলে প্রায় ১০ কোটি টাকা প্রতারণা করেছে। দেশের বিভিন্ন প্রান্তে এখন পর্যন্ত এই অ্যাকাউন্টগুলির নামে ২০৪টি সাইবার প্রতারণার মামলা রয়েছে। বাগদার সিন্দ্রানি এলাকা থেকে এই প্রতারণা চক্র চলত। তিন বছর আগে এই প্রতারণা শুরু হয়েছিল।


শ্রেণীবদ্ধ বিজ্ঞাপনের জন্য যোগাযোগ করুন-মোঃ ৯৮৩১৯১৯৭৯১

## পূর্ব রেলওয়ে

**বিড নং : জিইএম/২০২৪/বি/৫৫৯৯৯৭৮, তারিখ ঃ ১২.১১.২০২৪।** ডেপুটি চিফ মেকানিক্যাল ইঞ্জিনিয়ার (সিএইচজি), পূর্ব রেলওয়ে, কাঁচরাপাড়া, উত্তর ২৪ পরগণা, পো. - কাঁচরাপাড়া, পিন-৭৪৩১৪৫ (প.ব) নিম্নলিখিত কাজের জন্য ওপেন জিইএম সার্ভিস টেন্ডার আহ্বান করছেন। **বিবরণ :** ১ বছর মেয়াদের জন্য সার্ভিস কন্ট্র্যাক্টের মাধ্যমে যখন যেমন প্রয়োজন ভিত্তিতে পূর্ব রেলওয়ে/অন্যান্য রেলওয়ের অন্যান্য ডিভিসন/ওয়ার্কশপ থেকে রেলওয়ে সামগ্রী পরিবহণের জন্য একটি ৯ টন ক্ষমতার ওপেন বডি ট্রাস ভাড়া করা। **টেন্ডারের অনুমিত মূল্য :** ৩০,৩২,৯১০ টাকা। **ইএমডি:** বিড অনুমিত মূল্যের ২% অর্থাৎ ৬০,৬৬০ টাকা। **ই-পিবিজি :** পিও মূল্যের ৫%। **কাজ শেষের মেয়াদ :** ১ বছর। **খোলার তারিখ ও সময় :** ২৭.১১.২০২৪ সন্ধ্যা ৬.৩০ মিনিট। জিইএম সার্ভিস বিড নথিপত্র জিইএম সাইট (গভর্নমেন্ট ই-মার্কেটপ্লেস) অর্থাৎ জিইএম পোর্টাল **https://gem.gov.in**-এ পাওয়া যাবে এবং জিইএম পোর্টাল অর্থাৎ **https://gem.gov.in**-এ অনলাইনে দর দিতে হবে।

(MISC-233/2024-25)

আমাদের অনুসরণ করুন: @EasternRailway @easternrailwayheadquarter

## NOTICE INVITING e-TENDER

The Prodhan, Abujhati-II Gram Panchayat has invited e-Tender against Tender Reference No. :- AGP-II/e-Tender- 10/2024-25, Date : 14.11.2024 & Tender Reference No.:- AGP-II/e-Tender- 11/2024-25, Date : 14.11.2024 & Tender Reference No.:- AGP-II/e-Tender- 12/2024-25, Date : 14.11.2024 in this Gram Panchayat. Bid submission end date and time 26.11.2024 up to 05.00 P.M. Bid Opening Date (Technical) – 29.11.2024 at 10.30 A.M. Details of Tender Notice may be seen at **www.wbtenders.gov.in**

**Sd/-**
**Prodhan**
**Abujhati-II Gram Panchayet**
**Vill. & P.O.- Kulingram, P.S.- Jamalpur, Dist.- Purba Bardhaman**

## BOLPUR MUNICIPALITY

**Bolpur, Birbhum**

**WBMAD/ULB/ Bolpur/ AMRUT 2.0 /e-NIQ-08 (2nd Call)/2023-24**

**Memo No:- 2523/PWD/BM/2024-25**

**Dated: 14.11.2024**

**Name of the Work:-** 4 Nos. work (Sl. 1, 2, 3, 4 ) House service water Connection with saddle for Water Supply Scheme at Zone-I, III, IV & V under AMRUT 2.0 within Bolpur Municipality. Last Date of Submission **14.12.2024**. For details see Bolpur Municipality Notice Board & Website:- **www.bolpurmunicipality.org, www.wbtenders.gov.in**

**Sd/-**
**Chairman**
**Bolpur Municipality**

## পূর্ব রেলওয়ে

**টেন্ডার বিজ্ঞপ্তি নং : ইএনজিজি-০৫/২৪-২৫ (ওপেন), তারিখ ১২.১১.২০২৪।** চিফ ওয়ার্কস ম্যানেজার, পূর্ব রেলওয়ে, কাঁচরাপাড়া ওয়ার্কশপ, উত্তর ২৪ পরগণা, পো. - কাঁচরাপাড়া, পিন-৭৪৩১৪৫ (প.ব). নিম্নলিখিত কাজ সম্পাদনের জন্য বিশেষত রেলওয়ে/ সিপিডব্লুডি/পিডব্লুডি/ এমইএস/সেচ বা অন্য কোনও সরকার অধিগৃহীত সংস্থায় পূর্বে সমপ্রকৃতির কাজ সম্পাদনে যথেষ্ট অভিজ্ঞতা এবং আর্থিক সঙ্গতি আছে এরূপ নামী কন্ট্রাক্টরদের থেকে **www.ireps.gov.in** ওয়েবসাইটের মাধ্যমে ই-টেন্ডার আহ্বান করছেন। **ক্র.নং ১, টেন্ডার নং : ডব্লুটি-১৩-২৪-২৫। কাজের বিবরণ :** কেপিএডব্লু-তে - রোলিং স্টকের জন্য স্টেবলিং লাইন চালু ও সংস্কার করা। **টেন্ডার মূল্য :** ১,২৭,৪৬,৫৬৬.৭৮ টাকা। **বায়নামূল্য:** ২,১৩,৭০০ টাকা। **ক্র.নং ২, টেন্ডার নং : ডব্লুটি-১৪-২৪-২৫। কাজের বিবরণ :** কেপিএডব্লু-তে - ইএমইউ, মেমু, ডেমু, টি-কার, এনএসি, আইসিএফ কোচ রং করার জন্য পরিকাঠামোর উন্নয়ন। **টেন্ডার মূল্য :** ৪,২৩,৮৪,৪৭৪.১০ টাকা। **বায়নামূল্য:** ৩,৬১,৯০০ টাকা। **টেন্ডার নথির মূল্য :** শূন্য প্রতিটির জন্য। **এলওএ জারির তারিখ থেকে কাজ শেষের মেয়াদ :** ১২ মাস (ক্র.নং ১-এর জন্য) ও ১৫ মাস (ক্র.নং ২-এর জন্য)। **টেন্ডার খোলার তারিখ ও সময়:** ০৬.১২.২০২৪ তারিখ দুপুর ২.৩০ মিনিট। কাজের পরিধি সঙ্কেতমাত্র। যদিও, বিস্তারিত বিবরণ ইন্ডিয়ান রেলওয়ে ই-টেন্ডারিং সাইট (আইআরইপিএস) অর্থাৎ **https://www.ireps.gov.in**-তে দেখা যাবে। **প্রস্তাব জমার সময়সীমা :** টেন্ডার খোলার ১৫ দিন আগে থেকে। টেন্ডার ০৬.১০.২০২৩ তারিখ দুপুর ২টোয় বন্ধ হবে এবং ওই দিনই টেন্ডার খোলার ব্যক্তি ও নেট উপলব্ধতা অনুসারে দুপুর ২.৩০ মিনিটের পরে যে কোনও সময়ে খোলা হবে। (MISC-232/2024-25)

ওয়েবসাইট : **www.er.indianrailways.gov.in / www.ireps.gov.in**-এ টেন্ডার বিজ্ঞপ্তি পাওয়া যাবে

আমাদের অনুসরণ করুন: @EasternRailway @easternrailwayheadquarter

## NABADWIP MUNICIPALITY
## SHORT EOI NOTICE

e-EOI are invited by the Chairman Nabadwip Municipality.
**EOI No: REV/NM/EOI-3e/2024-25. ID: 2024_MAD_769498_1.**
**EOI No: REV/NM/EOI-2e/2024-25. ID: 2024_MAD_769238_1.**
Last Date of receiving EOI On **28 Nov -2024 06:00 PM.** N.B. Any other information may be had on enquiry from office of Chairman Nabadwip Municipality in working day and gov website **http://wbtenders.gov.in** this advertisement is also given **http://nabadwipmunicipality.in**

**Sd/- Chairman**
**Nabadwip Municipality**

## BIRNAGAR MUNICIPALITY
**Tender Notice**

| Sl. No. | Name of work | NIT No./(Tender ID) | Date of Publishing | Bid submission closing date online |
|---|---|---|---|---|
| 1. | Estimating and costing for Electro- Mechanical work for newly constructed Deep Tube well at Station Para at Ward No.3 under Birnagar Municipality. Group-A | WBMAD/BM/5e/2024-25 Memo No.: 474/PWD, Dated: 13-11-2024, (2024_ MAD_769060_1) | 13-11-2024 at 6.00 pm | 29-11-2024 upto 06.00 pm |
| 2. | Estimating and costing for Electro- Mechanical work for newly constructed Deep Tube well at Ward No.7 under Birnagar Municipality. Group-B | WBMAD/BM/5e/2024-25 Memo No.: 474/PWD, Dated: 13-11-2024, (2024_ MAD_769060_2) | | |
| 3. | Connection of pipe line between new deep tubewell and existing pipe line for Station Para Deep Tube well of Ward No. 03 under Birnagar Municipality. Group-A | WBMAD/BM/6NIeQ/2024-25 Memo No.: 476/PWD, Dated: 13-11-2024, (2024_MAD_769207_1) | 13-11-2024 at 6.00 pm | 22-11-2024 upto 6.00 pm |
| 4. | Connection of pipe line between new deep tubewell and existing pipe line for Bakultala Deep Tube well of Ward No. 07 under Birnagar Municipality. Group-B | WBMAD/BM/6NIeQ/2024-25 Memo No.: 476/PWD, Dated: 13-11-2024, (2024_MAD_769207_2) | | |

For details please visit www.wbtenders.gov.in & www.birnagarmunicipality.org

**Partha Kumar Chatterjee**
**Chairman**
**Birnagar Municipality**

শ্রেণীবদ্ধ বিজ্ঞাপনের জন্য যোগাযোগ করুন- মোবাইল ৯৩৩১০৫৯০৬০/ ৯০০৭২৯৯৩৫৩/ ৯৮৭৪০ ৯২২২০

## সংশোধনী

গত ১৪.১১.২০২৪ -এ প্রকাশিত এনপিআর ফিনান্স লিমিটেড -এর অনিরীক্ষিত আর্থিক ফলাফলের চতুর্থ ও পঞ্চম কলামের শিরোনামে নয় মাস সমাপ্ত -এর পরিবর্তে "ছয় মাস সমাপ্ত" পড়তে হবে। ভুল প্রকাশের জন্য দুঃখিত।

## Durgapur Abhoynagar-II Gram Panchayat
**Belanagar, Abhoynagar, Nischinda, Howrah - 711205**

**Notice Inviting e-Tender**

E-Tender is invited from the experienced and resourceful bidders for execution of 2 nos. development work(s) under **LWM, SBM(G)** Fund vide **e-Tender No. - WB/HOW/BJPS/DAII GP/NIT-10/2024-25, Dated: 14.11.2024.** Bid submission end date: **22/11/2024 at 06.00 PM.** Technical Bid opening date: **25/11/2024 at 11.00 AM.** Details are available in **https://wbtenders.gov.in** & **https://etender.wb.nic.in** and Office Notice Board.

**Sd/-**
**Prodhan**
**Durgapur Abhoynagar-II Gram Panchayat**

## এজিও পেপার অ্যান্ড ইন্ডাস্ট্রিজ লিমিটেড

AGIO PAPER

**CIN No.: L21090WB1984PLC037968**

**রেজিস্টার্ড অফিস:** ৫০৫, ডায়মন্ড প্রেস্টিজ, ৪১এ, এ.জে.সি. বোস রোড, কলকাতা-৭০০০১৭
**ওয়েবসাইট:** www.agiopaper.co.in, **মেল আইডি:** ho@agiopaper.co.in

**৩০ সেপ্টেম্বর, ২০২৪ তারিখে সমাপ্ত ত্রৈমাসিক এবং অর্ধ বর্ষের অনিরীক্ষিত আর্থিক ফলাফলের বিবরণ**

(ইপিএস ব্যতীত লক্ষ টাকায়)

| বিবরণ | ৩০.০৯.২০২৪ তারিখে সমাপ্ত ত্রৈমাসিকের জন্য (অনিরীক্ষিত) | ৩০.০৯.২০২৪ তারিখে সমাপ্ত অর্ধ বর্ষের জন্য (অনিরীক্ষিত) | ৩০.০৯.২০২৩ তারিখে সমাপ্ত ত্রৈমাসিকের জন্য (অনিরীক্ষিত) |
|---|---|---|---|
| মোট রাজস্ব | ০.০২ | ৩১.৮২ | ০.১১ |
| করের পরবর্তী সময়ের জন্য নিট লাভ/(ক্ষতি) | (৩৮.৬৩) | (১০৬.০৫) | (৩৩.০৪) |
| আদায়ীকৃত ইক্যুইটি শেয়ার মূলধন (প্রতিটির ফেসভ্যালু ১০/- টাকা) | ১,৬১২.৭৪ | ১,৬১২.৭৪ | ১,৬১২.৭৪ |
| শেয়ার পিছু আয় (প্রতিটি ১০/- টাকা) (বার্ষিকীকৃত নয়) : | | | |
| মূল ও মিশ্র | (০.২৪) | (০.৬৭) | (০.২০) |

**দ্রষ্টব্য :**
১. উপরোক্তটি হল ত্রৈমাসিক/বার্ষিক সময়ের মাসিক আর্থিক ফলাফলের বিস্তারিত ফরম্যাটের নির্যাস যা ফাইল করা হয়েছে স্টক এক্সচেঞ্জগুলিতে ২০১৫ সালের সেবি (লিস্টিং অ্যান্ড আদার ডিসক্লোজার রিকোয়ারমেন্টস) রেগুলেশনস -এর রেগুলেশন ৩৩ অধীনে। ত্রৈমাসিক আর্থিক ফলাফলের সম্পূর্ণ ফরম্যাট স্টক এক্সচেঞ্জের ওয়েবসাইট (www.bseindia.com) এবং কোম্পানির ওয়েবসাইট (www.agiopaper.com)-এ পাওয়া যাবে।

পর্ষদের পক্ষে
**এজিও পেপার অ্যান্ড ইন্ডাস্ট্রিজ লিঃ-র পক্ষে**
**এম চক্রবর্তী**
**ডিরেক্টর**
**DIN-03106149**

**স্থান: কলকাতা**
**তারিখ: ১৪ নভেম্বর, ২০২৪**

## ASANSOL MUNICIPAL CORPORATION
## NOTICE INVITING E-QUOTATION

N.I.E. Bid. No. 28/WS/AMRUT/AMC/24-25 dt. 14.11.2024 & N.I.E. Q. No. 29/WS/AMRUT/AMC/24-25 dt. 14.11.24 Visit to website www.wbtenders.gov.in For details please contact to Tender Cell, AMC.

**SE,**
**Asansol Municipal Corporation**

## UTTARPARA-KOTRUNG MUNICIPALITY

**e-N.I.T. No.: UKM/PHC/018(e)/2024-25(3rd call), dt. 14.11.2024**

Chairman, Uttarpara-Kotrung Municipality invites e-tender for Supply & commissioning of 01 no. four wheel vehicle. Documents download start date & Bid submission start date: **15.11.2024.** Bid Submission Closing Date: **23.11.2024**

For Details:
**https://www.wbtenders.gov.in**
Sd/- **Chairman,**
**Uttarpara-Kotrung Municipality**

## উমা এক্সপোর্টস লিমিটেড

CIN: L14109WB1988PLC043934

রেজিস্টার্ড অফিস : গঙ্গা যমুনা অ্যাপার্টমেন্ট ২৮/১, শেক্সপীয়র সরণি, ২য় তল, কলকাতা-৭০০০১৭
ওয়েবসাইট: http://www.umaexports.net.in; ইমেল: cs@umaexports.net.in; ফোন নং : ০৩৩ ২২৮১১৩৯৬ / ১৩৯৭

**৩০ সেপ্টেম্বর, ২০২৪ সমাপ্ত ত্রৈমাসিক এবং অর্ধ বর্ষের অনিরীক্ষিত স্ট্যান্ডঅ্যালোন এবং কনসোলিডেটেড আর্থিক ফলাফলের সারাংশ**

(লক্ষ টাকায়)

| ক্র. নং | বিবরণ | স্ট্যান্ডঅ্যালোন ত্রৈমাসিক সমাপ্ত ৩০-০৯-২০২৪ (অনিরীক্ষিত) | ৩০-০৬-২০২৪ (অনিরীক্ষিত) | ৩০-০৯-২০২৩ (অনিরীক্ষিত) | অর্ধ বর্ষ সমাপ্ত ৩০-০৯-২০২৪ (অনিরীক্ষিত) | ৩০-০৯-২০২৩ (অনিরীক্ষিত) | বর্ষ সমাপ্ত ৩১-০৩-২০২৪ (নিরীক্ষিত) | কনসোলিডেটেড ত্রৈমাসিক সমাপ্ত ৩০-০৯-২০২৪ (অনিরীক্ষিত) | ৩০-০৬-২০২৪ (অনিরীক্ষিত) | ৩০-০৯-২০২৩ (অনিরীক্ষিত) | অর্ধ বর্ষ সমাপ্ত ৩০-০৯-২০২৪ (অনিরীক্ষিত) | ৩০-০৯-২০২৩ (অনিরীক্ষিত) | বর্ষ সমাপ্ত ৩১-০৩-২০২৪ (নিরীক্ষিত) |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | কার্যাদি থেকে মোট আয় (নিট) | ৩৭,০০৩.৬৬ | ৩৬,৯৮৬.৪৭ | ২৬,০৮৪.২৬ | ৭৩,৯৯০.১৩ | ৫৬,২৬৮.৯৭ | ১,৩৮,৬০৯.৮৫ | ৩৭,৫৮৯.৯৮ | ৩৯,৪৬৪.৭৩ | ২৮,৫৮৪.০৬ | ৭৭,০৫৪.৭২ | ৬০,৯৫৩.৯১ | ১,৫৩,২৪৩.০৯ |
| ২ | ত্রৈমাসিক / বর্ষের জন্য নিট লাভ/(ক্ষতি) (কর, ব্যতিক্রমী এবং/বা বিশেষ দফা পূর্ব) | ২০.৩৭ | ৬১১.৪২ | ২৮.০৯ | ৬৩১.৭৯ | ১০৪.২১ | ৮৮৯.৪৪ | ১৯.০৬ | ৭৯৭.৮৬ | ৩৩.৬০ | ৮১৬.৯২ | ১১২.৫৫ | ১,৩০০.৯৩ |
| ৩ | কর পূর্ব ত্রৈমাসিক / বর্ষের নিট লাভ/(ক্ষতি) (ব্যতিক্রমী এবং/বা বিশেষ দফা পরবর্তী) | ২০.৩৭ | ৬১১.৪২ | ২৮.০৯ | ৬৩১.৭৯ | ১০৪.২১ | ৮৫২.২২ | ১৯.০৬ | ৭৯৭.৮৬ | ৩৩.৬০ | ৮১৬.৯২ | ১১২.৫৫ | ১,২৬৩.৭১ |
| ৪ | কর পরবর্তী সময়কালের জন্য নিট লাভ/(ক্ষতি) (ব্যতিক্রমী এবং/বা বিশেষ দফা পরবর্তী) | ২০.২৯ | ৪৬১.৪১ | ২৭.৬৪ | ৪৮১.৭০ | ৮২.০৮ | ৬০৬.৬৬ | ১৮.৯৮ | ৬৪৭.৮৫ | ৩৩.১৫ | ৬৬৬.৮৩ | ৯০.৪২ | ১,০১৭.৮০ |
| ৫ | সময়কালের জন্য মোট আনুপুঙ্খিক আয় [(লাভ/ (ক্ষতি) সম্বিত সময়কালের জন্য (কর পরবর্তী) এবং অন্যান্য আনুপুঙ্খিক আয় (করের পরে)] | ২৯.১৫ | ৪৫৫.২২ | ২৪.৬৫ | ৪৮৪.৩৭ | ৭৩.৮৬ | ৬০৭.৭৯ | (৭১.১১) | ৬৫৪.১৭ | ৪৮.৭২ | ৬৪৭.০৫ | ৯৮.০৭ | ১,০২৬.৩৯ |
| ৬ | ইক্যুইটি শেয়ার মূলধন | ৩,৩৮০.৯৮ | ৩,৩৮০.৯৮ | ৩,৩৮০.৯৮ | ৩,৩৮০.৯৮ | ৩,৩৮০.৯৮ | ৩,৩৮০.৯৮ | ৩,৩৮০.৯৮ | ৩,৩৮০.৯৮ | ৩,৩৮০.৯৮ | ৩,৩৮০.৯৮ | ৩,৩৮০.৯৮ | ৩,৩৮০.৯৮ |
| ৭ | পূর্ব বর্ষের নিরীক্ষিত ব্যালান্সসীটে প্রদর্শিতমতো সংরক্ষণ (পুনর্মূল্যায়ণ সংরক্ষণ ব্যতীত) | - | - | - | - | - | | - | - | - | - | - | ১৫,৬১০.৫১ |
| ৮ | শেয়ার প্রতি আয় (১০/- টাকা প্রতিটি) (চলতি এবং অচলতি কাজকর্মের জন্য) - | | | | | | | | | | | | |
| | মৌলিক | ০.০৬ | ১.৩৬ | ০.০৮ | ১.৪২ | ০.২৪ | ১.৭৯ | ০.০৬ | ১.৯২ | ০.১০ | ১.৯৭ | ০.২৭ | ৩.০১ |
| | মিশ্রিত | ০.০৬ | ১.৩৬ | ০.০৮ | ১.৪২ | ০.২৪ | ১.৭৯ | ০.০৬ | ১.৯২ | ০.১০ | ১.৯৭ | ০.২৭ | ৩.০১ |

**দ্রষ্টব্য :**
ক) উপরোক্তটি এসইবিআই (লিস্টিং অ্যান্ড আদার ডিসক্লোজার রিকোয়ারমেন্ট) রেগুলেশন, ২০১৫ এর রেগুলেশন ৩৩ এর অধীনে স্টক এক্সচেঞ্জে দায়ের করা ত্রৈমাসিক আর্থিক ফলাফলের বিশদ বিন্যাসের একটি নির্যাস। ত্রৈমাসিক আর্থিক ফলাফলের সম্পূর্ণ ফর্ম্যাট উপলব্ধ স্টক এক্সচেঞ্জ(গুলি) এবং তালিকাভুক্ত সংস্থার ওয়েবসাইট যথা http://www.umaexports.net.in -তে।
খ) উপরোক্ত আর্থিক ফলাফলগুলি অডিট কমিটি দ্বারা পর্যালোচনা এবং সুপারিশ করা হয়েছিল এবং ১৪ নভেম্বর, ২০২৪ -এ অনুষ্ঠিত তাদের নিজ নিজ সভায় কোম্পানির পরিচালনা পর্ষদ কর্তৃক অনুমোদিত এবং রেকর্ডে নেওয়া হয়েছে।
গ) সেবি (লিস্টিং অ্যান্ড ওবলিগেশন অ্যান্ড ডিসক্লোজার রিকোয়ারমেন্টস)) রেগুলেশনস ২০১৫ -এর রেগুলেশন ৩৩ অধীনে প্রয়োজনীয় সীমিত পর্যালোচনা কোম্পানির অডিটরগণ সম্পন্ন করেছে।

**ডিরেক্টরস বোর্ডের পক্ষে**
**স্বা/-**
**রাকেশ খেমকা**
**(DIN : 00335016)**
**ম্যানেজিং ডিরেক্টর**

**স্থান : কলকাতা**
**তারিখ : ১৪ নভেম্বর, ২০২৪**

## সূর্য ইন্ডাস্ট্রিয়াল ডেভলপমেন্টস লিমিটেড

CIN : L65921WB1980PLC033204
রেজি অফিস : ১৪/১বি, এজরা স্ট্রিট, কলকাতা ৭০০০০১
ইমেল : slj2200@gmail.com, http://suryaindustrialdevelopments.in.net/

**৩০ সেপ্টেম্বর, ২০২৪ তারিখে সমাপ্ত তিন মাসের স্ট্যান্ডালোন অনিরীক্ষিত আর্থিক ফলাফলের প্রতিবেদনের সংক্ষিপ্ত**

(লাখ টাকায়)

| ক্রম নং | বিবরণ | ত্রৈমাসিক সমাপ্ত ৩০ সেপ, ২০২৪ (অনিরীক্ষিত) | ছয় মাস সমাপ্ত ৩০ সেপ, ২০২৪ (অনিরীক্ষিত) | বর্ষ সমাপ্ত ৩১ মার্চ, ২০২৪ (নিরীক্ষিত) |
|---|---|---|---|---|
| ১ | মোট আয় কারবার থেকে (নিট) | ২.৫ | ২.৯১ | ২১.৮০ |
| ২ | নিট লাভ/(ক্ষতি) তিন মাস (কর, ব্যতিক্রমী দফা এবং/বা অতিরিক্ত দফা পূর্ব) | ১.৫৫ | ০.৯২ | ১৬.৯৫ |
| ৩ | নিট লাভ/(ক্ষতি) তিন মাস কর পূর্ব (ব্যতিক্রমী দফা এবং/বা অতিরিক্ত দফা পরবর্তী) | ১.৫৫ | ০.৯২ | ১৬.৯৫ |
| ৪ | নিট লাভ/(ক্ষতি) সংশ্লিষ্ট সময়ের কর পরবর্তী (ব্যতিক্রমী দফা এবং/বা অতিরিক্ত দফা পরবর্তী) | ১.৫৫ | ০.৯২ | ১৬.৮৬ |
| ৫ | মোট সংবদ্ধ আয় সংশ্লিষ্ট সময়ের [লাভ/(ক্ষতি) সংশ্লিষ্ট সময়ের (কর পরবর্তী) এবং অন্যান্য সংবদ্ধ আয় (কর পরবর্তী) সমন্বিত] | ১.৫৫ | ০.৯২ | ১৬.৮৬ |
| ৬ | ইক্যুইটি শেয়ার মূলধন | ২০.০০ | ২০.০০ | ২০.০০ |
| ৭ | শেয়ার পিছু আয় (প্রতিটি ১০ টাকা) | | | |
| | মূল : | ০.৭৮ | ০.৪৬ | ৮.৪৩ |
| | মিশ্র : | ০.৭৮ | ০.৪৬ | ৮.৪৩ |

**দ্রষ্টব্য :**
ক) উক্ত তিন মাসের আর্থিক ফলাফলের বিস্তারিত বয়ানের সংক্ষিপ্ত ২০১৫ সালের সেবি (লিস্টিং অ্যান্ড আদার ডিসক্লোজার রিকোয়ারমেন্টস) রেগুলেশনসের রেগুলেশন ৩৩ অধীনে স্টক এক্সচেঞ্জগুলিতে সংযুক্ত হয়েছে। তিন মাসের আর্থিক ফলাফলের সম্পূর্ণ বয়ান স্টক এক্সচেঞ্জের ওয়েবসাইট এবং তালিকাভুক্ত সংস্থার ওয়েবসাইট http://suryaindustrialdevelopments.in.net/ থেকে পাওয়া যাবে।

ডিরেক্টর বোর্ডের পক্ষে
স্বা/-
সত্য নারায়ণ সুরেকা
ডিরেক্টর
ডিন - ০০৫৬৭১৩৯

তারিখ : ১৪.১১.২০২৪
স্থান : কলকাতা

## তাই ইন্ডাস্ট্রিজ লিমিটেড

**CIN: L01222WB1983PLC059695**
**রেজিঃ অফিস :** অরিহান্ট বিল্ডিং, ৪র্থ তল, ৫৩এ, মির্জা গালিব স্ট্রিট, কলকাতা-৭০০০১৬
**ফোন নং:** (০৩৩) ৪০৪১ ৬৬৬৬, **ফ্যাক্স:** (০৩৩) ২২৪৯ ৭৩১৯
**ইমেল:** info@taiind.com, **ওয়েবসাইট:** www.taiind.com

**৩০ সেপ্টেম্বর, ২০২৪ তারিখে সমাপ্ত ত্রৈমাসিক / অর্ধবর্ষের অনিরীক্ষিত আর্থিক ফলাফলের সারাংশ**

(₹ লাখে)

| ক্র. নং | বিবরণ | ত্রৈমাসিক সমাপ্ত ৩০ সেপ্টেম্বর ২০২৪ | ত্রৈমাসিক সমাপ্ত ৩০ জুন ২০২৪ | ত্রৈমাসিক সমাপ্ত ৩০ সেপ্টেম্বর ২০২৩ | অর্ধ বর্ষ সমাপ্ত ৩০ সেপ্টেম্বর ২০২৪ | অর্ধ বর্ষ সমাপ্ত ৩০ সেপ্টেম্বর ২০২৩ |
|---|---|---|---|---|---|---|
| ১ | কার্যাদি থেকে মোট আয় | ৬,৮৬৭.১০ | ৮,৭৪৭.৬৯ | ২,৯৩২.৫২ | ১৫,৬১৪.৭৯ | ৮,৯৫২.৪৮ |
| ২ | সময়কালের জন্য নিট লাভ/(ক্ষতি)(কর, ব্যতিক্রমী এবং/বা অতিরিক্ত দফার পূর্বে) | ৮৪.০২ | ২৪.৬৩ | ১০০.৬৩ | ১০৮.৬৫ | ১১০.২৯ |
| ৩ | সময়কালের জন্য নিট লাভ/(ক্ষতি) করপূর্ব (ব্যতিক্রমী এবং/বা অতিরিক্ত দফার পরে #) | ৮৪.০২ | ২৪.৬৩ | ১০০.৬৩ | ১০৮.৬৫ | ১১০.২৯ |
| ৪ | সময়কালের জন্য নিট লাভ/(ক্ষতি) কর পরবর্তী (ব্যতিক্রমী এবং/বা অতিরিক্ত দফার পরে #) | ৬১.৬৮ | ১৮.২৩ | ৬৬.৫৮ | ৭৯.৯১ | ৬৭.৭৩ |
| ৫ | সময়কালের জন্যমোট আনুপুঙ্খিক আয় [সময়কালের জন্য লাভ/(ক্ষতি) সমন্বিত (কর পরবর্তী) এবং অন্যান্য আনুপুঙ্খিক আয় (করের পরে)] | ৫১.৩১ | ৪৯.২৭ | ৮৭.৩৫ | ১০০.৫৮ | ১১৬.৩৩ |
| ৬ | আদায়দত্ত ইক্যুইটি শেয়ার মূলধন (₹ ১০/- প্রতিটি) | ৬০০.০০ | ৬০০.০০ | ৬০০.০০ | ৬০০.০০ | ৬০০.০০ |
| ৭ | রিজার্ভ (পুনর্মূল্যায়ন রিজার্ভ বাদে) পূর্ববর্তী বছরের নিরীক্ষিত উদ্বর্তপত্রে যেমন প্রদর্শিত | - | - | - | ২,৩৯৬.২৫ | ২,১৮৭.৪৭ |
| ৮ | শেয়ার প্রতি আয় (₹১০/- প্রতিটি) (চালু থাকা ও ব্যাহত হওয়া কার্যাদির জন্য) - | | | | | |
| | (ক) মৌলিক (₹) | ১.০৩ | ০.৩০ | ১.১১ | ১.৩৩ | ১.১৩ |
| | (খ) মিশ্রিত (₹) | ১.০৩ | ০.৩০ | ১.১১ | ১.৩৩ | ১.১৩ |

**দ্রষ্টব্য ঃ**
ক) উপরোক্তটি বিএসই লিমিটেডে ফাইল করা সেবি (লিস্টিং অবলিগেশন অ্যান্ড ডিসক্লোজার রিকোয়ারমেন্টস) রেগুলেশনস, ২০১৫-এর রেগুলেশন ৩৩ অধীনে ত্রৈমাসিক/অর্ধ বর্ষের আর্থিক ফলাফলের বিশদ ফর্ম্যাটের নির্যাস উপরোক্তটি। ত্রৈমাসিক/অর্ধ বর্ষের আর্থিক ফলাফলের সম্পূর্ণ ফর্ম্যাট স্টক এক্সচেঞ্জের ওয়েবসাইট www.bseindia.com এবং কোম্পানির ওয়েবসাইট www.taiind.com -তেও পাওয়া যাবে।

**তাই ইন্ডাস্ট্রিজ লিমিটেডের পক্ষে**
**রোহন ঘোষ**
**(ম্যানেজিং ডিরেক্টর)**
**(DIN: 00032965)**

**স্থান: কলকাতা**
**তারিখ :১৪ নভেম্বর, ২০২৪**

## সিমপ্লেকস্ ইনফ্রাস্ট্রাকচারস্ লিমিটেড

রেজি. অফিস : "**সিমপ্লেক্স হাউস**", **২৭, শেক্সপিয়র সরিণ, কলকাতা-৭০০ ০১৭**
দূরভাষ : +৯১ ৩৩ ২৩০১-১৬০০, ফ্যাক্স : +৯১ ৩৩ ২২৮৯-১৪৬৮
ই-মেল: simplexkolkata@simplexinfra.com, ওয়েবসাইট: www.simplexinfra.com
CIN No. L45209 WB1924PLC004969

**৩০ সেপ্টেম্বর, ২০২৪ তারিখে সমাপ্ত ত্রৈমাসিক এবং অর্ধ বর্ষের স্ট্যান্ডঅ্যালোন এবং কনসোলিডেটেড অনিরীক্ষিত আর্থিক ফলাফলের বিবরণের সারাংশ**

(₹ লাখে)

| ক্র. নং | বিবরণ | স্ট্যান্ডঅ্যালোন ত্রৈমাসিক সমাপ্ত ৩০ সেপ্টেম্বর, ২০২৪ (অনিরীক্ষিত) | ত্রৈমাসিক সমাপ্ত ৩০ জুন, ২০২৪ (অনিরীক্ষিত) | ত্রৈমাসিক সমাপ্ত ৩০ সেপ্টেম্বর, ২০২৩ (অনিরীক্ষিত) | ছয় মাস সমাপ্ত ৩০ সেপ্টেম্বর, ২০২৪ (অনিরীক্ষিত) | ছয় মাস সমাপ্ত ৩০ সেপ্টেম্বর, ২০২৩ (অনিরীক্ষিত) | বর্ষ সমাপ্ত ৩১ মার্চ, ২০২৪ (নিরীক্ষিত) | কনসোলিডেটেড ত্রৈমাসিক সমাপ্ত ৩০ সেপ্টেম্বর, ২০২৪ (অনিরীক্ষিত) | ত্রৈমাসিক সমাপ্ত ৩০ জুন, ২০২৪ (অনিরীক্ষিত) | ত্রৈমাসিক সমাপ্ত ৩০ সেপ্টেম্বর, ২০২৩ (অনিরীক্ষিত) | ছয় মাস সমাপ্ত ৩০ সেপ্টেম্বর, ২০২৪ (অনিরীক্ষিত) | ছয় মাস সমাপ্ত ৩০ সেপ্টেম্বর, ২০২৩ (অনিরীক্ষিত) | বর্ষ সমাপ্ত ৩১ মার্চ, ২০২৪ (নিরীক্ষিত) |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১. | কার্যাদি থেকে মোট আয় (নিট) | ১৯,৯৬৩ | ২০,৯৬৯ | ২৫,২৬৮ | ৪০,৯৩২ | ৫৬,৮৩২ | ১০২,৮৭৩ | ২৭,১৭০ | ৩০,৫৯৫ | ৩১,৮০১ | ৫৭,৭৬৫ | ৭১,৭৩৭ | ১৪০,৬৪৫ |
| ২. | নিট লাভ/(ক্ষতি) সময়কালের জন্য (কর, ব্যতিক্রমী এবং/বা বিশেষ দফা পূর্ববর্তী) | (১,৪৪৪) | (১,১৬১) | (১,০৮৪) | (২,৬০৫) | (২৪,০৯৯) | (১০,৩৪৬) | (১,৪২৮) | (১,০৪১) | (১,০৯৭) | (২,৪৬৯) | (২৪,০৪৩) | (১০,৩৪০) |
| ৩. | নিট লাভ/(ক্ষতি) কর পূর্ব সময়কালের জন্য (ব্যতিক্রমী এবং/বা বিশেষ দফা পরবর্তী) | (১,৪৪৪) | (১,১৬১) | (১,০৮৪) | (২,৬০৫) | (২৪,০৯৯) | (১০,৩৪৬) | (১,৪২৮) | (১,০৪১) | (১,০৯৭) | (২,৪৬৯) | (২৪,০৪৩) | (১০,৩৪০) |
| ৪. | নিট লাভ/(ক্ষতি) কর পরবর্তী সময়কালের জন্য (ব্যতিক্রমী এবং/বা বিশেষ দফা পরবর্তী) | (১,০৮২) | (১,০৫২) | (৭২৪) | (২,১৩৪) | (১৫,৭৮৮) | (৭,১৮৯) | (১,০৭২) | (৯৫৪) | (৭৩১) | (২,০২৬) | (১৫,৭৪১) | (৭,২২৭) |
| ৫. | মোট ব্যাপক আয় / (ক্ষতি) সময়কালের জন্য | (১,৮৪৪) | (১,৭৩৭) | (২৩৯) | (৩,৫৮১) | (১৫,৪৩৯) | (৬,৮২২) | (১,৮৪১) | (১,৬৮৭) | (২৪৬) | (৩,৫২৮) | (১৫,৪০১) | (৬,৮৭৬) |
| ৬. | পরিশোধিত ইক্যুইটি শেয়ার মূলধন (প্রতিটি শেয়ারের ফেস ভ্যালু ₹২/-) | ১,১৪৭ | ১,১৪৭ | ১,১৪৭ | ১,১৪৭ | ১,১৪৭ | ১,১৪৭ | ১,১৪৭ | ১,১৪৭ | ১,১৪৭ | ১,১৪৭ | ১,১৪৭ | ১,১৪৭ |
| ৭. | মজুত (পুনর্মূল্যায়ন সংরক্ষণ ব্যতীত ) | | | | | | ২০,৬৫৪ | | | | | | ২২,০৪৯ |
| ৮. | শেয়ার প্রতি আয় (ইপিএস) (প্রতিটি ফেস ভ্যালু ₹২/-) (বার্ষিকীকৃত নয়) | | | | | | | | | | | | |
| | ক) মৌলিক (₹) | (১.৮৯)* | (১.৮৪)* | (১.২৭)* | (৩.৭৩)* | (২৭.৬৩)* | (১২.৫৮) | (১.৮৮)* | (১.৭৩)* | (১.২৭)* | (৩.৬১)* | (২৭.৫৭)* | (১২.৬৫) |
| | খ) মিশ্রিত (₹) | (১.৮৯)* | (১.৮৪)* | (১.২৭)* | (৩.৭৩)* | (২৭.৬৩)* | (১২.৫৮) | (১.৮৮)* | (১.৭৩)* | (১.২৭)* | (৩.৬১)* | (২৭.৫৭)* | (১২.৬৫) |

* বার্ষিকীকৃত নয়

**দ্রষ্টব্য :**
ক) উপরোক্তটি সেবি (লিস্টিং ওবলিগেশনস অ্যান্ড ডিসক্লোজার রিকোয়ারমেন্টস) রেগুলেশন, ২০১৫-এর রেগুলেশন ৩৩ এবং ৫২ অধীনে স্টক এক্সচেঞ্জে দাখিল করা সমাপ্ত ত্রৈমাসিক/বার্ষিক আর্থিক ফলাফলের বিস্তারিত ফর্ম্যাটের সারাংশ। সমাপ্ত ত্রৈমাসিক/ছয় মাসের আর্থিক ফলাফলের সম্পূর্ণ ফরম্যাট স্টক এক্সচেঞ্জ(সমূহ)-এর ওয়েবসাইট অর্থাৎ www.bseindia.com, www.nseindia.com, এবং www.cse-india.com -তে এবং কোম্পানির ওয়েবসাইট অর্থাৎ www.simplexinfra.com -তেও পাওয়া যাবে।
খ) সেবি (লিস্টিং ওবলিগেশনস অ্যান্ড ডিসক্লোজার রিকোয়ারমেন্টস) রেগুলেশন, ২০১৫-এর রেগুলেশন ৫২(৪) -তে উল্লেখিত অন্যান্য দফার জন্য প্রাসঙ্গিক তথ্যাদি দেওয়া হয়েছে স্টক এক্সচেঞ্জ(সমূহ)-তে অর্থাৎ বিএসই লিমিটেড, ন্যাশনাল স্টক এক্সচেঞ্জ অফ ইন্ডিয়া লিমিটেড এবং দ্য ক্যালকাটা স্টক এক্সচেঞ্জ লিমিটেড এবং কোম্পানিরত, আর তা অধিগম্য হবে যথাক্রমে www.bseindia.com, www.nseindia.com, www.cse-india.com এবং www.simplexinfra.com -তে।

**সিমপ্লেকস্ ইনফ্রাস্ট্রাকচারস্ লিমিটেড পক্ষে**
এস. দত্ত
**সম্পূর্ণ-সময়ের ডিরেক্টর এবং সি.এফ.ও.**
**DIN - 00062827**

কলকাতা
তারিখ: ১৪ নভেম্বর, ২০২৪

EKDIN, VOL. 18, ISSUE NO. 154, KOLKATA, FRIDAY, 15 NOVEMBER 2024, PAGE 8

# ভারতের আপত্তির পরেও পাকিস্তানেই চ্যাম্পিয়ন্স ট্রফি !

**নিজস্ব প্রতিবেদন:** ১১ নভেম্বর চ্যাম্পিয়ন্স ট্রফির সূচি ঘোষণা হওয়ার কথা ছিল। কিন্তু তা হয়নি। ফলে পাকিস্তানেই চ্যাম্পিয়ন্স ট্রফি হবে কি না তা নিয়ে ধোঁয়াশা এখনও রয়েছে। ভারত স্পষ্ট জানিয়ে দিয়েছে সে দেশে খেলতে যাবে না। এর মধ্যেই চ্যাম্পিয়ন্স ট্রফির একটি প্রোমো প্রকাশ করেছে আইসিসি। সেখানে আয়োজক দেশ হিসাবে পাকিস্তানের নাম লেখা। তবে কি ভারতের আপত্তির পরেও পাকিস্তানেই হতে চলেছে এই প্রতিযোগিতা?




আইসিসি চ্যাম্পিয়ন্স ট্রফির যে প্রোমো প্রকাশ করেছে সেখানে পুরুষ ও মহিলাদের প্রতিযোগিতার কথা বলা হয়েছে। পুরুষদের প্রতিযোগিতায় আটটি দল খেলবে। এক দিনের ম্যাচ হবে। মহিলাদের প্রতিযোগিতায় খেলবে ছ'টি দল। সেই প্রতিযোগিতা হবে টি-টোয়েন্টি ফরম্যাটে। সেখানেই দেখানো হয়েছে ২০২৫ সালের পুরুষদের চ্যাম্পিয়ন্স ট্রফির আয়োজক দেশ পাকিস্তান। তবে কি আইসিসি ঘোষণা করে দিল যে পাকিস্তানেই এই প্রতিযোগিতা হবে? ভারতের আবেদন শুনল না তারা।

তার মধ্যেও একটি সংশয় রয়েছে। কারণ, সেখানে বলা হয়েছে আটটি দেশ খেলবে। ভারত জানিয়ে দিয়েছে পাকিস্তানে তারা যাবে না। সে ক্ষেত্রে পাকিস্তানে প্রতিযোগিতা হলে আটটি দেশ কী ভাবে খেলবে। তাই কেউ কেউ মনে করছেন এই প্রোমো আগে তৈরি করা হয়েছিল। সেটাই প্রকাশ করা হয়েছে। বর্তমান পরিস্থিতি আরও জটিল। তা সমাধানের চেষ্টা করছে ক্রিকেটের সর্বোচ্চ নিয়ামক সংস্থা।

আইসিসি পাকিস্তানকে জানিয়েছে যে ভারত সে দেশে খেলতে যেতে চাইছে না। তার পরেই পাকিস্তান ক্রিকেট বোর্ড পাল্টা চিঠি লিখেছে আইসিসিকে। তাদের দাবি, পাকিস্তানে খেলতে না যাওয়ার কারণ লিখিত আকারে জানাতে হবে ভারতীয় ক্রিকেট বোর্ডকে। পাকিস্তানের সরকারের কাছেও পরামর্শ চেয়েছিল বোর্ড। শাহবাজ শরিফ সরকার স্পষ্ট জানিয়ে দিয়েছে, প্রতিযোগিতা সরানো তো দূর, একটি ম্যাচও পাকিস্তানের বাইরে যেন না হয়।

পাকিস্তান ক্রিকেট বোর্ডের এক আধিকারিক বলেন, তসরকার আমাদের জানিয়ে দিয়েছে যে একটা ম্যাচও পাকিস্তানের বাইরে হবে না। এই সিদ্ধান্তে আমাদের অনড় থাকতে হবে। আইসিসি আমাদের জানিয়েছে যে ভারত খেলতে আসতে চাইছে না। আমরাও কারণ দেখাতে চিঠি লিখেছি। আমরা চ্যাম্পিয়ন্স ট্রফির আয়োজক। এই দেশেই খেলা হবে। একটা খেলাও অন্য দেশে হবে না। ভারতের অবস্থানে ক্ষুব্ধ পাকিস্তান। সে দেশের আরও এক ক্রিকেট কর্তা বলেন, "গত এশিয়া কাপের মতো হাইব্রিড মডেলে প্রতিযোগিতা আয়োজন করব না আমরা। অনেক আগে থেকেই চ্যাম্পিয়ন্স ট্রফির দায়িত্ব আমাদের দেওয়া হয়েছে। আমরাই আয়োজন করব।" এই বিষয়ে আইসিসিকে পাল্টা চাপ দেওয়ার রাস্তা বেছে নিয়েছেন পাক ক্রিকেট কর্তারা। প্রয়োজনে আন্তর্জাতিক ক্রীড়া আদালতে যাওয়ার পথও খোলা রাখছেন তাঁরা। বিসিসিআইয়ের বক্তব্য জানার পর আইসিসি কর্তারা ভারতের ম্যাচগুলির জন্য বিকল্প ব্যবস্থার পরিকল্পনা শুরু করেছেন। সংযুক্ত আরব আমিরশাহিকে প্রস্তুত রাখা হচ্ছে। যদিও এ ব্যাপারে সরকারি ঘোষণা হয়নি। তাঁরা আপাতত যুযুধান দু'দেশের বোর্ড কর্তাদের সঙ্গে নিয়মিত যোগাযোগ রাখছেন। কিন্তু পাকিস্তান সরকার স্পষ্ট জানিয়ে দিয়েছে, এ ক্ষেত্রে হাইব্রিড মডেলে খেলা হবে না। তার মধ্যেই প্রতিযোগিতার প্রোমো প্রকাশ করে দিয়েছে আইসিসি।

# মেয়েদের সিনিয়র টি২০ চ্যালেঞ্জারে বাংলার সাত ক্রিকেটার

**নিজস্ব প্রতিবেদন:** মেয়েদের টি-টোয়েন্টি চ্যালেঞ্জার ট্রফির দল ঘোষণা করল ভারতীয় ক্রিকেট বোর্ড। সেখানে পাঁচটি দল খেলবে। টিম এ, বি, সি, ডি এবং ই নাম দলগুলির। চারটি দলে বাংলার সাত জন ক্রিকেটার সুযোগ পেয়েছেন।



সদ্য মেয়েদের টি২০ ট্রফির ফাইনাল খেলেছে বাংলা। যদিও মুম্বইয়ের বিরুদ্ধে হেরে যায় দল। এ বার বাংলার সাত জন ক্রিকেটার জায়গা করে নিয়েছেন চ্যালেঞ্জার ট্রফিতে। সেখানে টিম এ দলে সুযোগ পেয়েছেন রিচা ঘোষ, মিতা পাল এবং সাইকা ইশাক। টিম বি-র হয়ে খেলবেন তনুশ্রী সরকার। টিম সি-র হয়ে খেলবেন প্রিয়াঙ্কা বালা এবং তিতাস সাধু। টিম ডি-র হয়ে খেলবেন ধারা গুজ্জার।

মেয়েদের টি-টোয়েন্টি চ্যালেঞ্জার ট্রফি শুরু হবে রবিবার থেকে। রাঁচীতে হবে এই প্রতিযোগিতা। প্রথম দিন টিম এ খেলবে টিম বি-র বিরুদ্ধে। সেই ম্যাচ শুরু হবে সকাল ১১টা থেকে। দ্বিতীয় ম্যাচও সেই দিনই। টিম সি এবং টিম ডি একই মাঠে খেলবে বিকেল ৪.৩০ থেকে। মঙ্গলবার প্রথম ম্যাচে মুখোমুখি টিম বি এবং টিম সি। বিকেলে খেলবে টিম ই এবং টিম এ। সব ম্যাচই রাঁচীতে। রবি এবং মঙ্গলবারের পর ২১, ২৩ এবং ২৫ নভেম্বর হবে লিগের বাকি ম্যাচগুলি। ফাইনাল ২৭ নভেম্বর। লিগের প্রথম দুই দল ফাইনালে খেলবে একে অপরের বিরুদ্ধে।

# শামি চার উইকেট পেতেই অস্ট্রেলিয়ায় পাঠানোর ভাবনা শুরু বোর্ডের

**নিজস্ব প্রতিবেদন:** অস্ট্রেলিয়ায় ভারতীয় দলে যোগ দিতে পারেন মহম্মদ শামি। রঞ্জি ট্রফিতে মধ্যপ্রদেশের বিরুদ্ধে চার উইকেট নিতেই শুরু আলোচনা। ভারতীয় ক্রিকেট বোর্ড চাইছে শামিকে অস্ট্রেলিয়া পাঠাতে। সেই সিদ্ধান্ত যদিও নির্ভর করছে দু'জনের উপর।



ইনদওরে বাংলার হয়ে রঞ্জি খেলছেন শামি। সেখানে গিয়েছেন জাতীয় ক্রিকেট অ্যাকাডেমির মেডিক্যাল দলের প্রধান নীতিন পটেল এবং নির্বাচক অজয় রাত্রা। তাঁদের দেওয়া রিপোর্টের উপরেই নির্ভর করবে শামি অস্ট্রেলিয়া যাবেন কি না। নীতিন এবং রাত্রা রিপোর্ট দেবেন প্রধান নির্বাচক অজিত আগরকরকে। তিনি অধিনায়ক রোহিত শর্মা এবং কোচ গৌতম গম্ভীরের সঙ্গে কথা বলে চূড়ান্ত সিদ্ধান্ত নেবেন।

শামি ইনদওরে কতগুলি উইকেট পাচ্ছেন তা যদিও দেখার জন্য বসে নেই নীতিনেরা। বোর্ডের এক কর্তা বললেন, তশামিকে এই ম্যাচ খেলানো হচ্ছে কারণ এর পর রঞ্জি ট্রফির ম্যাচ ২৩ জানুয়ারি। তত দিনে অস্ট্রেলিয়ার বিরুদ্ধে টেস্ট সিরিজ শেষ হয়ে যাবে। তাই শামির ফিটনেস দেখার জন্য এই ম্যাচটাই একমাত্র সুযোগ ছিল। বিভিন্ন স্পেলে শামি ১৯ ওভার বল করেছেন। ৫৭ ওভারের অনেকটাই মাঠে ছিলেন তিনি। দ্বিতীয় ইনিংসে ওকে আবার বল করতে হবে। আশা করা হচ্ছে শামি সেখানে আরও ১৫-১৮ ওভার বল করবে। তবে ওর আসল পরীক্ষা হবে চার দিন খেলার পর। তখন শামি আবার ব্যথা অনুভব করে কি না সেটা দেখা হবে। যদি না করে তা হলে ভারতীয় দলে যোগ দেবে ও।দ

শামির অস্ট্রেলিয়া যাওয়া এখন নির্ভর করছে নীতিনদের উপর। তাঁরা যদি সবুজ সঙ্কেত দেন তবেই আগরকরেরা তাঁকে পাঠানোর কথা ভাববেন। সে ক্ষেত্রে প্রথম টেস্টের আগেই অস্ট্রেলিয়ার বিমান ধরতে পারেন শামি। যদিও পার্থ টেস্টে তাঁর খেলার সম্ভাবনা কম। প্রথম টেস্টের পর প্রাইম মিনিস্টার ইলেভেনের বিরুদ্ধে দু'দিনের অনুশীলন ম্যাচ খেলবে ভারত। সেই ম্যাচে খেলতে পারেন শামি। তার পর দ্বিতীয় টেস্টে অ্যাডিলেডে ভারতীয় জার্সিতে প্রত্যাবর্তন ঘটতে পারে তাঁর।

বুধবারের ১০ ওভারের পর এ দিনও প্রথম দুই ওভারে কোনও উইকেট পাননি শামি। এর পর মধ্যপ্রদেশের অধিনায়ক শুভম শর্মাকে আউট করেন। উইকেটকিপারের হাতে ক্যাচ দেন শুভম। এর পর বোল্ড করে দেন সারাংশ জৈনকে। পরের দিকে দুই টেলএন্ডার কুমার কার্তিকেয় এবং কুলবন্ত খেজরোলিয়াকে পর পর দু'বলে ফিরিয়ে দিয়ে হ্যাটট্রিকের সামনে তিনি। দ্বিতীয় ইনিংসে নিজের প্রথম বলে উইকেট নিলেই হ্যাটট্রিক করে ফেলবেন। ১৯ ওভার শেষে শামি ৫৪ রানে ৪ উইকেট নিয়েছেন।

# বিশ্বকাপ ফাইনালে হ্যাটট্রিক করা এমবাপেকে নিয়ে ফ্রান্স দলে অশান্তি

**নিজস্ব প্রতিবেদন:** ফ্রান্সের হয়ে খেললে তিনি খবরে থাকেন। না খেলায় আরও বেশি করে খবরে চলে এসেছেন কিলিয়ান এমবাপে। তাঁকে নিয়ে ফ্রান্স ফুটবল দলে অশান্তি। তাঁকে বাদ দিয়েছেন কোচ দিদিয়ের দেশঁ। সাংবাদিক বৈঠকে এমবাপেকে নিয়েই একের পর এক প্রশ্নে বিরক্ত হয়ে গেলেন তিনি। তবে সতীর্থেরা দাঁড়িয়েছেন অধিনায়কের পাশেই।

আসন্ন নেশন্ স লিগের ম্যাচে ফ্রান্স দল থেকে এমবাপেকে বাদ দিয়েছেন দেশঁ। ইজরায়েল ম্যাচের আগে তাঁকে বার বার প্রশ্ন করা হচ্ছিল এমবাপেকে নিয়ে। বিরক্ত দেশঁ বলেন, তশুনুন, যা বলেছি তা যথেষ্ট। আপনাদের বাক্ স্বাধীনতা রয়েছে। নিজেদের মতো বুঝে নিয়ে যা খুশি লিখতে পারেন। কাল আমাদের একটা ম্যাচ রয়েছে। দলে ২৩ জন খেলোয়াড় রয়েছে। কিলিয়ান সেখানে নেই। ওকে ওর মতো ছেড়ে দিন।দ

কোচ বিরক্ত হলেও সতীর্থদের পাশে পেয়েছেন ফ্রান্সের অধিনায়ক। ডিফেন্ডার দায়োত উপামেকানো জানিয়েছেন, এমবাপের যে সম্মান প্রাপ্য সেটা তাঁকে দেওয়া হচ্ছে না। উপামেকানোর কথায়, তওকে নিয়ে চিন্তার কোনও কারণ নেই। কিলিয়ান এই ফ্রান্স দলের জন্য কী করেছে সেটা কেউই ভুলে যায়নি। ওর প্রতি আরও একটু সম্মান দেখানো উচিত আমাদের। আশা করি দ্রুত আমরা একসঙ্গে খেলব।দ

উপামেকানোর মতে, ফুটবলারদের মানসিক সমস্যা হওয়া খারাপ কিছু নয়। সবাইকে এই পরিস্থিতির মধ্যে দিয়ে যেতে হয়। তিনি বলেছেন, তএমবাপের পাশে আছি আমরা। ও আমাদের অধিনায়ক। দ্রুত দলে ফিরবে।

# আর্জেন্টিনার ম্যাচে ফতোয়া, মেসির জার্সি পরে ঢোকা যাবে না স্টেডিয়ামে !

**নিজস্ব প্রতিবেদন:** নিজেদের দেশের সমর্থকদের জন্য নির্দেশিকা জারি করেছে প্যারাগুয়ে ফুটবল সংস্থা। বিশ্বকাপের যোগ্যতা অর্জন পর্বের ম্যাচে আর্জেন্টিনার বিরুদ্ধে খেলা প্যারাগুয়ের। সেই ম্যাচে আর্জেন্টিনার জার্সি পরা নিয়ে নিষেধাজ্ঞা জারি হয়েছে। নির্দেশ দেওয়া হয়েছে, প্যারাগুয়ের কোনও সমর্থক মাঠে আর্জেন্টিনার জার্সি পরতে পারবেন না। তার পরেও প্যারাগুয়ের সমর্থকেরা লিয়োনেল মেসির জার্সি পরবেন, এমনটাই বিশ্বাস আর্জেন্টিনার কোচ লিয়েনেল স্কালোনির।




প্যারাগুয়ের কোচ ফের্নান্দো ভিলাসবোয়া দলীয় সমর্থকদের হুঁশিয়ারি দিয়েছেন। তিনি বলেন, তআমাদের সমর্থকেরা অন্য দলের জার্সি পরতে পারবেন না। মেসির সঙ্গে আমাদের কোনও সমস্যা নেই। আমরা সব ফুটবলারকে সম্মান করি। কিন্তু আমাদের মাঠে আমাদের দলের সম্মান সকলের আগে। তাই আমাদের সমর্থকদের শুধু প্যারাগুয়ের জার্সিই পরতে হবে। কেউ এই নিয়ম ভাঙলে ব্যবস্থা নেওয়া হবে।দ

স্কালোনি মনে করেন, মেসির মতো ফুটবলারের সমর্থক বিশ্ব জুড়ে রয়েছেন। তাই সব দেশেই তাঁর জার্সি দেখা যায়। প্যারাগুয়েতেও দেখা যাবে। তিনি বলেন, তপ্যারাগুয়ের সমর্থকেরা নিজেদের দেশের জার্সি পরবেন, সেটাই স্বাভাবিক। কিন্তু মেসির প্রভাব অন্য রকম। মেসির জার্সি পরা মানে এই নয় যে তাঁরা আর্জেন্টিনার সমর্থক। তাঁরা প্যারাগুয়েরই সমর্থক। কিন্তু পাশাপাশি হয়তো মেসিকেও ভালবাসেন।

১৫ নভেম্বর প্যারাগুয়ের বিরুদ্ধে খেলার পর ১৯ নভেম্বর দেশের মাটিতে পেরুর বিরুদ্ধে খেলবে আর্জেন্টিনা। বিশ্বকাপের যোগ্যতা অর্জন পর্বে এখন ২২ পয়েন্ট নিয়ে সকলের শীর্ষে রয়েছেন মেসিরা। দ্বিতীয় স্থানে কলম্বিয়া। আর্জেন্টিনার থেকে ৩ পয়েন্ট পিছিয়ে তারা।

# গাছে উঠে যশস্বীদের গোপন অনুশীলনে নজর সমর্থকদের, চোট ভারতীয় ব্যাটারের

**নিজস্ব প্রতিবেদন:** পার্থে ভারত যেখানে অনুশীলন করছে সেই মাঠের সব দিক কালো কাপড় দিয়ে ঢেকে দেওয়া হয়েছে। তার পরেও লুকিয়ে অনুশীলন করা যাচ্ছে না। বিরাট কোহলিদের অনুশীলন দেখার জন্য গাছের ডালে উঠে পড়ছেন সমর্থকেরা। কালো কাপড়ের উপর দিয়েও উঁকি মারার চেষ্টা করছেন অনেকে।দেশের মাটিতে ভারতীয় দল সাধারণত স্টেডিয়ামের ভিতরে অনুশীলন করে। কিন্তু বিদেশে খেলতে গেলে অনেক সময়ই এমন জায়গায় অনুশীলন করতে হয়, যা রাস্তা থেকে পরিষ্কার দেখা যায়। পারথেও সে রকম জায়গাতেই অনুশীলন করতে হচ্ছে দলকে। সেই কারণেই কালো কাপড় দেওয়া হয়েছে। তার পরেও গোপন রাখা যাচ্ছে না সব কিছু।




সে দিকে অবশ্য তাকানোর সময় নেই ভারতীয় দলের। কঠোর অনুশীলনে ব্যস্ত তারা। প্রতিটি সেশনে ঘাম ঝরাচ্ছেন জুনিয়র থেকে শুরু করে সিনিয়র ক্রিকেটারেরাও। বুধবারের পর বৃহস্পতিবারও নেটে দীর্ঘ ক্ষণ ব্যাট করেন কোহলি। যশপ্রীত বুমরার বল খেলেন তিনি। কিছু কিছু বল মিস্ করে নিজের উপরেই বিরক্ত হচ্ছিলেন কোহলি। মনঃসংযোগ ধরে রাখার চেষ্টা করছিলেন তিনি। কোহলিকে দেখে বোঝা গিয়েছে, এই সিরিজকে কতটা গুরুত্ব দিচ্ছেন তিনি। মূলত ব্যাক অফ লেংথ বল খেলেন তিনি। বেশির ভাগ বল ডিফেন্ড করার চেষ্টা করেন। কঠিন চ্যালেঞ্জ ছিল তাঁর সামনে। কয়েকটি বলে সমস্যায় পড়লেও বেশির ভাগ বলই ব্যাটের মাঝে খেলেন কোহলি। নেটে আগ্রাসী ব্যাট করতে দেখা গিয়েছে যশস্বী জয়সওয়ালকে। শুরুতে বেশ কয়েকটি ভাল শট খেললেও পরে সমস্যায় পড়েছেন ঋষভ পন্থ। একটি বল তাঁর গায়ে লাগে। আর একটি বলের ধাক্কায় তাঁর ব্যাট হাত থেকে ছিটকে বেরিয়ে যায়। রবীন্দ্র জাডেজা, রবিচন্দ্রন অশ্বিনের মতো সিনিয়র ক্রিকেটারেরাও অনুশীলন করেছেন। ব্যাট করার পাশাপাশি ফিল্ডিং অনুশীলন ও ফুটবল খেলতে দেখা যায় কোহলিদের। যত ক্ষণ অনুশীলন চলছিল তত ক্ষণ সেখানে ছিলেন দলের প্রধান কোচ গম্ভীর ও সহকারী কোচ অভিষেক নায়ার। ক্রিকেটারদের কোথায় সমস্যা হচ্ছে তা দেখছিলেন তাঁরা। মাঝে কিছু ক্ষণ কোহলিকে গম্ভীরের সঙ্গে কথা বলতেও দেখা যায়।

সরফরাজ়ের চোট; নেটে ব্যাট করার সময় চোট পেয়েছেন সরফরাজ। কনুইয়ে হাত দিয়ে নেট থেকে বার হতে দেখা যায় তাঁকে। তার পরে আর ব্যাট করেননি সরফরাজ। কার বলে তিনি চোট পেয়েছেন তা জানা যায়নি। তাঁর চোট কতটা গুরুতর, তা-ও জানায়নি ভারতীয় দল।

# রঞ্জিতে জোড়া নজির গোয়ার দুই ব্যাটারের

**নিজস্ব প্রতিবেদন: রঞ্জি ট্রফির ইতিহাসে নতুন নজির তৈরি হল বৃহস্পতিবার। জুটিতে সর্বোচ্চ রান উঠল। গোয়ার দুই ব্যাটার কাশ্যপ বাকলে এবং স্নেহাল কৌতানকর এই নজির গড়েছেন। শুধু তা-ই নয়, দ্রুততম দ্বিশতরান এবং ত্রিশতরানের ক্ষেত্রেও নজির হয়েছে। গোয়া ম্যাচটি জিতেছে এক ইনিংস এবং ৫৫১ রানে জিতেছে।**

**গোয়ার বিরুদ্ধে প্রথম ইনিংসে ৮৪ রানে অল আউট হয়ে যায়। জবাবে দলের ১২১ রানের মাথায় কাশ্যপের সঙ্গে যোগ দেন স্নেহাল। সেখান থেকে আর কোনও উইকেট পড়েনি। দুই ব্যাটার ৬০৬ রান তুলেছেন তৃতীয় উইকেটে। স্নেহাল ৩১৪ এবং কাশ্যপ ৩০০ রান করে অপরাজিত থাকেন। রঞ্জি ট্রফির ইতিহাসে যে কোনও উইকেটে এটিই সর্বোচ্চ রানের জুটি। আগে এই নজির ছিল মহারাষ্ট্রের দুই ব্যাটার স্বপ্নিল সুগালে এবং অঙ্কিত বাওনের। তাঁরা ৫৯৪ রানের জুটি গড়েছিলেন। ২০১৬-১৭ মরসুমে দিল্লির বিরুদ্ধে এই কীর্তি গড়েছিলেন তাঁরা। তার আগে ১৯৪৬-৪৭ সালে বরোদার হয়ে হোলকারের বিরুদ্ধে নজির গড়েছিলেন বিজয় হজারে এবং গুল মহম্মদ (৫৭৭)।**

**আগের ম্যাচে মিজোরামের বিরুদ্ধে ২৫০ রান করেছিলেন স্নেহাল। এ বার ত্রিশতরান করলেন। সেটাও ২০৫ বলে। রঞ্জি ট্রফির ইতিহাসে দ্বিতীয় দ্রুততম দ্বিশতরান এটিই। গত বছর এই অরুণাচলের বিরুদ্ধে হায়দরাবাদের তন্ময় আগরওয়াল ১৪৭ বলে দ্বিশতরান করেছিলেন। সেটিই দ্রুততম। প্রথম শ্রেণির ক্রিকেটে ১৯১ বলে ত্রিশতরান রয়েছে দক্ষিণ আফ্রিকার মার্কো মারাইসের। স্বপ্নিলের ত্রিশতরানের পরেই ইনিংস ডিক্লেয়ার করে দেয় গোয়া। পরে ব্যাট করতে নেমে দ্বিতীয় ইনিংসে ৯২ রানে শেষ হয়ে যায় অরুণাচল।**

Printed and Published by **Krishnanand Singh** on behalf of **Narsingha Broadcasting Pvt. Ltd.** Printed at **LS.Publication, 4, Canal West Road, Kolkata 700015** and Published at **1, Old Court House Corner, 3rd Floor, Room no. 306(S), Tobacco House, Kolkata- 700001 RNI No. WBBEN/2006/17404,** Phone: 033-4001 9663 email# dailyekdin1@gmail.com **Editor: Santosh Kumar Singh**

নরসিংহ ব্রডকাস্টিং প্রাইভেট লিমিটেড-এর পক্ষে কৃষ্ণানন্দ সিং কর্তৃক ১, ওল্ড কোর্ট হাউস কর্ণার, ৪র্থ তল, রুম নম্বর ৩০৬ (এস), টোবাকো হাউস, কলকাতা-৭০০০০১ থেকে প্রকাশিত ও এলএস পাবলিকেশনস প্রাইভেট লিমিটেড, ৪ ক্যানাল ওয়েস্ট রোড, কলকাতা-৭০০০১৫ থেকে মুদ্রিত।
**RNI No. WBBEN/2006/17404,** ফোন-০৩৩-৪০০১ ৯৬৬৩, ইমেল dailyekdin1@gmail.com **সম্পাদক- সন্তোষ কুমার সিং**